A HAND-BOOK

OF

FAMILY TREATMENT.

PARTS I & II

BY

KARTIC CHUNDER CHUCKERBUTTY

রোগশোক নিস্তারিণী।

(অর্থাৎ পরিবারবর্গের চিকিৎসাপদ্ধতি)

প্রথম ও দ্বিতীয়ভাগ।

শ্রীকার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী

প্রণীত।

CALCUTTA

PRINTED AT THE NEW SCHOOL-BOOK PRESS

No 10 Croucke's Lane, St James's Square

Rs.

মূল্য দুই টাকা মাত্র।

A HAND-BOOK

OF

FAMILY TREATMENT.

PARTS I & II

BY

KARTIC CHUNDER CHUCKERBUTTY

রোগশোক নিস্তারিণী।

(অর্থাৎ পরিবারবর্গের চিকিৎসাপদ্ধতি)

প্রথম ও দ্বিতীয়ভাগ।

শ্রীকার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী

প্রণীত।

CALCUTTA

PRINTED AT THE NEW SCHOOL-BOOK PRESS

No 10 Crouche's Lane, St James's Square

DEDICATED

TO

DR. J. NELSON M. D.

CIVIL SURGEON

LUKHIPORE, CACHAR

IN TOKEN OF

HIGH ESTEEM AND DEEP RESPECT

BY

His Humble Servant

THE AUTHOR

PREFACE

Although it is a proved fact that the value of the allopathic mode of treatment has been more generally appreciated by the native public in almost all the districts of Bengal, yet the want of a sufficient number of able and competent practitioners, nay even of common dressers, is much to be regretted It might frequently be seen, that quacks with no knowledge of the science at all, and scarcely with any other materials than quinine, mercury, and jalap take upon themselves the most responsible task of fighting with nature's diseases Investigation into the vast tea-gardens of Cachar, Assam and Sylhet will show that there is in this part of Bengal a much greater number of untutored or self-tutored compounders and dressers passing for doctors than that of really qualified native doctors

How far such quacks succeed in their art it is more easily conceived than described Indeed it is not too much to say that even *dacoits* and high-way-robbers who but spare the lives of their victims might almost be called *saints* when compared with these *bona-fide* murderers in doctors' disguise It is however a painful reality that these self-dubbed doctors would never give up their trade for any other. Under these circumstances it is almost a duty incumbent on all medical men to try to give them some sort of medical education so that they might be more guarded and guided in their mode of treatment But the want of a short compendium or hand-book for the above purpose has been a long-felt desideratum

With the object of removing this difficulty in view, I have been induced to present this little unpretending volume to the public

The object aimed at, in these pages is no less than providing each native family capable of reading with a hand-book of medicine, with the help of which to treat simple cases which do not call for professional medical advice and even cases of importance and difficulty in times when professional advice can not be had It is hoped that qacks might learn much from it if they like and that it might be of great service to all medical men in charge of the above-mentioned tea-gardens How far however, I have succeeded in my object it is left for the profession to judge

In conclusion I have to return my sincere and heart-felt thank to Dr J Nelson Civil Surgeon of Lukhipore in Cachar who had kindly undertaken to revise the manuscript and suggest many valuable changes, giving me his full and free sanction to present it to the public

K C CHUCKERBUTTY

বিজ্ঞাপন।

অধুনা বঙ্গদেশের প্রায় সকল স্থানেই ডাক্তারি চিকিৎসার প্রতি দিন দিন অনুরাগবৃদ্ধি হইতেছে, কিন্তু দুঃখের বিষয় এই যে, সর্ব্বত্র সুচিকিৎসক পাওয়া দূরে থাকুক, শিক্ষিত ড্রেচারও পাওয়া যায় না। অনেক স্থানে দেখিতে পাওয়া যায়, কুইনাইন, জোলাপ, মার্করী, এইরূপ তিন চারিটী ঔষধ জানিয়াই, লোকে ডাক্তারি করিতেছে। শ্রীহট্ট, কাছাড়, আসাম প্রভৃতির চাবাগিচা সকল অনুসন্ধান করিলে, নেটিব ডাক্তারের পরিবর্ত্তে সামান্য ড্রেচার ও কম্পাউণ্ডারের সংখ্যাই অধিক লক্ষিত হইবেক। ইহাদের দ্বারা কি পর্য্যন্ত উপকার হই-তেছে বিজ্ঞগণ তাহা অনায়াসেই বুঝিতে পারিবেন। আমার মতে যে সকল দস্যু প্রাণিহত্যা ব্যতীত পরস্বাপহরণ করিতেছে, তাহারা এই নামধারী চিকিৎসকগণের তুলনায় পুণ্যাত্মা নামে পরিগণিত হইবেক। দুঃখের বিষয় এই যে, তাহারা সহজে এই ব্যবসায় পরি-ত্যাগ করিবেন না। এবং তাহাদের শিক্ষার উপযুক্ত কোন সহজ পুস্তক ও দেখা যায় না। আমি এই সকল অভাব মোচনার্থে রোগ-শোক-নিস্তারিণী নামে এই ক্ষুদ্র পুস্তকখানি মুদ্রিত করিলাম। ভরসা করি, প্রবাসী কি গৃহবাসী প্রত্যেক ভদ্র পরিবার মধ্যে ইহার

এক এক খানি থাকিলে, সুচিকিৎসকের অভাবসময়ে অথবা সামান্য পীড়ায় ইহার অবলম্বনেই, সুচারুরূপে কার্য্য সম্পাদন হইবেক। এবং সামান্য চিকিৎসকেরা ইহাদ্বারা অনেক শিক্ষা করিতে পারিবেন। প্রত্যেক চাবাগিচার ডাক্তারদিগের পক্ষে ইহা অতিশয় উপকারী হইবেক।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত জানাইতেছি যে, এই পুস্তক হস্তাক্ষরে লিখিত হইলে, কাছাড় জিলার অন্তঃপাতী লক্ষ্মীপুরবিভাগস্থ সিবিল সার্জ্জন শ্রীযুক্ত যে, লেনছুার ডাক্তার সাহেব মহোদয় অভিনিবেশ চিত্তে ইহার আদ্যন্ত শ্রবণ করতঃ স্থানে স্থানে পরিবর্ত্তন করিতে উপদেশ দিয়া, সানন্দচিত্তে মুদ্রাঙ্কণ করিতে অনুমতি প্রদান করিয়াছেন।

২২ শে আশ্বিন
১২৭৯ সাল।

শ্রীকার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী।

প্রথম ভাগের সূচীপত্র।

দ্বিতীয় ভাগের সূচী পত্র।

ইয়ুরোপীয় চিকিৎসাশাস্ত্রব্যবসায়ীদিগের নিম্নলিখিত শব্দ জ্ঞান থাকা নিতান্ত আবশ্যক। যথা—

ইংরাজী	বাঙ্গালা।
ডিজিজ	পীড়া
ডিজিজ অভ দি ফংসন	ক্রিয়াবিকার পীড়া
ডিজিজ অভ দি ষ্ট্রকচার	নির্ম্মাণবিকার পীড়া
কজ	কারণ
ইটীয়লজী	কারণ তত্ত্ব

ডায়াগনোসিস	রোগ নির্ণয়
প্রগনোসিস	ভাবিফল নির্ণয়
ডিফিনিসন্	নির্ব্বাচন
নসলজী	বিভাগ তত্ত্ব
সিমটম	লক্ষণ
সাইন্স	চিহ্ন
সিম্পটমেটোলজী	লক্ষণ তত্ত্ব
প্রাইমারীডিজিজ	প্রাথমিক পীড়া
সেকেণ্ডারীডিজিজ	আনুসঙ্গিক পীড়া
প্রিমনিটরী	পৌর্ব্বিক লক্ষণ
ডায়াগনষ্টিক্	নির্ণায়ক লক্ষণ
প্যাথনমনিক	নির্দ্দিষ্ট লক্ষণ
ফিজিকেল সাইন্স	ভৌতিক চিহ্ন
ভাইটেল প্রপার্টী	জীবনী শক্তি
ভাইটেল সিমটম	জীবনী শক্তির লক্ষণ
জাইমোটিকডিজিজ	অন্তরুৎসেক্য পীড়া
স্পারডিক্‌ডিজিজ	আকস্মিক পীড়া
জেনারেল	সার্ব্বাঙ্গিক
লোকেল	স্থানিক
মিটাষ্টেসিস	স্থানপরিবর্ত্তক পীড়া
য্যাকিউটডিজিজ	প্রবল পীড়া
ক্রনিকডিজিজ	পুরাতন পীড়া
সবয্যাকিউট	মধ্যবিধ প্রবল
স্থেনিক	অতিশয় প্রবল
এস্থিনিক	অপ্রবল
কণ্টিনিউড	নির্ব্বিচ্ছেদ
সকিউলী	পরিণাম ফল
ইণ্টার্মিটেণ্ট	সবিরাম
রেমিটেণ্ট	স্বল্প বিরাম
ষ্ট্রকচারেল ডিজিজ	বৈধানিক পীড়া

কংসন্যাল ডিজিজ	ক্রিয়াসম্বন্ধীয় পীড়া
স্পেসিফিক ডিজিজ	বিশেষ পীড়া
ডায়েটিক ডিজিজ	আহ্নিক পীড়া
ডেভেলপ্‌মেণ্ট ডিজিজ	সমুদ্বর্দ্ধনীয় পীড়া
মনর্গানিক ডিজজ	একযন্ত্রিক পীড়া
কনেষ্টিটীউসনেল ডিজিজ	দেহ প্রকৃতিক
ডায়াথেটিকডিজিজ	ধাতব পীড়া
প্যাথলজী	নিদান তত্ত্ব
জেনারেল প্যাথলজী	সাধারণ নিদান তত্ত্ব
স্পেসিয়্যাল প্যাথলজী	বিশেষ নিদান তত্ত্ব
পোষ্টমার্টম এগজামিনেসন	মৃতদেহ পরীক্ষা
মর্ব্বিট এনাটমি	বিকৃত শরীর তত্ত্ব
কমপ্লিকেসন্‌স	প্রকীর্ণতা। মিশ্রিত রোগ।
হাইজিনিকস	স্বাস্থ্য তত্ত্ব
ট্রিটমেণ্ট	চিকিৎসা
থিরাপিউটিক্‌স	ঔষধ ব্যবহার তত্ত্ব
ল্যাসন্যাব ট্রিটমেণ্ট	যৌক্তিক চিকিৎসা
এম্পেরিক্যাল ট্রিটমেণ্ট	দার্শনিক চিকিৎসা
কিউরিটিভট্রিটমেণ্ট	আরোগ্যকর চিকিৎসা
প্যালিয়েটীভ ট্রিটমেণ্ট	ক্লেশ নিবারক চিকিৎসা
প্রিভেণ্টীভট্রিটমেণ্ট	রোগ নিবারণ চিকিৎসা
হাইপারট্রফি	বিবৃদ্ধতা
য্যাট্রফি	হ্রাসতা
সফনিং	কোমলতা
ইণ্ডিউরেসন	কঠিনতা
ডিজেনারেসন্‌	অপকৃষ্টতা
হাইপারিমিয়া	রক্তাধিক্য
ত্রম্বস	সমবরোধিক
ত্রম্বোলাই	অনুসবরোমধিক

গৃহস্থ ব্যক্তির যে সকল ঔষধ বাটীতে রাখা নিতান্ত আবশ্যক, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

কলম্ব পাউডার
রুবার্ব্ব পাউডার (রেউচিনি চূর্ণ)
জিঞ্জার পাউডার (শুঠীচূর্ণ)
সিনকোনা পাউডার
ক্যাটাকিউ পাউডার (খদির চূর্ণ)
কাইনো পাউডার
ইপিক্যাক পাউডার
কং-জ্যালাপ পাউডার
কং-চক পাউডার
এণ্টিমোনিয়েল পাউডার
পোডফোলিয়ম পাউডার
একষ্ট্রাক্ট অভ্ কলসিম্থ
,, ট্যারাক্সেকম্
,, হাইওসাযামস
,, জেন্সীয়ান
,, এলোজ (মুসর্ব্বরের সার)
সল্ফিউরিক ইথর
নাইট্রিক্ ইথর
ক্লোরিক ইথর

ক্লোরোফরম
নাইট্রেট্ অভ্ পটাস (সোরা)
ক্লোরেট্ অভ্ পটাস্
বাইকার্ব্বোনেট্ অভ্ পটাস্
সাইট্রেট্ অভ্ পটাস্
আইওডাইড অভ্ পটাস
লাইকুয়র পটাস্
ব্রোমাইড্ অভ্ পটাস্
টিংচার ফেরী পার ক্লোরাইড্
,, আইওডাইন্
,, কার্ডেমম্ (এলাচির আরক)
,, ল্যাভেণ্ডার
,, মস্ক (মৃগনাভির আরক)
,, কাইনো
,, ক্যাটাকিউ (খদিরের আরক)
সীলি
,, সিন্কোনা
লডেনম্ (আফিঙের আরক)
সল্ফিউরিক এসিড্

নাইট্রিক এসিড	সিন্‌কোনা বার্ক
মিউরিএটিক্ এসিড্	চিরেতা
কার্ব্বোলিক এসিড্	কোয়াসিয়া
এসেটিক এসিড্	জেন্সিয়াম
ভিনিগার	সেণ্টনিন্
বার্ব্বোনেট্ অভ্ সোডা	ওপিয়ম (আফিং)
কার্ব্বোনেট্ অভ্ এমোনিয়া	লাইকর লিটী
ভাইনম ইপিক্যাক	মষ্টার্ড
ভাইনম এণ্টিমোনি	সিম্পল অয়েণ্টমেণ্ট
ভাইনম ওপিয়ম	ব্লু অয়েণ্টমেণ্ট
সল্‌ফেট অভ্ ম্যাগ্‌নেসিয়া	বেঞ্জিন্ অয়েণ্টমেণ্ট
„ আইরণ (হিরাকস্)	লিণ্ট
„ জিঙ্ক	ব্লু পীল
„ কপর (তুঁতে)	গ্রে-পাউডার
„ কুইনাইন্	ক্যালমেল
মিউরিএট্ অভ্ এমোনিয়া	করসিব্ সব্‌লিমেট্
বোরাক্স (সোহাগা)	লাইকুয়র এমোনিয়া
টার টার এমেটীক্	এরোমেটীক স্পিরিট অভ এমোনিয়া
পোডফোলিয়ম বেঞ্জিন।	ইউডিলুস্
এসাফেটিডা (হিং)	রম
ক্যাম্ফর (কর্পূর)	ব্রাণ্ডি
মস্ক (মৃগনাভি)	সেরী
এলাম (ফট্‌কিরী)	পোর্ট
সলফার (গন্ধক)	

জিন্

বিষমথ্ টৃজ নাইট্রান

চক্(খড়ি)

লিউনাব কষ্টিক্

ভেলেবিয়েনেট অভ্ জিঙ্ক

এসেটেট্ অভ্ লেড

টারপীন টাইন অয়েল্

ক্যাষ্টরঅয়েল্ (বেড়ির তেল)

পিপারমেণ্ট অয়েল্

ক্যাজাপুট অয়েল্

ওলিভ্ অয়েল্

বড্ লিভার অয়েল্

মেজবিয়ান

সাসাফ্রাস

গোয়েকম্

লিকরিস্

সার্জা

হিমিডিসমস্ (অনন্তমূল)

লাইকর আর্শিনিক

ক্যাম্ফর লিনিমেণ্ট

সোপ লিনিমেণ্ট

এট্রোপিয়া

কয়টী ঔষধ প্রস্তুত করিবার নিয়ম।

ডাইলিউটেড্ সলফিউরিক এসিড।—

সল্‌ফিউরিক এসিড ১ আউন্স, জল ১২ আউন্স।

ডাইলিউটেড্ নাইট্রিক এসিড্।—

নাইট্রিক এসিড্ ১ আউন্স, জল ৬ আউন্স।

ডাইলিউটেড্ মিউরিএটিক এসিড্।—

মিউরিএটিক এসিড্ ১ আং, জল ৩ আং।

ডাইলিউটেড্ নাইট্রোমিউরিএটিক এসিড।—

নাইট্রিক এসিড্ ৬ ড্রাম, মিউরিএটিক এসিড্ ১ আং, জল ৬।০ আং।

কুইনাইন্ সালিউসন্।—

কুইনাইন্ ১ আং, ডাইলিউটেড্ সলফিউরিক এসিড্ ২ আং, জল ৬ আং।

লাইমওয়াটর, যথা।

লাইম অর্থাৎ চুন এক ছটাক, জল ।/৫ সের, একত্রে গুলিয়া রাখিবে পরে উপরের সচ্ছ জল সাবধানে ঢালিয়া লইবে।

--

সাঙ্কেতিক শব্দ।

টিং——টিঞ্চার।

কং—— কম্পাউণ্ড।

আং——আউন্স।

নূতন সংযোগ।

জ্বরের ১২টী উপসর্গের অতিরিক্ত অতি ঘর্ম্ম ও অতি মূত্র বা মেহ-সম্বলিত মূত্র, এই দুই উপসর্গের বিষয় লেখা হয় নাই। এক্ষণে তাহার চিকিৎসা লেখা যাইতেছে। পাঠকবর্গ ৪৭ পৃষ্ঠায় ২ পংক্তির পরে সংযোগ করিয়া লইবেন। অতি ঘর্ম্ম ও অতি মূত্র নিবারণার্থ টিঞ্চার ফেরিপার ক্লোরাইড্ ১০ বিন্দু, কিছু জলের সহিত ১।১ ঘণ্টান্তর ৬—১২ বার পর্য্যন্ত দিবে।

৫৯ পৃষ্ঠায় ২৫ পংক্তির পর। কার্ব্বোলিক এসিড্ ৫ বিন্দু ইপিকাক পাউডার ১০ গ্রেণ, জল ১০ আউন্স, মাত্রা ১ আং। ২ ঘণ্টা অন্তর দিবে।

৭৭ পৃষ্ঠায় ৫ পংক্তির পর। জ্বরের শীতলাবস্থা এবং দুর্ব্বলতা কারণে হইলে উষ্ণজলের গামলায় বসাইয়া শীতল জল মস্তকে ঢালিবে। কম্প হইলে গাত্র মুঞ্জন করিয়া বস্ত্রাবরণ দিবে।

নিষেধ।

মার্ফি য়া, বেলেডনা, হেম্প, ডাইলিউটেড হাইড্রোসিয়ানিক এসিড, ডাইলিউটেড্ ফসফরিক এসিড; এই পাঁচটী ঔষধ চিকিৎসক ভিন্ন অপরের ব্যবহার্য্য নহে।

☞ এই পুস্তকে ঔষধের মাত্রা যে পরিমাণে লেখা হইয়াছে তাহা সবল যুবা ব্যক্তির পক্ষে। বালক বা দুর্ব্বলের মাত্রা বিবেচনা করিয়া দিবে। ভ্রমবশতঃ এই পুস্তকের স্থানে স্থানে কার্ব্বোনিক এসিড্ লেখা হইয়াছে, তাহা কার্ব্বোলিক এসিড্ হইবে।

রোগ-শোক-নিস্তারিণী।

প্রথম ভাগ।

করুণাময় পবমেশ্বরের নিয়ম লঙ্ঘন-জনিত পাপে ব্যাধিব উৎপত্তি এবং দয়ামযের অবিরাম মঙ্গল ইচ্ছা প্রভাবে তাহার নিবিত্তিব বিষয় সংক্ষেপেবর্ণিত হইতেছে।

প্রথম—পীড়ার কারণ। দ্বিতীয়-পীড়া নির্ব্বাচনের উপায়। তৃতীয়—শারীরিক পবীক্ষাব বিষয। চতুর্থ—শরীব-নিঃসৃত বস্তু পরীক্ষার বিষয়। এইগুলি জানা চিকিৎসকগণের নিতান্ত কর্ত্তব্য।

প্রথম—রিমোট কজ্ বা দূরস্থ কারণ। ইহা দ্বিবিধ, [১ ম] যথা ; প্ৰিডিস্পোজিংকজ্ বা পূর্ব্ব-লক্ষিত কারণ। [২ য] এক সাইটিংকজ্ বা উদ্দীপক কারণ।

দ্বিতীয়—প্রক্সিমেট কজ্ বা সন্নিহিত কারণ অর্থাৎ পীড়াব উৎপত্তি।

পীড়ার কারণ ষোড়শ। যথা—

	ইংরাজী।		বাঙ্গাল।
১।	কন্ট্রি,	Country	দেশ
২।	সিজন,	Season	কাল
৩।	সেক্স	Sex	লিঙ্গ
৪	এজ	Age	বয়স
৫।	টেম্পারমেন্ট	Temperament	ধাতু
৬।	ষ্ট্রেংথ,	Strength	সামর্থ্য
৭।	অকুপেষন,	Occupation	জীবিকা
৮।	হেরিডিটরি	Hereditary	কৌলিক, পৈতৃক
৯।	হাবিট,	Habit	অভ্যাস
১০।	কনেষ্টিটিউষন,	Constitution	দেহস্বভাব
১১।	মেন্‌টেল,	Mental	মনের ভাব
১২।	প্রিভিয়স ডিজিজ	Previous disease	পূর্ব্ব পীড়া
১৩।	প্রেজেন্ট ডিজিজ	Present disease	বর্ত্তমান পীড়া
১৪।	নন্‌কগনিজেবল,	Nuncognizable	অবিজ্ঞেয় কারণ
১৫।	য্যাকসিডেন্ট,	Accedent	আভিঘাতিক
১৬।	প্যারাজাইট্‌স,	Parasites	পরাঙ্গপুষ্ট

পীড়া নির্ব্বাচনের অষ্টবিধ উপায়। যথা—

১।	কশ্চেন্‌স,	Questions	বাচনিক—প্রশ্ন
২	ইনেস্পেকসন,	Inspection	দার্শনিক

৩।	প্যালপেসন.	Palpation	স্পর্শন
৪।	মেনসুরেসন.	Mensuration	মাপন
৫।	পাবক্ সন	Percussion	প্রতিঘাতন
৬।	অস্কলটেসন	Auscultation	আকর্ণন
৭।	কেমিকেল	Chemical	রাসায়নিক
৮।	মাইক্রসকোপিং	Microscoping	আনুবীক্ষনিক

শারীরিক পরীক্ষার বিষয় ২০টী। যথা--

১।	আই	Eye	চক্ষু
২।	এয়ার	Ear	কর্ণ
৩।	নোজ্	Nose	নাসিকা
৪।	টঙ	Tongue	জিহ্বা
৫।	স্কিন	Skin	ত্বক্
৬।	ব্রেণ	Brain	মস্তিষ্ক
৭।	স্পাইনেল মেরো	Spinalmarrow	পৃষ্ঠমজ্জা
৮।	লংস্.	Lungs	ফুস ফুস
৯।	হার্ট.	Heart	হৃদপিণ্ড
১০।	আর্টারী	Artery	নাড়ী
১১।	ষ্টমাক,	Stomach	পাকস্থলী
১২।	ইন্টেষ্টাইন্.	Intestine	অন্ত্র
১৩।	লিভার,	Liver	যকৃত
১৪।	স্পীলিন,	Splene	প্লীহা
১৫।	কিড্নী,	Kidney	বৃকক্,
১৬।	ব্লাডার,	Bladder	মূত্রাশয়

১৭।	ইউটারস,	Uterus	জরায়ু
১৮।	ভেজাইনা,	Vezeina	ভগ
১৯।	পিনিস,	Penis	লিঙ্গ
২০।	টেষ্টিকেল,	Testicle	অণ্ডকোষ

৪। শরীর-নিঃসৃত বস্তু ১০ দশ বিধ। যথা

১।	ফিসিস,	Foeces	মল
২।	ইউরিণ,	Urine	মূত্র
৩।	পারসপারেসন	Perspiration	ঘর্ম্ম
৪।	স্পিউটম,	Sputum	শ্লেষ্মা
৫।	ব্লড	Blood	রক্ত
৬।	পস,	Pus	পূয
৭।	কাইল,	Chyle	রস
৮।	মিল্‌ক	Milk	দুগ্ধ
৯।	সেলাইভা,	Saliva	লালা
১০।	ভোমিটেডমেটার্স	Vomited matters	সমুদ্গীর্ণ পদার্থ

পীড়ার কারণ ১৬টী। তদ্বিবরণ যথা—

১। দেশ।

(Country)

উষ্ণ প্রধান দেশ (হট্‌প্রিমকন্টি)—এই দেশবাসী লোকেরা স্বাভাবিক দুর্ব্বল ও কৃষ্ণবর্ণ। এই দেশে উদরাময়, রক্তামাশয়, ওলাউটা, প্রভৃতি রোগ প্রধান।

শীত প্রধান দেশ (কোল্ডপ্রিম্‌কন্টি)—এই দেশবাসী লোকেরা

স্বাভাবিক সবল, গৌরবর্ণ। এই দেশে কফ, বাত, জ্বর প্রভৃতি রোগ প্রধান।

মধ্যদেশ (টেম্পরেট)—এই দেশবাসী লোকেরা স্বাভাবিক মধ্যম-প্রকৃতি, বর্ণেও মধ্যম রকম। এই দেশে উভয় প্রকার পীড়াই অপ্রবল ভাবে আক্রমণ করে।

পার্ব্বতীয় দেশ (হিলিকন্ট্রি)—পর্ব্বতের উপত্যকাবাসীরা সবল-শরীর। কফ ও জ্বর প্রধান যেহেতু প্রচণ্ডবায়ু বহিয়া থাকে।

জলাভূমি (ওয়াটর্লাণ্ড)—এই স্থানবাসীরা সর্ব্বদা নানা প্রকার পীড়া ভোগ করিয়া থাকে, যেহেতু বিষাক্ত বায়ু (মেলেরিয়া) কার্ত্তিক মাসে উত্থিত হইয়া নিকটস্থ লোকদিগকে আক্রমণ করে।

জঙ্গলাভূমি (উইণ্ড প্লেস)—যাহারা কেবল জঙ্গলের নিকট বাস করেন বা জঙ্গলের মধ্যে বাস করেন, জলাভূমিবাসীদের দশা তাঁহাদের ও সর্ব্বদা ঘটে।

২। কাল।

(Season)

গ্রীষ্ম. (সমর)—এইকালে পৈত্তিকজ্বর, পৈত্তিক ওলাউটা, উদরাময়, রক্তামাশায়, উন্মাদ, বসন্ত, ঘাম পচাঘা ইত্যাদি অধিক হইয়া থাকে।

বর্ষা. (রেণীসিজন)—এইকালে জ্বর, কফ, বাত, বিষাক্ত প্রদাহ, প্রদাহ, পচন, অধিক হইয়া থাকে।

শরৎ (অটম)—এইকালে জ্বর, কফ, বাত, বর্ষা হইতে কিছু অধিক হয়।

হেমন্ত (ফ্রাষ্ট কোণ্ডসিজন্)—এইকালে কফ জ্বরের একশেষ হয়; যেহেতু ইহা (মেলেরিয়া) দূষিত বায়ু উঠিবার সময়।

শীত (কোল্ডসিজন্)—এইকালে বাত, কফ, অল্প জ্বর হইয়া থাকে।

বসন্ত (স্প্রিং)—এইকালে বসন্ত, জল বসন্ত, হাম, চুলকানি, বাত, প্রভৃতি হইয়া থাকে।

ঋতু পরিবর্ত্তন সময় (এক্সচেঞ্জ অভ্ দি সিজন্)—এইকালে আগত ও গত উভয় ঋতুর উচিত খাদ্য ও বস্ত্র ব্যবহার করা কর্ত্তব্য।

৩। লিঙ্গ।

(Sex)

পুরুষ; (ম্যান্)—পুরুষজাতি স্বাভাবিক সবল, একারণ অধিক মাত্রায় ঔষধ দিতে হয়, আর ইহাদের কয়েকটী বিশেষ পীড়া আছে, যাহা স্ত্রিলোকের হয় না। যেমন জলদোষ, ইত্যাদি।

স্ত্রী, (ওমেন্)ইহারা— কোমলাঙ্গী, দুর্ব্বল, অল্প ঔষধে ইহাদের রোগোপশম হয়। ইহাদের বিশেষ পীড়া যথা, রজকৃচ্ছ, কষ্টরজ,রজাধিক্য, শ্বেতপ্রদর, নীলপ্রদর, রক্তপ্রদর। ইহাদিগকে ঔষধ দিতে বিবেচনা করা চাই। গর্ভাবস্থা, ঋতুকাল, ঋতু অল্পকাল গত, ঋতু আগত প্রায়, রজকৃচ্ছ অন্যান্য পীড়ার কারণ হয়।

ক্লীব, (নিউটার) ইহারা বলবান, ইহাদের চিকিৎসা পুরুষের ন্যায় কর্ত্তব্য।

৪। বয়স।

(Age)

শৈশব, (ইন্‌ফেন্ট)—এইকালে অতি সাবধানতা আবশ্যক।

কোষ্ঠবদ্ধ হইলে পেঁচয় পাওয়া বোগ হয়। বেড়ির তৈলের জোলাপে তাহা আবগ্য হয়।

বাল্য, (চিলড্‌হুড্)—এইকালে খাদ্যদ্রব্যের দোষে উদবাময়, বক্তা-মাশয় ইত্যাদি পীড়া হয়।

যৌবন, (ইউথ)—এইকালে প্রদাহ-যুক্ত বোগ হয় আব শৃঙ্খাব-বসপবায়ণদিগেব বিবিধ পীড়া জন্মে। যথা, মস্তক ঘূর্ণন, শিবঃপীড়া অগ্নিমান্দ্য ইত্যাদি

প্রৌঢ়,(ফ্রাষ্ট ওল্ড)—একণে প্রায় পৌঢ়াবস্থাতেই মৃত্যু হইতেছে। (৩০—৬০ বৎসব বয়ক্রম সময়) ক্রমে দৃষ্টিহীন হয়।

বৃদ্ধ (ওল্ড)—এইকালে ক্রমে ঔষধের মাত্রা অল্প কবিতে হয়, বাত, কফ, উদবাময ও দৃষ্টিহীনতা ঘটে।

৫। ধাতু।

(Tempeıament)

বিলিযস(পৈত্তিক)—এই ধাতু বিশিষ্ট লোকেব বর্ণ কাল,প্রকৃতিম্লান, পবিপাক ও পিত্ত সম্বন্ধে পীড়া থাকে, যেমন অজীর্ণ, যকৃত প্রদাহ, পাণ্ডুবোগ, পিত্তশূল, হস্তপদ জ্বালা ইত্যাদি। ইহাদেব পৈত্তিক, বিবেচক, ঔষধে বিশেষ উপকাব হয়।

নর্ব্বস্ (বায়ুপ্রধান ধাতু)—এই ধাতুবিশিষ্ট লোকেব স্বভাব,চঞ্চল চিন্তাযুক্ত, ভিক। হিষ্টিবিযা, মৃগি, উন্মাদ, প্রভৃতি রোগ অধিক হয়। মৃগনাভি কর্পূব, হিং ইহাদেব উপকাবী।

সিক্লেটীক্ (মেদপ্রধান)—এই ধাতুবিশিষ্ট লোকেব, নাড়ী ক্ষীণ, বক্তেব গতি মন্দ, হস্ত পদাদি শীতল, চর্ম্ম ফিকা। উদবী, কফ, শোথ, বাত, পুবাতন বোগ প্রবল। এমোনিয়া প্রভৃতি উত্তেজক ঔষধ ইহাদেব বিশেষ উপকাবী।

সেঙ্গুইন্ (রক্তপ্রধান)—এই ধাতুবিশিষ্ট লোকের নাড়ী স্থূল, বেগবতী, কপোল রক্তবর্ণ। প্রদাহ রক্তাধিক্য, রক্তস্রাব রোগ প্রধান। স্তোলাপ প্রভৃতি বিশেষ সহ্য হয়।

৬। সামর্থ্য।

(Strength)

সবল [ষ্ট্রং]—ইহাদের স্বাভাবিক রোগপ্রতিরোধিকা শক্তি অধিক, একারণ শীঘ্র কোন পীড়া হয় না।

মধ্যবিধ—ইহাদের সকল প্রকারই মধ্যবিধ।

দুর্ব্বলতা,[উইকনেস্]—দুর্ব্বলতা সকল পীড়ার কারণ। দুর্ব্বলের কারণ এই—(১)ইম্পারফেক্‌ট নরিসমেণ্ট বা অসম্পূর্ণ পরিপোষণ,[২] ইম্পিওর এয়ার বা অপরিশুদ্ধ বায়ু,[৩]অধিক শারীরিক ও মানসিক পরিশ্রম, [৪] শ্রমবিমুখতা,[৫] কংকণ্টীনিউড হট্ বা ব্যাপককাল স্থায়ী উষ্ণতা, [৬] কংকণ্টীনিউড্ কোল্‌ড বা ব্যাপককাল স্থায়ী শীতলতা, [৭] প্রত্যহ অপরিমিত সুরাপান, [৮] মানসিক নিস্তেজ, [৯] অধিক বা পুনঃ পুনঃ রক্ত বা কোন সমুৎসর্গ নিঃসরণ, [১০] পূর্ব্বগত দৌর্ব্বল্যকর পীড়া।

৭। জীবিকা।

(Occupation)

ন্যায্যশ্রম [টেম্পারেট লেবার]—যথা, নিয়মিত শারীরিক ও মানসিক পরিশ্রম করিলে স্বাস্থ্যরক্ষা হয়।

অন্যায্যশ্রম [ইন্‌টেম্পরেট লেবার]—অতিরিক্তশ্রম, অল্পশ্রম, শ্রমবিমুখ কেবল শারীরিক শ্রম কেবল মানসিকশ্রম, পীড়ার কারণ।

নানাবিধ শ্রেণী—চিত্রকর, ভাস্কর, দর্পণকর, কলাইকর, চর্ম্মকার, কর্ম্মকার,দর্জী,নৌকাবাহক,বেণুবাদক। ইহাদের কর্ম্মানুযায়ী ভিন্ন ভিন্ন পীড়া হইয়া থাকে।

৮। কৌলিক।

(Hereditary)

এক পুরুষান্তে—পিতামহ কিম্বা মাতামহের পীড়া থাকিলে,পিতা মাতার না থাকিলেও হয়।

পুরুষানুক্রমে—পিতা মাতার পীড়া সন্তানের হয়। যেমন; উন্মাদ, যক্ষা, মহা রোগ, গণ্ডমালা, গাউট, শূল। দীর্ঘকাল চিকিৎসা কর্ত্তব্য।

৯। অভ্যাস।

(Habit)

ধনগত অবস্থা।—ধনী,মধ্যবিত্ত,দরিদ্র। ধনী হইতে মধ্যম ধনী হইতে দরিদ্র, মধ্যম হইতে ধনী, মধ্যম হইতে দরিদ্র, দরিদ্র হইতে মধ্যম দরিদ্র হইতে ধনী, পীড়ার কারণ হয়।

দেহস্বভাব

(Constitution)

১০। শরীরের ভাব।

ক্ষুধা। (এপিটাইট)—সার, অসার, শীতল, উষ্ণ, বিচার না করিয়া, অল্প ক্ষুধায় অধিক, অধিক ক্ষুধায় অল্প আহার এবং উপবাস পীড়ার কারণ হয়।

তৃষ্ণা (থার্ষ্ট)—অধিক জল পানে অজীর্ণ হয়। শরীর ঘর্ম্মাক্ত

হইলে শীতল জলপান নিষিদ্ধ। তৃষ্ণানুসারে জল নাখাইলে পীড়ার কারণ হয়। আহারের পূর্ব্বে বা পরে এক কালে অধিক জলপানে অজীর্ণ হয়।

নিদ্রা (স্লিপ)—দিবসের এক তৃতীয়াংশ অর্থাৎ ৮ ঘণ্টা নিদ্রা যাইলে স্বাস্থ্য রক্ষা হয়। দিবানিদ্রা, অধিকনিদ্রা, অল্পনিদ্রা, পীড়ার কারণ হয়। আহারের তিন ঘণ্টা পরে শয়ন বিধি।

মৈথুন—অপরিমিত ও অনিয়মিত হইলে অতি অসাধ্য রোগের কারণ হয়। যথা, শিরঃশূল, উন্মাদ ইত্যাদি।

মল মূত্র ঘর্ম্ম—যথাসময়ে পরিত্যাগ করা উচিত। দিবসে একবার ঘর্ম্ম স্বাস্থ্যের কারণ, নতুবা পীড়ার কারণ হয়।

বিপরীত ধাতু (ইডিওসিন্ ক্রেসি)—এই ধাতুবিশিষ্ট লোকের জোলাপে কোষ্ঠবদ্ধ, আফিঙ বিরেচক হয়। কাহার বা অল্পবিরেচকে অধিক, অধিক বিরেচকে অল্প, অল্প পারদ সেবনে অধিক মুখ আইসে।

১১। মনের ভাব।

(Mental)

অবস্থাগত—আশা নিরাশা, উৎসাহ, নিরুৎসাহ, হর্ষ, বিষাদ, লোভ, ক্রোধ, ইহারাও পীড়ার কারণ হয়। যথা, ক্ষুধামান্দ্য, অনিদ্রা, কোষ্টবদ্ধ, জ্বর, মস্তক বেদনা, গর্ভপাত, উন্মাদ ইত্যাদি।

১২। পূর্ব্বপীড়া।

(Previous disease)

জীবনি শক্তি (ভাইটেল পাওয়ার্স)—কঠিন পীড়া হইতে

আরোগ্য হইলে, উক্ত শক্তি রোগপ্রতিরোধ করিতে অসমর্থ হয়। এই কালে সাবধানে না থাকিলে সামান্য কারণে পীড়া উপস্থিত হয়। যদি এক পীড়া হইতে আরোগ্য হইয়া কেহ পুনঃ অন্য পীড়া বা সেই পীড়ায় আক্রান্ত হয়, তাহাকে অধিক যত্নানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য।

পীড়াগত—গর্ম্মি আরোগ্য হইলে কাহার গায়ে গর্ম্মি ফোটে, বাত, নোড ইত্যাদি হয়। ধাতু পীড়া অবসানে বাত, হাম মিলাইয়া রক্তামাশয়, উদরাময়। কঠিন জ্বরের পর উদরাময়, রক্তামাশয় ইত্যাদি হয়।

১৩। বর্ত্তমান পীড়া।

(Present disease)

আভ্যন্তরিক (ইনটার্ণেল)—কোন যন্ত্রগত পীড়া আছে কি না, জানা কর্ত্তব্য। এক জনের শ্বাস কাস, অন্য জনের পাণ্ডু রোগ ছিল, তাহাদের রোগের চিকিৎসায়, আরোগ্য হইলনা। পরীক্ষায় জানা গেল, হৃদপিণ্ড পীড়িত আছে, তাহার চিকিৎসায় সকল আরোগ্য হইল। এক জনের মৃগি, অন্য জনের গুল্মবায়ু হয়, তাহাদের চিকিৎসায় আরোগ্য হইল না। পরিণামে ক্রিমি আছে জানিয়া, তাহার চিকিৎসায় সকল আরোগ্য হয়। দন্ত উত্তেজন, অনেক পীড়ার কারণ হয়।

১৪। অবিজ্ঞেয়।

(Noncognizable)

সংক্রামক [কণ্টেজিয়স]—গর্ম্মি, ধাতু, হাম, বসন্ত, পাঁচড়া, বিষাক্ত প্রদাহ, কলরা, বিষাক্ত জ্বর।

দেশব্যাপক, [এণ্ডেমিক]—কোন স্থানে বাস করিলে গলগণ্ড হয়। কোথাও (জলা ভূমিতে) কম্পজ্বর।

বহুব্যাপক, [এপিডেমিক]—বায়ুস্থিত কীটানু বিশেষ (বোধ হয়) এই পীড়ার কারণ। জ্বর ও ওলাউঠা মড়ক।

১৫। আভিঘাতিক।

(Accident)

দৈবকর্ত্তৃক [একসিডেণ্ট]—তাড়িতাঘাত, শীলাঘাত, জলমগ্ন, অগ্নিদগ্ধ, পতন ইত্যাদি।

শত্রুকর্ত্তৃক [বাইহাষ্টিলিটি]—অস্ত্রাঘাত, শস্ত্রাঘাত, উদ্বন্ধন, বিষভোজন, ইত্যাদি।

আত্মকৃত (ওয়ুনওবার্ক)—অস্ত্রাঘাত, উদ্বন্ধন, বিষ-ভোজন ইত্যাদি।

১৬। পরাঙ্গপুষ্ট।

(Paracites)

পরাঙ্গপুষ্ট [পেরাসাইটস]—উদ্ভিদ ও কীটবিশেষ মনুষ্যকে আশ্রয় করিয়া বৃদ্ধি পায়। যেমন উকুন, কৃমি টাক, দদ্রু। টাক, দদ্রু উদ্ভিদ, আর উকুন, কৃমি প্রাণী ইত্যাদি।

পূর্ব্বে বলাগিয়াছে, পীড়া নির্ব্বাচনের ৮ অষ্টবিধ উপায়।

তদ্বিবরণ যথা—

বাচনিক (কন্সেন্স)—পূর্ব্বের বিবরণ, শরীর, ও মনের ভাব, নেশা, স্ত্রী হইলে বিবাহিতা কিনা, ঋতুর বিষয়, গর্ভাবস্থা, গোপনীয় পীড়া আছে কিনা, জানা উচিত।

দার্শনিক (ইনেস্পেক্সন)—রোগীর মুখের ভাব দেখিলে অনেক বিষয় জানা যায়। চক্ষু, কর্ণ, নাসা, জিহ্বা, বর্ণ, ত্বক, বিষ্ঠা, মূত্র, ঘর্ম্ম, লালা, শ্লেষ্মা, এই সকল পরিদর্শন করা কর্ত্তব্য।

স্পর্শন (সেন্সেসন্)—নাড়ী, চর্ম্মের অবস্থা, পীড়ার স্থান ও সীমানির্ণয়, স্পর্শনে জানা যায়।

মাপন [মেনসুরেসন্]—সুবিজ্ঞ চিকিৎসকেরা, বক্ষঃ ও উদর-সংক্রান্ত পরীক্ষা করিয়া থাকেন।

প্রতিঘাতন [পারকসন]—ইহা দ্বারা ফুস্‌ফুস, হৃদপিণ্ড, আমাশয়, অন্ত্র, প্লীহা, যকৃৎ, ইহাদের অবস্থা জ্ঞাত হওয়া যায়।

আকর্ণন। [অস্কলটেসন]—ইহা দ্বারা আভ্যন্তরিক সকল যন্ত্রেরই শব্দ জ্ঞান হয়, তাহাতে পীড়া নির্ণয় হইয়া থাকে।

রাসায়নিক পরীক্ষা। (কেমিকেল এগ্‌জামিনেসন)—ইহা দ্বারা মূত্র, মল, ঘর্ম্ম, লালা, শ্লেষ্মা, পুঁয, রক্ত, বস, দুগ্ধ, জল ইত্যাদি সুক্ষ্মরূপে পরিদর্শন করত রোগের যথার্থ কারণ নিশ্চয় হয়।

আণুবীক্ষনিক (মাইক্রসকোপিং এগ্‌জামিনেসন)—ইহা দ্বারা মল, মূত্র, ঘর্ম্ম, লালা, শ্লেষ্মা, পুঁয, রক্ত, দুগ্ধ, জল ইত্যাদি সুক্ষ্মরূপে পরিদর্শন করত, রোগের স্বরূপ নিশ্চয় করা যায়।

পূর্ব্বে শারীরিক পরীক্ষা বা স্থানিক পরীক্ষার বিষয় উল্লিখিত হইয়াছে। তদ্বিবরণ যথা—

চক্ষু (আই)—শ্বেত, পীত, লোহিত, প্রভৃতি বর্ণ। স্পষ্ট, অস্পষ্ট, নিকট, দূরস্থ, বহু, প্রভৃতি দর্শন। স্ফীত, ক্ষত, শুষ্ক, বেদনা, মাংসাঙ্কুর, ছানি, চুল, ইত্যাদি।

কর্ণ (এয়ার)—অল্প বা অধিক শ্রবণ, শূন্য শব্দ শ্রবণ, বধির, বেদনা, ক্ষত, শুষ্ক, কীট, পুঁয, ময়লা, ফোড়া, ইত্যাদি।

নাসিকা (নোজ)—অল্প বা অধিক ঘ্রাণ, ঘ্রাণহীন, বেদনা, স্ফীততা, শুষ্কতা, শ্লেষ্মা, ক্ষত, পচন, পলিপস, দুর্গন্ধ, ইত্যাদি।

জিহ্বা (টঙ)—শ্বেত, পীত, কটা,ক্লেদবিশিষ্ট, লোহিত, প্রভৃতি বর্ণ; আর্দ্র, শুষ্ক, টিউমার, ক্ষতযুক্ত, কাঁটাযুক্ত। কষায, তিক্ত, মিষ্ট, প্রভৃতি আস্বাদ। স্বরভঙ্গ, অর্দ্ধস্ফুট, বাক্‌হীন ইত্যাদি।

ত্বক (স্কিন্)—শুষ্ক, আর্দ্র, স্থূল। উষ্ণ, শীতল, অতি উষ্ণ, অতি শীতল, চর্ম্ম রোগ।

মস্তিষ্ক (ব্রেণ)—বুদ্ধির হ্রাসতা, তীক্ষ্ণতা, উন্মনা, উন্মত্ততা, চিন্তাযুক্ত, ভ্রান্ত, ভারি, হালকা, বেদনাবিশিষ্ট. শীতল, উষ্ণ, ইত্যাদি।

কশেরু মজ্জা। (স্পাইনেলমেরো)—সঞ্চালন, সংস্পর্শন, জ্ঞানের অল্প বা অধিক, কিম্বা হীন, পৃষ্ঠদণ্ডে বেদনা। স্নায়ু (নর্ব্ব)—সর্ব্ব শরীর বা অঙ্গীবিশেষের কম্প ও চেতনাশূন্য।

ফুস্‌ফুস,(লংস্)—ইহার সুস্থকালের শব্দ জ্ঞান থাকা আবশ্যক, নতুবা পীড়া নিশ্চয করা যায় না। পীড়িতাবস্থায় যে ভিন্ন ভিন্ন শব্দ শুনা যায়, নিম্নে তাহার বিবরণ করা যাইতেছে। যথা—

১ম, এগজেরিটেড—বৃদ্ধিশীল নিশ্বাস প্রশ্বাস। উইক—নিশ্বাস-প্রশ্বাসের হ্রাসতা। সম্পুষ্ট—নিশ্বাস প্রশ্বাস বন্ধ।

২য়, ইন্‌কম্পিট—অসম্পূর্ণ। জরিকং—থেকে থেকে। ডিফ্যা-ইড—বিভিন্নতা।

৩য়, হার্ড—কর্কশ। ব্রঙ্কিয়েল—উপনলীয়। ব্লোয়িং—ফুৎ-কারের ন্যায।

ব্লোয়িং চারি প্রকার। (ক)ডিফিউজড্—বিস্তারিত।(খ)টিউবিলর —নালীয। [গ] ক্যাভারনস—গহ্বরীয। [ঘ] এম্ফরিক—অসমপার্শ্ব-গর্ত্তসম্বন্ধীয়।

এভিন্ন কতকগুলী শব্দ, যথা।—

সিবিলাণ্ট (শীসবৎ)—ইহা দ্বিবিধ, যথা, [ক] হুইস্লিংলি—কিছুকাল স্থায়ী। [খ] ক্লিকিং—অল্পক্ষণ স্থায়ী।

সোনোরস (গম্ভীর ধ্বনী)—তিন প্রকার, যথা, [ক] স্নোরোবিং—নাসাডাকার ন্যায়। [খ] ররিং—ঘর্ষণের ন্যায়। [গ] কুইঙ—কবুতরের-ন্যায়।

ড্রাইক্রাকলিং। শুষ্ক, ফুট ফুটে।

কৃপিট্যাণ্টবক্স। খর খরে চুল ঘসার ন্যায়।

সবকৃপিট্যাণ্ট। ক্ষুদ্র খর খরে, সংখ্যায় অধিক।

হিউমিডক্রাকলিং। ভিজে ফুট ফুটে শব্দ।

মিউকস কিম্বা সব-মিউকস। জলবিম্ব ফাটার ন্যায় শব্দ, ফুট ফুট হইতে অধিকাংশ বড়।

ক্যাভারনস্। বড় জলবিম্ব ফাটার ন্যায় শব্দ।

বক্ষঃস্থল পরীক্ষাকালে কথা কহিলে তিন প্রকার শব্দ শুনাযায়। যথা

[১] মিট্যালিকটিঙ্কলিং—ঠুনঠুনে। [২] ইগফনী—ছাগ শিশুবৎ।

[৩] পেক্টোরিলীকুই—হেড়ে শব্দ।

হৃদ্‌পিণ্ড। ইহাতে ষ্টেথিসকোপ লাগাইলে পীড়াকালে ফ্রকসন সাউণ্ড শুনা যায়। ইহার গতি ও স্থানিক বেদনা, নাড়ীও তাহার গতির কালনির্ণয়।

নাড়ী পরীক্ষা। ধাতু বর্ণনা কালে বলা হইয়াছে যে ইহা চারি প্রকার।

পিত্ত-প্রধান ধাতু। বায়ু-প্রধান ধাতু। শ্লেষ্মা-প্রধান ধাতু। রক্ত-প্রধান ধাতু। এইক্ষণে তাহার বর্ণনায় ক্ষান্ত থাকিয়া, নাড়ীপরীক্ষার নিয়ম প্রভৃতি লেখা গেল।

আকৃতি। [শেপ]—ইহা চারি প্রকার। ফুল বা স্থূল। নেচুরেল বা সম। স্মল বা ক্ষীণ। থ্রেডলাইক বা অতি ক্ষীণ।

প্রকৃতি। [নেচার]—ইহা তিন প্রকার। হার্ড বা কঠিন। নেচুরেল বা সম। সপ্ট বা কোমল।

গতি। [মোষণ]—ইহা সাত প্রকার। ফ্রিকোয়েন্ট বা দ্রুত। নেচুরেল বা সম। উইক বা মৃদুগতি। জার্কিং বা আকস্মিক। ইন্টারমিটেন্ট বা ক্ষণবিলুপ্ত। কুইক বা বেগবতী। ইরেগুলার বা বিষম।

নাড়ী পরীক্ষার স্থান নির্ণয়। যথা, তর্জ্জনীর মূলদেশের সম্মুখে সর্ব্বদা কর্ত্তব্য। এভিন্ন উভয় বাহুতে, ললাটের উভয় পার্শ্বে, গলনালির উভয় পার্শ্বে, পদের গুল্ফ সন্ধির উপরে। সমুদায়ে দশ স্থানে নাড়ী পরীক্ষা হইতে পারে।

একজনের অবস্থাভেদে নাড়ীর গতি, এক মিনিটে দণ্ডায়মানে ৭৯, উপবেশনে ৭০, শয়নে ৬৭ (সুবিজ্ঞ ডাক্তরের পরীক্ষিত) হয়।

পুরুষ হইতে বয়ঃপ্রাপ্ত স্ত্রীলোকের—৬——১৪ বার নাড়ী স্পন্দন অধিক হয়।

গর্ভবতীর নাড়ী অপেক্ষাকৃত স্থূল ও বেগবতী হয়।

প্রতিমিনিটে নাড়ীর গতির স্থূল নিয়ম, যথা—

ভূমিষ্ঠকালে।	......	......	১৪০
শৈশব কালে।	....	১২০ হইতে	১৩০
বাল্যকালে।	.. ...	১০০	......
যৌবনকালে।	.....	৯০	.....
প্রৌঢ় কালে।	...	৭০ হইতে	৭৫

ঐ স্ত্রীলোকের।*	৭৫	৮০
বৃদ্ধকালে।	৭০	.....
অতি বৃদ্ধ কালে।......	৭৫	৮০

প্রতিমিনিটে নাড়ীর গতির বিশেষ নিয়ম, যথা।—

বয়স			বৎসর	উত্তম, পরিমাণ	মধ্যম, পরিমাণ	কনিষ্ঠ পরিমাণ
২	হইতে	৫	বৎসর	১২৮	১০৫	৮০
৫	,,	১০	,,	১২৪	৯৩	৭২
১০	,,	১৫	,,	১২০	৮৮	৬৮
১৫	,,	২০	,	১০৮	৭৭	৫৬
২০	,,	২৫	,,	১২৪	৭৮	৫৬
২৫	,,	৩০	,,	১০০	৭৪	৫৩
৩০	,,	৩৫	,,	৯৪	৭৩	৪৮
৩৫	,,	৪০	,,	১০০	৭১	৫৬
৪০	,,	৪৫	,	১০৪	৭৫	৫০
৪৫	,	৫০	,,	১০০	৭১	৪৯
৫০	,,	৫৫	,	৮৮	৭৪	৭৫
৫৫	,,	৬০	,,	১০৮	৭৪	৭৮
৬০	,,	৬৫	,,	১০০	৭২	৫৪
৬৫	,,	৭০	,,	৯৬	৭৫	৫২
৭০	,	৭৫	,,	১০৪	৭৪	৫৪

* বাবু ক্ষেত্রমোহন দত্তের প্রিনসিপল অব প্রাকটিস অব মেডিসিন হইতে উদ্ধৃত।

৭৫	,,	৮০	,,	৯৪	৭২	৫০
৮০	এবং ঊর্দ্ধ		,,	৯৮	৭৯	৬৩

নাড়ীর আকৃতি প্রকৃতি এবং গতি অনুসারে সমুদায়ে ৮৪টী নাম নিয়ে লেখা গেল।

আকৃতি	প্রকৃতি	গতি			
১ স্থূল	কঠিন	দ্রুতগতি	১৯ ক্ষীণ	কঠিন	সমগতি
২ স্থূল	সম	দ্রুতগতি	২০ ক্ষীণ	সম	সমগতি
৩ স্থূল	কোমল	দ্রুতগতি	২১ ক্ষীণ	কোমল	সমগতি
৪ সম	কঠিন	দ্রুতগতি	২২ অতিক্ষীণ	কঠিন	সমগতি
৫ সম	সম	দ্রুতগতি	২৩ অতিক্ষীণ	সম	সমগতি
৬ সম	কোমল	দ্রুতগতি	২৪ অতিক্ষীণ	কোমল	সমগতি
৭ ক্ষীণ	কঠিন	দ্রুতগতি	২৫ স্থূল	কঠিন	মৃদুগতি
৮ ক্ষীণ	সম	দ্রুতগতি	২৬ স্থূল	সম	মৃদুগতি
৯ ক্ষীণ	কোমল	দ্রুতগতি	২৭ স্থূল	কোমল	মৃদুগতি
১০ অতিক্ষীণ	কঠিন	দ্রুতগতি	২৮ সম	কঠিন	মৃদুগতি
১১ অতিক্ষীণ	সম	দ্রুতগতি	২৯ সম	সম	মৃদুগতি
১২ অতিক্ষীণ	কোমল	দ্রুতগতি	৩০ সম	কোমল	মৃদুগতি
১৩ স্থূল	কঠিন	সমগতি	৩১ ক্ষীণ	কঠিন	মৃদুগতি
১৪ স্থূল	সম	সমগতি	৩২ ক্ষীণ	সম	মৃদুগতি
১৫ স্থূল	কোমল	সমগতি	৩৩ ক্ষীণ	কোমল	মৃদুগতি
১৬ সম	কঠিন	সমগতি	৩৪ অতিক্ষীণ	কঠিন	মৃদুগতি
১৭ সম	সম	সমগতি	৩৫ অতিক্ষীণ	সম	মৃদুগতি
১৮ সম	কোমল	সমগতি	৩৬ অতিক্ষীণ	কোমল	মৃদুগতি
			৩৭ স্থূল	কঠিন	বেগবতী

৩৮ স্থূল সম বেগবতী
৩৯ স্থূল কোমল বেগবতী
৪০ সম কঠিন বেগবতী
৪১ সম সম বেগবতী
৪২ সম কোমল বেগবতী
৪৩ ক্ষীণ কঠিন বেগবতী
৪৪ ক্ষীণ সম বেগবতী
৪৫ ক্ষীণ কোমল বেগবতী
৪৬ অতিক্ষীণ কঠিন বেগবতী
৪৭ অতিক্ষীণ সম বেগবতী
৪৮ অতিক্ষীণ কোমল বেগবতী
৪৯ স্থূল কঠিন আকস্মিক
৫০ স্থূল সম আকস্মিক
৫১ স্থূল কোমল আকস্মিক
৫২ সম কঠিন আকস্মিক
৫৩ সম সম আকস্মিক
৫৪ সম কোমল আকস্মিক
৫৫ ক্ষীণ কঠিন আকস্মিক
৫৬ ক্ষীণ সম আকস্মিক
৫৭ ক্ষীণ কোমল আকস্মিক
৫৮ অতিক্ষীণ কঠিন আকস্মিক
৫৯ অতিক্ষীণ সম আকস্মিক
৬০ অতিক্ষীণ কোমল আকস্মিক
৬১ স্থূল কঠিন ক্ষণবিলুপ্ত
৬২ স্থূল সম ক্ষণবিলুপ্ত
৬৩ স্থূল কোমল ক্ষণবিলুপ্ত
৬৪ সম কঠিন ক্ষণবিলুপ্ত
৬৫ সম সম ক্ষণবিলুপ্ত
৬৬ সম কোমল ক্ষণবিলুপ্ত
৬৭ ক্ষীণ কঠিন ক্ষণবিলুপ্ত
৬৮ ক্ষীণ সম ক্ষণবিলুপ্ত
৬৯ ক্ষীণ কোমল ক্ষণবিলুপ্ত
৭০ অতিক্ষীণ কঠিন ক্ষণবিলুপ্ত
৭১ অতিক্ষীণ সম ক্ষণবিলুপ্ত
৭২ অতিক্ষীণ কোমল ক্ষণবিলুপ্ত
৭৩ স্থূল কঠিন বিষম
৭৪ স্থূল সম বিষম
৭৫ স্থূল কোমল বিষম
৭৬ সম কঠিন বিষম
৭৭ সম সম বিষম
৭৮ সম কোমল বিষম
৭৯ ক্ষীণ কঠিন বিষম
৮০ ক্ষীণ সম বিষম
৮১ ক্ষীণ কোমল বিষম
৮২ অতিক্ষীণ কঠিন বিষম
৮৩ অতিক্ষীণ সম বিষম
৮৪ অতিক্ষীণ কোমল বিষম

যে চিকিৎসক অভিনিবেশপূর্ব্বক নাড়ী-চক্র অনুসন্ধান করেন তিনি ভেষক সমাজে এবং দেশ বিদেশে আদরণীয় হয়েন। নাড়ীজ্ঞান-হীন, চিকিৎসকের সাধারণ নাম, আনাড়ী বৈদ্য বা হাতুড়ে বৈদ্য।

পাকস্থলী (ষ্টমাক্)—অল্পক্ষুধা, ক্ষুধাধিক্য, ক্ষুধাভাব, হিক্কা, বমন, বমনোদ্রেক, বেদনা, ক্ষত, টিউমার, ক্রিমি, পিত্তাধিক্য, অম্লাধিক্য, লবণাধিক্য।

অন্ত্র [ইন্টেষ্টাইন্]—পূর্ণ, ভারি, শূন্য, কঠিন, কোমল, বেদনা, আক্ষেপ, কোষ্ঠবদ্ধ, ক্রিমি, গুটলী, ক্ষত, পচন, অন্ত্রপ্রবেশ কাসপড়া।

যকৃত [লিভার]—ভারি, বেদনা, ক্ষুদ্র, বৃহৎ, কঠিন, কোমল, প্রদাহ, পক্বতা, পচন, অধিক পিত্তপ্রদান, অল্পপিত্ত প্রদান, পিত্তদানে বিরত, টিউমার যুক্ত।

প্লীহা [স্পীলিন্]—ভারী, পূর্ণ, কঠিন, কোমল, বেদনা, ক্ষুদ্র, বৃদ্ধি, পচন, টিউমার যুক্ত।

বৃক্ক [কিড্নী]—ক্ষুদ্র, বৃদ্ধি, ভারী, পূর্ণ, বেদনা, কঠিন, কোমল, টিউমার-যুক্ত, অধিক মূত্র-উৎপাদন, অল্প-মূত্র-উৎপাদন, মূত্র-উৎপাদনে বিরত, রক্তমূত্র, পিত্তমূত্র, লবণাধিক্য মূত্র, ক্ষারাধিক্য-মূত্র, পূযযুক্ত মূত্র, বসাযুক্ত, শর্করাযুক্ত, শীলাযুক্ত, মূত্রদান।

মূত্রাশয় [ব্লাডর্]—পূর্ণ শূন্য, প্রদাহযুক্ত, শীলাবিশিষ্ট।

জরায়ু [ইউট্রস]—ক্ষতযুক্ত, টিউমারযুক্ত, গর্ভযুক্ত ঋতুকাল, বায়ুপূর্ণ, রক্তাধিক্য, কষ্টরজ, রজলোপ, লোলিত জরায়ু, সঙ্কীর্ণ-জরায়ু দ্বার, জরায়ুদ্বারাভাব, ডিম্বাধারাভাব, হীনজরায়ু।

ভগ [ভেজাইনা]—সংকীর্ণ ভগনালী, বদ্ধ ভগনালী, ক্ষতযুক্ত ভগনালী, টিউমার যুক্ত ভগনালী, লোলিত ভগপ্রণালী, ভগাঙ্কুরের বৃদ্ধি, শ্বেতপ্রদর, নীলপ্রদর, রক্তপ্রদর, ধাতু।

লিঙ্গ [পিনিস]—সুক্ষ্ম, স্থূল, খর্ব্ব, দীর্ঘ, ধ্বজভঙ্গ, ধাতু, গর্ম্মি, ওয়াট অর্থাৎ আচিলযুক্ত, বিপর্য্যস্তমুদো ও মুদো, ইত্যাদি।

অণ্ডকোষ [টেষ্টিকেল]—লোলিত, এক বৃহৎ, বৃহদ্দ্বয়, বেৎবজ্জ-স্থূল, কোষে জল-সঞ্চার, কোষে টিউমার, শুক্রপ্রণালী সঙ্কীর্ণ, শুক্রপ্রণালী শিথিল, অকর্ম্মণ্য শুক্র ইত্যাদি পীড়ার কারণ সকল; সাবধানে অনুসন্ধান করিলে রোগ নিরূপণ হয়।

শরীরোৎসৃষ্ট পদার্থ পরীক্ষার বিষয়।

ফিসিস [মল]—শ্বেত, পীত, কৃষ্ণ, কটাবর্ণ, পূয, রক্ত, বসাযুক্ত; পচা অন্ত্রাংশ-বিশিষ্ট, ফেনাযুক্ত, ফেনাময়, কঠিন, গুটলী, কর্দ্দমবৎ, জলবৎ, ক্রিমিবিশিষ্ট, ইত্যাদি।

মূত্র [ইউরিন্]—বহু, অল্প, সরক্ত, সপূয, মেদবিশিষ্ট, শ্লীলা-বিশিষ্ট, পিত্তাধিক্য, লবণাধিক্য, অম্লাধিক্য, শর্করাযুক্ত, শুক্র সংশ্লিষ্ট, শ্বেত, পীত, লোহিত, ঘোলাটিবর্ণ যুক্ত, জলবৎবর্ণ বারে অধিক, কষ্ট প্রস্রাব, জ্বালাযুক্ত ইত্যাদি।

ঘর্ম্ম [পাস্পাবেসন্]—অতি ঘর্ম্ম, অল্পঘর্ম্ম, ঘর্ম্মাভাব, লবনাধিক্য, অম্লাধিক্য, শর্করাযুক্ত দুর্গন্ধযুক্ত।

শ্লেষ্মা [স্পিউটম্]—লঘু ও গুরু ভাব, তরল, ঘন, শ্বেত, পীত, লোহিতবর্ণ, জলবৎ, ফেনবৎ।

রক্ত [ব্লুড]—ঘন, তরল, বসাবিশিষ্ট, পূযযুক্ত।

পূয [পস]—ঘন, তরল, শ্বেত, পীত, লোহিত, কৃষ্ণবর্ণ, ধূষরবর্ণ অম্লগন্ধ, দুর্গন্ধ ইত্যাদি।

রস [কাইল]—অনেক ক্ষত হইতে, যোনিদ্বার হইতে রস পড়ে,

তাহাতে কি কি পদার্থ আছে, রাসায়নিক পরীক্ষায় ও আনুবীক্ষনিক পরীক্ষায়, জানা যায়।

দুগ্ধ [মিল্ক]—ঘন, তরল, অধিক ঘৃতযুক্ত, অধিক শর্করাযুক্ত, অধিক লবণবিশিষ্ট, ইত্যাদি পরীক্ষা করিয়া বালককে দুগ্ধদানে বিধি দিবে, নতুবা উদরাময়, রক্তামাশায় প্রভৃতি পীড়ার কারণ হয়।

লালা [সেলাইভা]—ইহা রাসায়নিক ও আনুবীক্ষনিক পরীক্ষায় জ্ঞাত হওয়া যায়।

বামক বস্তু [ভোমিটেডমেটার্স]—ইহাতে কিকি বস্তু আছে, তাহার কতেক চাক্ষুস দ্বারা জানা যাইতে পারে, অধিকাংশ আনুবীক্ষনিক ও রাসায়নিক পরীক্ষা ব্যতীত জ্ঞাতব্য নহে।

জিহ্বা পরীক্ষা।

(আয়ুর্ব্বেদ দর্পণ হইতে উদ্ধৃত।)

জিহ্বা বাতাৎ প্রসুপ্তা স্ফুটিত বিকসিতা শাকপত্রোপমেয়া।
পিত্তাদ্রক্তা সদাহা ভবতি পবিতঃ কণ্টকৈর্যা পরীতা।
গুর্ব্বী স্থূলা সশীতাশ্রিতবহুলকফাশাল্মলীকণ্টকাভা।
সর্ব্বৈঃস্যাৎ সর্ব্বলিঙ্গাসিতকধিববহা চিত্রবর্ণা তিকক্ষা॥

অস্যার্থ।

বায়ুতে জিহ্বা জ্ঞান রহিতা, প্রকাশিত রূপে ফাটা, এবং শাকবর্ণ সদৃশ।

পিত্তে দাহযুক্তা ও রক্তবর্ণা, আর সকল স্থানে জিহ্বাতে কণ্টক হয়।

কফেতে স্থূলা শীতলা বহুশ্লেষ্মান্বিতা ও শিমুলকণ্টক ন্যায় বড় কাঁটাযুক্ত হয়।

সন্নিপাতে এই সকল লক্ষণ-যুক্তা অথচ নানাবর্ণ যুক্তা ও কক্ষা হয়।

নেত্র পরীক্ষা।

শুক্লেকফে হক্ষিণী জ্বরে রক্তে পিত্তে সপীতকে,
কক্ষে ধূম্রে তথা বাতে সুস্থে পদ্মদলোপমে।
শ্যাবংনির্ভুগ্নসকাশং তন্দ্রামোহসমন্বিতং,
সর্বৌদ্রবক্তবর্ণঞ্চ ভবেচ্চক্ষুস্ত্রিদোষজং।
এক চক্ষুর্যদা বৌদ্রমুন্মীলতি নিমীলতি,
ত্রিভির্দি নৈর্বিজানীয়াৎ স যাতি যমমন্দিরং।
কালজ্যোতির্বিহীনঞ্চ গতাভ্যন্তরলোচনং,
মন্দ দৃষ্টি র্বিশেষেণ কাল প্রায়স্তমাদিশেৎ।
এক চক্ষুরচৈতন্য বিভ্রমং স্ফুরণং ন চ,
দিনৈকেন বিজানীয়াত্তস্যা মৃত্যুর্নসংশয়ঃ।

অস্যার্থ।

কফে শুক্লবর্ণ, পিত্তে পীতবর্ণ, বাতে ধুম্রবর্ণ, অথচ কক্ষ, সুস্থেতে পদ্মপুষ্পদলের সদৃশ।

সন্নিপাতে শ্যামবর্ণ, অন্তঃপ্রবিষ্ট, ভুগ্ননেত্র এবং তন্দ্রা মোহ-যুক্ত ভয়ানক বক্তবর্ণ হয়।

সান্নিপাতিক লক্ষণান্বিত এক চক্ষুঃ যেব্যক্তি ভয়ানকরূপে মেলে এবং বোজে, সেই ব্যক্তি তিন দিবসের মধ্যে যমালয় গমন করে।

কৃষ্ণবর্ণ জ্যোতির্হীন চক্ষুঃ অথচ কোটরে নিমগ্ন মন্দদৃষ্টি, সেই-ব্যক্তিকে প্রায় কালপ্রাপ্তই জানিবে।

এক চক্ষুর চেতনা রহিত বিঘূর্ণিত, স্ফূর্ত্তিহীন, তাহার একদিনের মধ্যেই মৃত্যু হয়, তাহাতে সংশয় নাই।

মূত্র পরীক্ষা।

বাতেন পাণ্ডুরং মূত্রং সফেনং কফরোগিনাং।
রক্তবর্ণং ভবেৎ পিত্তে দ্বন্দ্বজে মিশ্রিতং ভবেৎ ॥
সন্নিপাতেতু কৃষ্ণং স্যাদেত ন্মূত্রস্য লক্ষণং ॥

বায়ুর বৃদ্ধিতে শ্বেত লোহিত মিশ্রবর্ণ মূত্র হয়, পিত্তদোষে রক্ত-বর্ণ, কফকোপে ফেনাবিশিষ্ট, দ্বিদোষে দ্বিচিহ্ন, ত্রিদোষ একত্র হইলে মিশ্রিত বর্ণ মুত্র হয়। যথা, বাতপিত্তেশ্বেত রক্তবর্ণ হয়;বাতশ্লেষ্মায় ফেনাধিক্য পাণ্ডুবর্ণ, পিত্তশ্লেষ্মায় রক্তবর্ণ ফেনাযুক্ত হয়।

সন্নিপাত অর্থাৎ ত্রৈদোষিকে কৃষ্ণবর্ণ হয়।

নাড়ীজ্ঞান-নিরূপণ।

(চিকিৎসার্ণব হইতে উদ্ধৃত)।

সর্ব্বে অঙ্গে যয়া নাড়া স্থিরা ত্রিমূলিকা তাসাং মুখ্যা সুসুম্নেয়া ইড়য়াপিঙ্গলান্বিতা অযোমধ্যে গতা নাড়ী সুসুম্নেয়া প্রকীর্ত্তিতা।

অস্যার্থ। নাড়ীতে বেষ্টিত অঙ্গ জীবের শরীর। সবে বটে ত্রিমূলিকা কহিলেন ধীর। তার মধ্যে সুসুম্না নামে মুখ্যা নাড়ী জানি। ইড়ায়ে পিঙ্গলাতে বেষ্টিতারূপে মানি। বাম ভাগে ইড়য়া দক্ষিণেতে পিঙ্গলা। তার মধ্যে গতা নাড়ী সুসুম্না কহিলা।

পত্রলেখানিভ্রী র্ভিন্না সুক্ষ্মাবপূরূপস্থিতা, মৃণাল নালিকা রূপা স্রোতসং সর্ব্ব দেহগো। তথাপি দেহেচ প্রাণ জীবিতান্তনিদর্শিনা।

অস্যার্থ। পত্রে লেখা তিন আত্মা সুসুম্না শরীর। মৃণাল রসিকা রূপা কহিলেন ধীর। স্রোতরূপে যত সর্ব্ব দেহ শাস্ত্র বটে। জীবন মরণ জীবের নিদর্শক বটে।

নাড্যষ্ঠৌ পাণিপাং কণ্ঠ নামোপান্তে নাসাশ্রিতা, একৈকপাদ-যোপান্যে দ্বে কণ্ঠে পতমাশ্রিতে। নাসামূলে স্থিতে দ্বেচ নাড্যষ্ঠৌ শাস্ত্রেহি দিক্।

অস্যার্থ। হস্ত পদ কণ্ঠ নাসায় অষ্টম প্রকার। একে একে কহি শুন তাহার বিস্তার। দুই হাতে নাড়ী স্থান পাবে ঐ মত। কণ্ঠ দেশে দুইদিগে নাড়ী অনুগত। নাসামুলে দ্বিধা নাডী হইবে বিদিত। অষ্টম প্রকার এই শাস্ত্রেতে কথিত।

পাদয়ো নাড়ীকা স্থানং গুল্‌ফমধ্যেহঙ্গুলি দ্বয়ং। হস্তোহস্ত কণ্ঠান্তে মনিবন্ধেহঙ্গুলিত্রয়ং। কণ্ঠমূলেহঙ্গুলি দ্বয়ং নাসামূলে অঙ্গুলি দ্বয়ং। স্থানান্যেতানি নাড়ীনাং তাসু প্রাণাঃব্যবস্থিতাঃ।

অস্যার্থ। পায়েতে নাড়ীর স্থান গুল্‌ফ মধ্যে জানি। দুই অঙ্গুল পরিমাণ আছে নাডী মানি। হস্তেতে কণ্ঠান্তে মনিবন্ধে এই রীত। তিন অঙ্গুল পরিমাণ শাস্ত্রেতে বিদিত। নাসামূলে

অঙ্গুলিদ্বয় কণ্ঠে ঐ মত। কহিলাম নাড়ীস্থান হবে অবগত। ইত্যাদি

যদ্যস্তি নাড়ী সর্ব্বত্র শরীরে ধাতুবাহিনী। তথাপ্যঙ্গুষ্ঠমূলস্থা করস্য সর্ব্বশোভনী। যস্য গতিবসাৎ বিদ্যাৎ সুখং দুঃখঞ্চ দেহিনাং।

অস্যার্থ। যদ্যপি থাকয়ে নাড়ী সকল শরীরে। ধাতুবাহিনী রূপে কহে মুনিবরে। করস্থা অঙ্গুষ্ঠমূলে সর্ব্বত্র শোভিনী। সে নাড়ীর গতি করে সুখ দুঃখ জানি।

নাড়ীং যোসৌ নরোবেত্তি শুভাশুভফলপ্রদাং। স চিকিৎসাপট-কর্ম্মাৎ পূজ্যো বা রাজসংসদি।

অস্যার্থ। শুভাশুভফলপ্রদা নাড়ীর যে গতি। না জানিলে চিকিৎসায় পটু নয় অতি। অজ্ঞানী বলিয়া তারে শাস্ত্র মত কয়। রাজার সভাতে মান্য কিরূপে সে হয়।

নারীনাং বামভাগেতু দক্ষিণে পুরুষস্য চ লক্ষণং। লক্ষ্যতে সর্ব্বং শুভাশুভফলপ্রদং। সদ্য স্নাতস্য ভুক্তস্য ক্ষুৎতৃষ্ণাতাপসেবিনঃ। ব্যায়ামক্লান্তদেহস্য সম্যক্ নাড়ী ন বুদ্ধ্যতে। তৈলাভ্যঙ্গে প্রসুপ্তেচ ভোজনান্তে তথৈব চ, তথা ন জ্ঞায়তে নাড়ী যথাচ দুর্গমা নদী। অঙ্গুষ্ঠমূলাবধি পশ্চিম বামভাগে মধ্যে নাড়ী ত্রিভঞ্জনগতিং সততং পরীক্ষেৎ।

অস্যার্থ। পুরুষের দক্ষিণে নারীর বাম ভাগে। লক্ষণালক্ষণ শুভাশুভ দেখি আগে। স্নান কিম্বা ভুক্ত কিম্বা ক্ষুধাযুক্ত হয়। ঐ কালেতে নাড়ী দেখা কোন মতে নয়। তৃষ্ণাতে কাতর কিম্বা আতপসেবিত। কর্ম্ম করি দেহ যার ক্লান্ত অবিরত। এমন কালেতে নাড়ী না হয় বিদিত। গ্রন্থেতে লিখিত আছে শাস্ত্রেতে কথিত। শয়নান্তে ভোজনান্তে তৈলাভ্যঙ্গ জানি। দুর্গম নদীর ন্যায় নাড়ী শাস্ত্র মানি। একারণে সে কালেতে নাড়ী স্থির নয়। নাড়ীর বিশেষ

বোধ কখন না হয়। যতনে পরীক্ষা নাড়ী করিবে পণ্ডিত। অঙ্গুষ্ঠে পশ্চিমে বাম ভাগে এই রীত।

কুটিলা কুটিলা রক্তা তন্বক্তী কুটিলাং গতিং। বাতাত্মিকাং গতিং ধত্তে জলৌকাসর্পয়োরিব।

অস্যার্থ। কুটিলা কুটিলা নাড়ী যদি দেখি গতি। তবক্রী কুটিলা যদি দেখে মহামতি। বাতাত্মিকা নাড়ীর গতি এই নিরূপণ। জলৌকা সর্পের ন্যায় নাড়ীর গমন।

দাহং দধানা সর্ব্বাঙ্গে বিশেষং হস্ত পাদযোঃ। পিত্তপ্রকোপে সা নাড়ী কাকমণ্ডূকয়োরিব। হংসস্যেব গতিং ধত্তে গতিং পারাবতস্য চ। কফাত্মিকাস্তম্ভরূপা গতিং স্তম্ভং বিতন্বতী। গতিং ধত্তে ত্রিদোষাত্মা নাড়ী তিত্তিরিলাবয়োঃ। বাতেন নাড়ীবক্রে স্যাৎ পিত্তে নাড়ীস্তু চঞ্চলা। শ্লেষ্মনাতু স্থিরা মন্দা সংসর্গাম্মিশ্রলক্ষণা। নিত্য স্থানাৎ স্খলতি পুনরপ্যঙ্গুলীং সম্পৃশ্যেব। যাতো বৈবেবং বহুবিধ বুধৈঃ সান্নিপাতাদসাধ্যাঃ।

অস্যার্থ। সকল অঙ্গেতে দেখ যদি দাহ হয়। বিশেষত হস্তে আর পায়ে অতিশয়। পিত্তের প্রকোপে এই কহে মহামতি। কাক আর ভেকের ন্যায় হয় নাড়ীর গতি। হংস কিম্বা পারাবতের ন্যায় গতি ধরে। কফাত্মিকা স্তম্ভরূপা ত্রিদোষ বলি তারে। কেবল বাতিকের নাড়ী হয় বক্র গতি। পিত্তেতে চঞ্চলা হয় কহেন মহামতি। শ্লেষ্মাতে নাড়ী হয় স্থিরা মন্দ জানি। এইরূপে নাড়ীর বোধ কর ওহে জ্ঞানী। মূল স্থান ত্যাগ করে পুনঃ মূলে যায়। এই মত বহুবিধ হলে বড় দায়। শাস্ত্র মত এসকল কহিল পণ্ডিত। সান্নিপাত অসাধ্য সেই জানিবে নিশ্চিত।

মন্দং মন্দং কুটিলকুটিলং স্পন্দতে যস্য নাড়ী। তস্যাবশ্যং ভবতি মরণং পঞ্চসপ্তাহতোবা। অঙ্গুষ্ঠমূলতো বাহ্যে দ্ব্যঙ্গুলা যদি নাড়ীকা। প্রহরার্দ্ধাদ্বহির্মৃত্যুং বিজানীয়াৎ বিচক্ষণঃ। সার্দ্ধদ্ব্যঙ্গুলা

ঘাস্থে যদি তিষ্ঠতি নাড়ীকা। প্রহরৈকার্দ্ধহি মৃত্যুং জানীয়াৎ কুশলো ভিষক্।

অস্যার্থ। মন্দ মন্দ কুটিল নাড়ীর গতি যার। পঞ্চম সপ্তম দিনে মৃত্যু হয় তার। অঙ্গুষ্ঠের মূল হইতে দুই অঙ্গুল ছাড়ি। সেই স্থানে অনুভব হয় যার নাড়ী। শাস্ত্র মত এই তার আছে নিরূপণ। অর্দ্ধ প্রহরেতে মৃত্যু জান বিচক্ষণ। আড়াই অঙ্গুল মধ্যে নাড়ী যদি রয়। এক প্রহরের মধ্যে মৃত্যু শাস্ত্রমত কয়।

সার্দ্ধাঙ্গুলগতাঃ নাড়ী বক্রগা যদি তিষ্ঠতি। চতুর্থ প্রহরে মৃত্যুঃ শাস্ত্রোক্ত নাত্র সংশয়ঃ। সপাদাঙ্গুল যা নাড়ী বক্রগা যদি তিষ্ঠতি পঞ্চভিঃ প্রহরৈ মৃত্যু বিজ্ঞেয়ো মুনিপুঙ্গবৈঃ। সপাদ্যঙ্গুলতো নাড়ী সমতিষ্ঠতিঃ। নিশ্চলাঃ। ঋতুভি প্রহরৈস্তস্য মৃত্যুজ্ঞেয়ো বিচক্ষনঃ। অঙ্গুলাভ্যন্তরে নাড়ী বক্রগা যদি তিষ্ঠতি। মরণং যায়তে তস্য সপ্তভিং প্রহরৈঃ ধ্রুবং।

অস্যার্থ। সার্দ্ধ অঙ্গুল বাহ্য নাড়ী বক্র হইয়া থাকে। চারি প্রহরেতে মৃত্যু শাস্ত্রে এই লেখে। একপদান্তর নাড়ী বক্র যদি হয়। পাঁচপ্রহরে মৃত্যু তার মুনিগণে কয়। সপাদা হলেত নাড়ী নসা-তিষ্ঠতি নিশ্চলা। ছয় ছয় প্রহরে মৃত্যু শাস্ত্রেতে কহিলা। অঙ্গুলের অন্তরে নাড়ী বক্র হয়ে থাকে। সপ্তম প্রহরে মৃত্যু শাস্ত্রে মুনি লেখে।

আগচ্ছন্ত স্বয়ং স্থানং পুনরেব প্রবাচিতঃ। উক্ত মৃত্যুমতী নাড়ী মাত্র কার্য্যের কারণং।

অস্যার্থ। ক্ষণে নাড়ী ছাড়ে ক্ষণে স্বস্থানেতে রয়। মৃত্যু নাড়ী বলি তাকে জানিবে নিশ্চয়।

অজীর্ণে বাতরোগেচ ব্যায়ামে মৈথুনশ্রমে। তপ্তাঙ্গ রক্ত আক্রান্তে নাড্য বক্রা ন মৃত্যবে।

অস্যার্থ। অতিশয় অজীর্ণে কিম্বা বাত রোগ হয়। ব্যায়াম মৈথুন শ্রম হয় অতিশয়। তপ্ত অঙ্গ ভাবেতে অত্যন্তদাহ যার। একালেতে নাড়ী অনুভব নহে তার। একালেতে বিবেচনা করিবে পণ্ডিত। মৃত্যু নাড়ী নহে সেই জান কদাচিত।

ন মুঞ্চতি স্বয়ং স্থানং নাড়ী সূক্ষ্মাবিভর্সতে। তস্য মৃত্যুভয়ং নাস্তি ব্যাধিবশ্যাতি সন্যতি। জ্বর কোপেন ধমনী উষ্ণা বেগবতী ভবেৎ। অজীর্ণেচ ভবেন্নাড়ী কঠিনা বিলগামিনী। প্রাতঃস্নিগ্ধময়ী নাড়ী মধ্যাহ্নে চোষ্ণতাং ব্রজেৎ। সায়াহ্নে ধাবমানাচ রাত্রৌ বেগ-বিবর্জ্জিতা।

অস্যার্থ। স্বস্থান না ত্যাগ করে নাড়ী সূক্ষ্ম হয়। মরণের ভয় নাহি জানিবে নিশ্চয়। শুভপ্রদা সেই নাড়ী কহিল পণ্ডিত। ব্যাধি হইতে মুক্ত করে এই তার রীত। জ্বরের কোপেতে নাড়ী উষ্ণ বেগবতী। অজীর্ণে কঠিনা নাড়ী মন্দ মন্দ গতি। প্রাতঃকালে নাড়ী যেন স্নিগ্ধময় হয়। মধ্যাহ্নে উষ্ণতা তার হয় অতিশয়। সায়াহ্নে ধাবমান শাস্ত্রেতে কথিত। রাত্রি কালে জানিবেন বেগেতে বর্জ্জিত।

প্রথম ভাগ সমাপ্ত।

রোগ-শোক-নিস্তারিণী।

দ্বিতীয় ভাগ।

ফিবারস্ নেম	অর্থাৎ জ্বর সকলের নাম।
১ ইণ্টারমিটেণ্ট ফিবার	পালাজ্বর
এগিউ ফিবার	কম্পজ্বর
মেলেরিয়স ফিবার	দূষিত বায়ুজনিতজ্বর
২। রিমিটেণ্ট ফিবার	অল্প বিশ্রামশীল জ্বর
৩। ইযোলো ফিবার	হিন্দি বা জঙ্গলি জ্বর
৪। কণ্টিনিউড ফিবার	নির্ব্বিচ্ছেদ জ্বর
৫। টাইফস ফিবার	টাইফস জ্বর

৬। টাইফায়েড ফিবার	টাইফায়েড জ্বর
অটমন্যাল ফিবার	শারদীয় জ্বর
নার্ব্বস ফিবার	মৃদু স্নায়বিক জ্বর
কমনকন্টিনিউড্‌ফিবার	সাধারণ এক জ্বর
ইনফ্যান্ টাইন্ রিমিটেন্ট ফিবার	শৈশবাবস্থায় স্বল্প বিরাম জ্বর
গ্যাসটিক ফিবার	পাকস্থলীর জ্বর
বিলিয়স ফিবার	পিত্ত প্রধান জ্বর
এন্টেরিক ফিবার	আন্ত্রিক জ্বর
পাইষোজেনিক ফিবার	পূয়োৎপাদক জ্বর
৭। বিল্যাপসিং (ফেমিন) ফিবার	পৌনঃপুনিক (অনাহারী) জ্বর
৮। ইরাপটিব ফিবার	স্ফোটজনক জ্বর
৯। মিলিয়ারি ফিবার	এক প্রকার স্ফোটজনক জ্বর
১০। স্কারলেট ফিবার	আরক্ত জ্বর
১১। মিউকস ফিবার	শ্লৈষ্মিক জ্বর
১২। মুন ফিবার	চান্দ্র জ্বর বা পাক্ষীক জ্বর
১৩। রিউমেটিক ফিবার	বাত জ্বর
১৪। সাজ্জীকেল ফিবার সিম্প্যাথেটিক ফিবার	আনুগত্য জ্বর
১৫। হেকটীক ফিবার	পুয়োৎপাদক জ্বর
১৬। চাইল্ড বেড ফিবার	সুতিকা জ্বর

জ্বর সকলের বিবরণ।

১ম। ইন্টারমিটেন্ট ফিবার। এই জ্বরের বিরামকালের সময়ানুসারে ৭ সাত প্রকার বিভক্ত।

ক (Quotidian) কোটিডিয়ন বা ঐকাহিক। ২৪ ঘন্টা জ্বর অর্থাৎ প্রত্যহ যে জ্বর হয়।

খ (Tertian) টারসিয়ন বা দ্ব্যাহিক। ৪৮ ঘন্টান্তর অর্থাৎ এক দিবস অন্তর যে জ্বর হয়।

গ (Quartian) ত্র্যাহিক। ৭২ ঘন্টান্তর অর্থাৎ দুই দিবস অন্তর যে জ্বর হয়।

ঘ [Double Tertian] ডবল টারসিয়ন। প্রতি দিন জ্বর হয়, কিন্তু এক দিবস অন্তর প্রবল হয়।

ঙ [Triple Tertian] ট্রিপল টারসিয়ন। ১ ম দিবসে দুইবার এবং পর দিবস ১ বার জ্বর হয়।

চ (Duplicated Tertian) ডিউপ্লিকেটেড টারসিয়ন। এক দিবস অন্তর ৪ঘন্টার মধ্যে দুইবার জ্বর হয়।

ছ (Double Quartian) ডবল কোয়ারসিয়ান। ১ম দিবস প্রবল, ২য় দিবস অপ্রবল জ্বর হইয়া, ৩য় দিবসে বিরাম থাকে।

চিকিৎসা ; যথা—

কোষ্ঠ পরিষ্কার থাকিলে কম্পাবস্থায় যুবা ব্যক্তিকে ৮ গ্রেণ পরিমাণে এণ্টিমোনিয়েম পাউডার খাওয়াইয়া অধিক বস্ত্রের দ্বারা রোগীর আপাদমস্তক ঢাকিয়া রাখিবেক। ঘর্ম্ম হইলে ১০ গ্রেণ কুইনাইন এককালে খাওয়াইয়া কতক্ষণ পরে পুষ্টিকর আহার দিবে। আমি এইরূপ চিকিৎসায় ২৩৩৬ জন রোগীকে আরোগ্য

করিয়াছি। ইহার মধ্যে ১৫৬ জনকে দুই মাত্রা, ৫৩ জনকে তিন মাত্রা, ৩৬ জনকে ৪ মাত্রা কুইনাইন দিতে হইয়াছিল। উপসর্গের চিকিৎসা জ্বরের সাধারণ চিকিৎসায় দ্রষ্টব্য।

২য়। রেমিটেণ্ট ফিবার, অল্প বিশ্রামশীল জ্বর। ইহা তিন প্রকার যথা—

ক [Uncomplicated] উপসর্গ রহিত বা সামান্য স্বল্পবিশ্রামশীল জ্বর। অনকম্প্লিকেটেড।

খ [Complicated] উপসর্গযুক্ত স্বল্পবিশ্রামশীল জ্বর। কম্প্লিকেটেড।

গ (Muskeud) ছদ্মবেশী স্বল্পবিশ্রামশীল জ্বর। মস্কাউড।

বিশেষ লক্ষণ, যথা— অতি অল্প বিশ্রাম কাল, প্রবল শীরঃপীড়া, গাত্র অতিশয় উষ্ণ, চক্ষু রক্তবর্ণ, উদরোর্দ্ধ প্রদেশে বেদনা, কোষ্ঠবদ্ধ, বমন, অতি পিপাসা, অস্থিরতা ইত্যাদি।

বিশেষ চিকিৎসা যথা—

গ্রে পাউডার ৮ গ্রেণ, কম্পাউণ্ডজ্যালাপ ৪০ গ্রেণ, ক্রিম অভ টারটারে২০ গ্রেণ। ইহা দ্বারা বিরেচন করাইয়া, মস্তক মুণ্ডন করিয়া শীতল জল অথবা বরফ দ্বারা ভিজাইয়া রাখিবে। সর্ব্ব শরীর উষ্ণ জল দ্বারা মুঞ্জন করিবে। বিশ্রামকালে একবারে ১০ গ্রেণ কুইনাইন খাওয়াইয়া দিবে।

উপসর্গের চিকিৎসা জ্বরের সাধারণ চিকিৎসায় দ্রষ্টব্য।

চায়ের সহিত দুগ্ধ ও মুগের ডালের সুরুয়া, পথ্য দিবে।

৩য়। ইয়্যালো ফিবার। ভারতবর্ষের পীড়া নহে বিধায় বর্ণনা করা গেল না।

৪র্থ। কন্টিনিউড ফিবার। নির্ব্বিচ্ছেদ জ্বর। ইহা দুই প্রকার যথা—

ক। কমন কন্টিনিউড ফিবার। সাধারণ একজ্বর।

খ। আর্ডেন্ট কন্টিনিউড ফিবার। প্রচণ্ড একজ্বর।

এই জ্বর মেলেরিয়া দ্বারা উৎপন্ন হয় না। সুরাপান, শারীরিক ও মানসিক অতিশয় পরিশ্রম, শারীরিক অপরিষ্কার, গ্রীষ্মাতিশয়, ঋতু-পরিবর্ত্তন কারণে এই জ্বর হইয়া থাকে।

চিকিৎসা যথা—

ক্যাষ্টর অয়েল অর্থাৎ এরণ্ড তৈল দ্বারা বিরেচন করাইবে।

লঘু আহার দিবে; পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে। ঈশ্বরমহিমা গান প্রভৃতি দ্বারা মন সুস্থির রাখিতে চেষ্টা করিবে। শারীরিক দুর্ব্বলতার লক্ষণ উপলব্ধি হইলে, এমোনিয়া, কুইনাইন, বার্ক ব্যবহার করিতে হইবেক।

৫ম। টাইফস ফিবার। এতদ্দেশের পীড়া নহে, শীতপ্রধান দেশে ইহার প্রাদুর্ভাব দৃষ্ট হয়।

অতিশয় স্পর্শাক্রামক, দুই তিন সপ্তাহ স্থায়ী, একজ্বরকেই টাইফস ফিবার বলা যায়।

ইহার বিশেষ চিহ্ন চতুর্থ ও পঞ্চম দিবসে রোগীর গাত্রে একপ্রকার ইরপ্সন্ বহির্গত হয়।

সর্ব্বাঙ্গীন দুর্ব্বলতা ও বেদনা, গাত্র হইতে দুর্গন্ধ বহির্গত হয়। মানসিক ক্রিয়ার ব্যতিক্রম।

চিকিৎসা যথা—

গ্রে পাউডার ৮ গ্রেণ, কম্পাউণ্ড জ্যালাপ ১ ড্রাম, ইহাদ্বারা

বিবেচন করাইয়া, ঈষদুষ্ণ জলের দ্বারা সর্ব্ব শরীর মুঞ্চন করিবে, মস্তক মুণ্ডন করিয়া শীতল জলসেক দিবে। নিদ্রাভাব হইলে অল্প পরিমাণে এক্স হাইওসায়ামস্ শয়নকালে প্রয়োগ করিবে। দুর্ব্বলাবস্থায় বার্ক, কুইনাইন, এমোনিয়া, ব্রাণ্ডি মহৌষধ; দুধ, মুগেরডালের সুরুয়া, চা, পথ্য দিবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে।

৬ষ্ঠ। টাইফায়ড ফিবার। ইহা ত্রিবিধ যথা—

ক। (Simple Inflammatory Enteric Fever) সিম্পল ইনফ্ল্যামেটরি ইন্টেরিক ফিবার। সামান্য প্রদাহিক আন্ত্রিক জ্বর।

খ। (Paludal) প্যালিউডাল। অনুপভূমি সম্বন্ধীয়।

গ। (Contagious) কন্টেজিয়স্। স্পর্শাক্রামক। ইহা কদাচ ঘটে। সকল দেশে এই পীড়া হইতে পারে। ভারতবর্ষে অতি অল্প হইয়া থাকে।

গলিত উদ্ভিজ্জ ও জীবদেহ হইতে যে বাষ্প নির্গত হয়, তাহা কোন প্রকারে শরীরে প্রবেশ করিলেই এই পীড়া হওনের সম্ভাবনা। অনেকে বৃষ্টিহীন বৎসরের শরৎকালকে এই পীড়ার কারণ বলিয়া উল্লেখ করিয়াছেন।

বিশেষ লক্ষণ, যথা—মল হরিতাল বর্ণ, জিহ্বা আর্দ্র ঘনলেপযুক্ত। পাকস্থলী এবং অন্ত্রের উত্তেজন, নাভী এবং শ্রোণী প্রদেশে বেদনা, চাপিলে গজ গজ শব্দ হয়।

রোগী দিন দিন শীর্ণ হইতে থাকে, কিন্তু গাত্রে দুর্গন্ধ থাকে না। কনীনিকা বিস্তৃত, মুখমণ্ডল উজ্জ্বল। ৩।৪ সপ্তাহ অবস্থিতি করিতে পারে, ফুসফুস প্রদাহ। উদরাময়, রক্তস্রাব, অন্ত্রছিদ্র হইয়া প্রাণত্যাগ করে। ৭ম, বা ১০ম দিবসে একপ্রকার ইরপসন (কণ্ডু) বহির্গত হয়। ইহা চাঁপিলে অদৃশ্য হয় ও পৃথক পৃথক থাকে এবং পিটিকিরং চিহ্ন থাকে না।

চিকিৎসা যথা—ক্যাষ্টর অয়েল অর্থাৎ এরণ্ড তৈল দ্বারা বিরেচন করাইবে,

ডাক্তার হারলী যকৃতের ক্রিয়া বৃদ্ধি করিতে, "গ্রে পাউডার ৩ গ্রেণ, কম্পাউণ্ড পাউডার অভ্ চাক এণ্ড ওপিয়ম ৫ গ্রেণ, বাই-কার্ব্বোনেট অভ্ সোডা ২০ গ্রেণ। একমাত্রায় ৪।৪ ঘন্টান্তর প্রয়োগ করিয়া বিশেষ উপকার দেখিয়াছেন।"

লাইকর এমোনিয়া এসিটেডিস অর্দ্ধ ড্রাম মাত্রায় খাইতে দিবে ও ঈষদুষ্ণ জলের দ্বারা গাত্র মুঞ্চন করাইবে। বমন ও উদরাময় নিবারণ করিতে বিসমথ ট্রিজ্ নাইট্রাস ১০ গ্রেণ, প্রিপিয়ার্ড চাক ১০ গ্রেণ ওপিয়ম পাদ গ্রেণ একমাত্রায় খাইতে দিবে। বিশেষ বিশেষ উপসর্গ থাকিলে তাহার পৃথক্ পৃথক্ ব্যবস্থা করিবে। উহা জ্বরের সাধারণ চিকিৎসায় দ্রষ্টব্য। দুর্ব্বলাবস্থায়, পোর্ট, ব্রাণ্ডি, বার্ক, কুইনাইন, এরারুট, সাগু, চা, কাফি, দুগ্ধ, মুগের যুস প্রদান করিবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে।

৭ম। রিল্যাপসিং ফিবার (ফেমিন ফিবার) অর্থাৎ পৌনঃপুনিক জ্বর (অনাহারী জ্বর), অনাহারী ব্যক্তিদিগের শরীর হইতে একপ্রকার বিষ নির্গত হইয়া অন্য শরীরে প্রবেশ করিলে এবং দারিদ্র্য ও বহুজনে একত্রে সংকীর্ণ স্থানে বাস, ইত্যাদি কারণে এই পীড়া ঘটে। ইহা স্পর্শাক্রামক জ্বর। শীতপ্রধান দেশীয় পীড়া বলিলেও বলা যায়। এই জ্বরের স্বধর্ম্ম এই যে, আক্রমণের কয়েক দিবস পরে আরোগ্য লাভ করিয়া কয়েক দিবস সুস্থ থাকিয়া পুনরায় এই পীড়ায় আক্রান্ত হইতে হয়। এইরূপ পুনঃ পুনঃ ঘটে।

চিকিৎসা যথা—প্রথমে এরণ্ড তৈল দ্বারা জোলাপ দিয়া দুগ্ধপান করাইবে। এরারুট, সাগু দুগ্ধের সহিত বিধেয়। অস্থিরতা নিবারণ করিতে ।০—১ গ্রেণ আফিং সেবন করান যাইতে পারে। গাত্রদাহ

নিবারণ করিতে, উষ্ণ জলের দ্বারা গাত্র মুঞ্চন করাইবে। এই জ্বরে প্রায় জনডিস অর্থাৎ পাণ্ডুরোগ জন্মায়। তাহা হইলে নাইট্রোমিউ-রিএটিক এসিড ডাইলিউটেড ১ আং, ডিককসন অভ বার্ক ১৯ আং একত্রে মিলাইয়া, মাত্রা ১ আং দিবসে ৩।৪ বার খাইতে দিবে। অন্যান্য উপসর্গ থাকিলে তাহার যথাবিধান করিবে।

৮ম। বসন্ত প্রকাশের সঙ্গে যে জ্বর হয়, তাহাকে ইরাপটীব ফিবার বলা যায়।

৯ম। মিলিয়ারি ফিবার। ইহা একটী বিশেষ পীড়া নহে। অন্যান্য ব্যাধির আনুসঙ্গিক লক্ষণ মাত্র। পূর্ব্বে শীতপ্রধান দেশে ইহার প্রাদুর্ভাব ছিল। অতি ক্ষুদ্র বহুসংখ্যক স্ফোটক এবং জ্বর তাহাতে অতিশয় ঘর্ম্ম হয়।

চিকিৎসা যথা—এরণ্ড তৈল দ্বারা জোলাপ দিয়া, লেমনেড, দুগ্ধ মুগের যুস খাইতে দিবে।

১০ম। স্কারলেট ফিবার, আরক্তজ্বর। এই সংক্রামক পীড়া ভারতবর্ষের পীড়া নহে।

১১শ। মিউকস ফিবার। উদরাময়ের সঙ্গে যে জ্বর হয়।

চিকিৎসা যথা—এরণ্ড তৈল দ্বারা জোলাপ দিয়া, ডোভর্স পাউ-ডার ৫ গ্রেণ, কুইনাইন ৩ গ্রেণ একমাত্রায় খাইতে দিবে, দিবসে তিন বার।

১২শ। মুন ফিবার বা পাক্ষীকজ্বর, গোদ ও কুরণ্ড বিশিষ্ট ব্যক্তির এই জ্বর হয়।

১৩শ। রিউমেটীক ফিবার, বা বাতজ্বর। এই উভয় জ্বরে এরণ্ড তৈল দ্বারা জোলাপ দিয়া লাইকর আর্সিনী কেলিস ২ ড্রাম, ইনফিউজন অভ চিরেতা ২০ আং, মাত্রা ১ আং, দিবসে তিনবার খাইতে দিবে।

১৪ শ। সাজ্জীকেল ফিবার, আনুগত্য জ্বর। ফিবাব সিকশ্চারের মধ্যে যেটী দ্বাবা বিবেচন ঘর্ম্ম ও মূত্র নিঃসবণ হইবাব ব্যবস্থা আছে, সেইটী পুনঃ পুনঃ সেবন কবাইয়া জ্বরত্যাগ হইলে কুইনাইন দিবে।

১৫ শ। হেকটীক ফিবার, পূযোৎপাদক জ্বর। আমোনিয়া কুইনাইন পোর্ট, সেবন করাইবে, বলকাবক পথ্য দিবে।

১৬ শ। পিয়বপাবল ফিবার, সূতিকা জ্বর। পবিষ্কার পরিচ্ছন্ন রাখিবে, মৃদু বিবেচন দিয়া কুইনাইন সেবন করাইবে। টারপিন, পোর্ট, এমোনিয়া বিবেচনা মতে দিবে। দুগ্ধ সাগু মুগেব যুস খাইতে দিবে। এবং তলপেটেব উপব টারপিন তৈল মাখাইয়া গরম জল দ্বারা সেক দিবে।

জ্বরের উপসর্গ সকল যথা।—

১। ডিলেরিয়ম্	প্রলাপ
২। কফস্	যেমন বায়ুনলী এবং ফুসফুস প্রদাহ
৩। থার্ষ্ট	তৃষ্ণা
৪। ভোমেটিং	বমন
৫। হিকক্	হিক্কা
৬। ডাইবিয়া	অতিসাব
৭। বাবনিং	গাত্রদাহ
৮। অর্গানিক ইন্‌ফ্ল্যামেশন	যান্ত্রিক প্রদাহ
৯। হেমরেজ	রক্তস্রাব
১০। সব সলটসটেণ্ডিনম	স্নায়ুবিকাব ঘটিত কম্প
১১। সিমকোপ	মূর্চ্ছা
১২। কোমা	অবসন্ন বা জড়ীভূতাবস্থা

জ্বরের সাধারণ চিকিৎসা, যথা।—

১। মস্তক, বক্ষ, উদর প্রভৃতি যে কোন খানে বেদনা থাকিলে অগ্রে তাহার প্রতিকার করিবে। যথা—বেদনার স্থানে, হট ওয়াটর ফোমেণ্টেসন অর্থাৎ গরম জলের সেক, টারপিন টাইন দ্বারা মর্দ্দন, জলৌকাপাতন, কপিংগ্লাশ বসাইয়া রক্ত উঠান, মষ্টার্ড প্লাষ্টর সর্ষপের পটি, বিলিষ্টার ফোস্কাকারক ঔষধ, ইহাদিগের যথাক্রমে ব্যবহার করিলে বেদনার আরোগ্য হয়।

২। উদরে অজীর্ণ থাকিলে, ইপিক্যাক পাউডার ২০ গ্রেণ টারটার এমেটিক ১ গ্রেণ, অল্প জলের সঙ্গে খাইতে দিবে, তাহাতে বমন হইবে।

৩। কোষ্ঠ বদ্ধ থাকিলে, ক্যাষ্টর অয়েল ১ আউন্স, অর্থাৎ রেড়ির তৈল আধ ছটাক, কম্পাউণ্ড পাউডার অভ জ্যালাপ ১ ড্রাম, ক্রিম অভ টারটার ৪ ড্রাম, সলফেট অভ মেগনেসিয়া ৪ ড্রাম, রোসেল সাল্ট ৪ ড্রাম, ইহার অন্যতম দ্বারা জোলাপ দিবে।

৪। ঘর্ম্মের অল্পতা বা অভাব হইলে, এণ্টিমোনিয়েল পাউডার ৫-১০ গ্রেণ ডোভর্শ পাউডার ৫-১০ গ্রেণ, ক্যাম্পর ৫-১০ গ্রেণ, ইপিক্যাক ২-৪ গ্রেণ, টারটার এমেটিক $\frac{1}{16}$ হইতে $\frac{1}{8}$ গ্রেণ, লাইকর এমোনিয়া ৫-১০ বিন্দু, কার্ব্বোনেট অভ এমোনিয়া ৫-১০ গ্রেণ, ইউডিলুস ৫-১০ বিন্দু। ইহাদের অন্যতম অল্প জল যোগে খাইতে দিলে ঘর্ম্ম হয়। গরম জল, গরম চা, গরম কাফি খাইতে দিবে।

এ ভিন্ন ডায়াফেটীক মিকশ্চার সকল অর্থাৎ ঘর্ম্মকারক পানীয় সকল ব্যবহার হয়। যথা—

ক। টারটার এমেটীক ২॥০ গ্রেণ, জল ২০ আউন্স।

খ। টারটার এমেটীক ২॥০ গ্রেণ, ক্যাম্ফর ২০ গ্রেণ, জল ২০ আউন্স।

গ। টারটার এমেটীক ২॥০ গ্রেণ, লাইকর এমোনিয়া ২ ড্রাম, জল ১৯৮ আউন্স।

ঘ। টারটার এমেটীক ২॥০ গ্রেণ, ক্যাম্ফর ২০ গ্রেণ, লাইকর এমোনিয়া ২ ড্রাম, জল ১৯ আউন্স।

সকল ঘর্ম্মকারক পানীয় ঔষধের মাত্রা ১ আউন্স ঘণ্টায় ২ দিবে। যদবধি ঘর্ম্ম না হয়, এবং কম্বল বা বেজাই প্রভৃতি কাপড ঢাকা দিয়া রাখিবে, কদাচিত্ত রৌদ্রে থাকিতে দিবে না।

৫। প্রস্রাব অল্প ও আরক্তবর্ণ হইলে, ডায়ুরেটীক মিকশ্চার অর্থাৎ মূত্রকারক পানীয় দিবে।

ক। লাইট্রেট অভ পটাস ৪ ড্রাম, জল ২০ আউন্স।

খ। নাইট্রেট অভ পটাস ২ ড্রাম, নাইট্রিক ইথর ৪ ড্রাম, জল ১৯।। আউন্স।

গ। বাই কার্ব্বোনেট্ অভ পটাস ২ ড্রাম, জল ২০ আউন্স।

ঘ। নাইট্রেট্ অভ পটাস ২ড্রাম, নাইট্রিক্ ইথর ৪ ড্রাম, ক্যাম্ফর ২০ গ্রেণ, জল ১৯।। আউন্স।

সকল মূত্রকারক পানীয় ঔষধের মাত্রা ১ আউন্স ঘণ্টায় ২ দিবে, যদবধি প্রস্রাব পরিষ্কার না হয়।

৬। বাহ্যেও ঘর্ম্মের অল্পতা হইলে।

সলফেট্ অভ মেগনেসিয়া ১ আং, টাটার এমেটিক ২।। গ্রেণ, জল ২০ আং।

৭। বাহ্যে প্রস্রাপের অল্পতা হইলে।—

সলফেট অভ্ মেগনেসিয়া ১ আউন্স, নাইট্রেট অভ্ পটাস ৪ ড্রাম, জল ২০ আউন্স।

৮। ঘর্ম্ম মূত্রের অপ্লতা হইলে।—

টার্টাব এমেটিক ২৷৷০ গ্রেণ, নাইট্রেট অভ্ পটাশ ৪ ড্রাম, জল ২০ আউন্স।

৯। মল, মূত্র, ঘর্ম্ম, তিনেরই অল্পতা হইলে।—

সলফেট অভ্ মেগনেসিয়া ১ আউন্স, নাইট্রেট অভ্ পটাস ৪ ড্রাম, টার্টাব এমেটিক ২৷৷০ গ্রেণ, জল ২০ আউন্স।

ইহা হইতে তেজস্কর আবশ্যক হইলে।—

সলফেট অভ্ মেগনেসিয়া ১ আউন্স, নাইট্রেট অভ্ পটাস ২ ড্রাম টার্টাব এমেটিক ২৷৷৵ গ্রেণ, নাইট্রিক ইথর ২ ড্রাম, লাইকর এমোনিয়া ৬ ড্রাম, ক্যাম্ফব ২০ গ্রেণ, জল ১৯ আউন্স।

প্রত্যেক ফিবাব মিকশ্চাব অর্থাৎ জ্বর নাশক পানীয় ঔষধেব মাত্রা ১ আং, ঘন্টায় ২ দেওয়া যায়, যদবধি তাহাব উদ্দেশ্য সিদ্ধ না হয়।

কন্টিনিউড ভিন্ন অন্যান্য জ্বেবে তিনটি অবস্থা আছে, অতএব সকল ঔষধ সকল সময়ে প্রয়োগ হইতে পাবে না, তদ্বিবরণ যথা —

যখন রোগী শীত বোধ কবিবে, তখন তাহাকে কম্বল বেল্লাই প্রভৃতি কাপড় আবৃত কবিযা ছায়াব মধ্যে শয়ন কবাইয়া বাখিবে, আব গরম চা, কাফি, গরম জল, ঘর্ম্মকাবক পানীয় খাইতে দিবে, বমন কাবক আবশ্যক হইলে এই অবস্থায় দেওয়া যাইতে পাবে তাহাতে ঘর্ম্ম ও হইয়া থাকে।

যখন শবীবে জ্বালা (গ্রীষ্ম) বোধ হইবে, তখন কাপড় খুলিয়া দিবা অল্প অল্প বাতাস দিবে। এবং কোন উপসর্গ না থাকিলে,

শীতল জল লেমনেড্ প্রভৃতি পানীয় দেওয়া যাইতে পারে।

যখন ঘর্ম্মাক্ত হইয়া শরীর কিছু সুস্থ হইবে, তখন মূত্রকারক বিরেচক এবং কোন আশঙ্কা না থাকিলে কুইনাইন দেওয়া যায়, আবশ্যক হইলে পৃথক বিরেচক ঔষধ না দিয়া কুইনাইনের সঙ্গে দেওয়া যায়। যথা—

১। কুইনাইন ২ ড্রাম, ডাইলিউটেড্ সলফিউরিক এসিড্ ৪ ড্রাম, সলফেট অভ্ মেগনেসিয়া ২॥০ আং, ক্যাম্ফর ২০ গ্রেণ, জল ১৯॥ আং।

২। কেবল কুইনাইন মিকশ্চার, যথা—

কুইনাইন ৩ ড্রাম, ডাইলিউটেড্ সলফিউরিক্ এসিড্ ১ আউন্স, ক্যাম্ফর ২০ গ্রেণ, জল ১৯ আউন্স।

কেবল কুইনাইন মিকশ্চার হইতে তেজস্কর, যথা, আর্সিনিয়েট অভ্ কুইনাইন মিকশ্চার।

৩। লাইকুয়র আর্সিনিক ২ ড্রাম, কুইনাইন ২ ড্রাম, ডাইলিউটেড সলফিউরিক্ এসিড্ ৪ ড্রাম, ক্যাম্ফর ২০ গ্রেণ, জল ১৯ আউন্স।

এই তিন মিকশ্চারের প্রত্যেকের মাত্রা ১ আউন্স। আবশ্যক হইলে দিবসের ২।৩ বার দেওয়া যায়।

৪। জিহ্বা অপরিষ্কার ও শুষ্ক এবং কোষ্ঠ বদ্ধ থাকিলে বিরেচক, পিত্ত-নিঃসারক ও জ্বরনাশক ঔষধ দিবে।

ব্লুপীল অথবা ক্যালমেল ৫ গ্রেণ, কলসিন্থ ৫ গ্রেণ, কুইনাইন ৫ গ্রেণ, একত্রে মিশ্রিত করিয়া ২টি বটীকা করিবে, একবারে খাইতে দিবে, আবশ্যক হইলে জ্বরের যে অবস্থা ঠিক ১০—৩০ গ্রেণ পর্য্যন্ত কুইনাইন একবারে খাইতে দেওয়া যায়। গোলঞ্চ, নিম, চিরেতা ক্ষেত্তপাবড়া, নাটা করঞ্জা, মুথা, কণ্টিকারী, নিসিন্দা পত্র ইত্যাদি ঔষধ সকল জ্বরনাশক হেতু সর্ব্বদা ব্যবহার হইয়া থাকে।

১। ডিলিরিয়ম, অর্থাৎ প্রলাপ।উপসর্গ।—

জ্বরে কঞ্জেশ্চন অবধি ব্রেণ অর্থাৎ মস্তিষ্কে রক্তসঞ্চয় হইলে,রোগী যে ডিলেরিয়ম অর্থাৎ প্রলাপ বকে, তাহাতে মস্তক মুণ্ডন করিয়া শীতল জলসেক দিবে, গ্রীবায় ব্লিষ্টার দিবে এবং দুই রগে জোঁক দিবে, মূত্রকারক ও বিরেচক ঔষধ দ্বারাও বিশেষ উপকার লাভ হয়, যথা।—

সলফেট অভ্ মেগনেসিয়া ১ আউন্স, নাইট্রেট অব্ পটাস ২ ড্রাম, ক্লোরেট অভ পটাস২ ড্রাম, জল ২০ আউন্স ১ আউন্স মাত্রায় ঘণ্টায় ২ দিবে।

কেবল মূত্রকারক পানীয়, যথা।—

নাইট্রেট অভ্ পটাস ২ ড্রাম, ক্লোরেট অভ্ পটাস২ ড্রাম, জল ২০ আউন্স।

মাত্রা ১ আং, ঘণ্টায় ২ দিবে, যদবধি কার্য্যসিদ্ধি না হয়।

স্নায়ু বিকার জনিত রোগী যে বিড় বিড় করিয়া প্রলাপ বকে, তাহাকে লোমটবিং ডিলিরিয়ম কহে। এমন অবস্থায়, হস্ত, পদ জিহ্বা কম্প হয়। তাহাকে সব সল্টস্ টেণ্ডিনম্ কহে। এই কালে মস্তক মুণ্ডন করিয়া সর্ষপের পটি, অথবা প্লাষ্টর অভ্ ক্যান্থারাইডিস দিবে, জঙ্ঘা দেশে সর্ষপের পটি দিবে।

ক্লোরেট্ অভ্ পটাস ৪ ড্রাম, টিঞ্চার সিনকোনা ১ আং, ডিককসন্ অভ্ সিনকোনা ১৯ আউন্স।

মস্ক ৪ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, এরোমেটিক স্পিরিট অভ্ এমোনিয়া ১ আং, জল ১৯ আউন্স।

লাইকুয়র এমোনিয়াঈট্‌ং ২ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম জল ১৯ আউন্স।

সলফিউবিক ইথর ৪ড্রাম, কার্বোনেট অভ্ এমোনিয়া ৩ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, জল ১৯।।০ আউন্স।

ইউডিন্স ১।০ আং, ক্যাম্ফব ১ ড্রাম, জল ১৮৸০ আউন্স।

প্রত্যেক মিশ্চাবের মাত্রা ১ আং, ঘণ্টায় ১। ২। ৩। ৪। বার পর্য্যন্ত দিতে পাবা যায়। এই কালে ব্রাণ্ডী, সেবী, বম, প্রভৃতি সরাপ অল্প ক্যাম্ফব ও এমোনিয়া, এবং জল একত্রে পুনঃ পুনঃ খাইতে দেওয়া যায়।

২। কর্ফস। উপসর্গ।—

কখন কখন জ্ববেব কঠিনাবস্থায়, বক্ষস্থলেব পীডা উপস্থিত হইয়া অতিশয় যাতনা বা প্রাণান্ত পর্য্যন্ত ঘটায়। যথা, ব্রাঙ্কাইটিস্, নিউমোনিয়া ইত্যাদি। এইরূপ হইলে, বক্ষস্থলে জোক, বিষ্টার, কপিং, হট-ওয়াটব-ফোমেন্টেসন্ ইত্যাদি স্থানিক চিকিৎসা করিবে। আব কফ-মিকশ্চার প্রভৃতি যথাবিধি সেবনার্থ প্রদান কবিবে।

৩। তৃষ্ণা। উপসর্গ।—

কার্ব্বোনেট অভ্ সোডা ৪০ গ্রেণ, জল ২ আং এক পাত্রে মিশ্রিত কবিবেক, অন্য পাত্রে টাবটাবিক এসিড ৩০ গ্রেণ, জল ২ আং মিশ্রিত কবিবেক। পবে একটীব জল অন্যটীতে হঠাৎ ঢালিয়া দিযা, ফেনায়মান অবস্থায় খাইতে দিবে।

ক্রিম অভ্ টাব টাব ২ ড্রাম, চিনি ২ ড্রাম, জল ২ আং খাইতে দিবে।

আমলি ।।০ আং, চিনি ।।০ আং, জল৪ আং, খাইতে দিবে।

সির্কা ২ ড্রাম, জল ২ আং, একত্রে খাইতে দিবে।

লেমনেড্ খাইতে দিবে। ইহাদের অন্যতম সেবনে তৃষ্ণা দমন হয়।

৪। ভোমেট বা বমন। উপসর্গ।—

কার্ব্বোনেট অভ্ সোডা ৪০ গ্রেণ। টারটারিক এসিড্ ৩০ গ্রেণ, ভিন্ন ভিন্ন পাত্রে দুই দুই আং জল মিলাইয়া পরে একত্র করিয়া ফেনায়মান কালে খাইতে দিবে।

মর্ফিয়া সলিউসন ২০ বিন্দু, জল ২ আং একত্রে খাইতে দিবে।

ডাইলিউটেড্ হাইড্রোসায়ানিক এসিড ১৪ বিন্দু, জল ২ আং খাইতে দিবে।

বিষমথ ট্রস্ নাইট্রাস ১০ গ্রেণ, জল ২ আং খাইতে দিবে।

ইহাদের অন্যতর সেবনে বমন নিবারণ হয়। এবং উদরোপরি সর্ষপের পটি দিবে।

৫। হিক্কা। উপসর্গ।—

মৃগনাভি ১০ গ্রেণ, ক্যাম্ফর ১০ গ্রেণ, সলফিউরিক ইথর ২০ বিন্দু ক্লোরোফরম ৮ বিন্দু, ইহার অন্যতম বা দুইটী একত্রে জলের সঙ্গে খাইতে দিলে হিক্কা নিবারণ হয়।

৬। ডাইরিয়া বা উদরাময়। উপসর্গ।—

(অতি সার) জ্বরের মধ্যে ইহা কখন অল্পে অল্পে আক্রমণ করিয়া ক্রমে অতিশয় প্রবল হইয়া উঠে। কখন একবারে প্রবলভাবে আক্রমণ করে। এমন হইলে, উদরাময়ের চিকিৎসা করিবে। কখন কুইনাইন ৫ গ্রেণ, লডেনম ৩০ বিন্দু, গালিক এসিড ৫ গ্রেণ, জল ১ আং, ৩। ৩ ঘণ্টায় দেওয়া যায়।

৭। দাহ। উপসর্গ।—

১ আং সির্কা, ৭ আং গরম জল, একত্র করিরা কাপড় ভিজাইয়া গাত্র মুঞ্জন করিয়া অতি ত্বরায় শুষ্ক বস্ত্রে গাত্র মুঞ্জন করিবে। তাহাতে শারীরিক উষ্ণতা ও দাহ নিবারণ হয়। তাহাতে যদি নিদ্রা না হয়, তবে লডেনম ২০ বিন্দু, টারটার এমেটিক $\frac{১}{২}$ গ্রেণ,

জল ঃ আং খাইতে দিবে। শিঃরপীডা থাকিলে আফিং ঘটিত ঔষধ অবিধেয়।

৮। অর্গানিক ইনফ্লামেসন—যান্ত্রিক প্রদাহ।—

মস্তক, বক্ষ, উদর, সম্বন্ধীয় যে কোন যন্ত্রে প্রদাহ হইলে স্থানিক রক্ত মোক্ষণ এবং বিবেচক, মূত্রকারক, ঘর্ম্মকারক ঔষধ বিধান করিবে।

৯। হেমরেজ, (রক্তস্রাব) উপসর্গ।—

জ্বরের অতি কঠিন বিকারে, বর্ণ, নাসিকা, দন্ত, ফুসফুস, বাহ্যের দ্বার, প্রস্রাপ দ্বার প্রভৃতি হইতে রক্তস্রাব হয়।

উপসর্গের, স্নায়ু জনিত বিকারের প্রতিবিধানার্থ যে চারিটী নিক্শারের ব্যবস্থা আছে, তাহা প্রয়োগ করিবে, এবং স্থানিক রক্ত রোধ করিবার কারণ ফটকিরির জল ব্যবহার করিবে।

১০। সব্সল্টস্ টেণ্ডিনম্, স্নায়ু জনিত বিকার। উপসর্গ।—

হস্ত, পদ, অঙ্গুলি, জিহ্বা, কম্প হয়।

১১। কোমা (মোহ) উপসর্গ।—

জ্বরের অতি কঠিন বিকারে, রোগী নিদ্রিতের ন্যায় শয়ন করিয়া থাকে, কখন অল্প জ্ঞান থাকে, কখন থাকে না, আর সিরস এফিউজন্ হইলে, মস্তক চালনা করিতে থাকে।

১২। রোগী ক্রমে নিতান্ত দুর্ব্বল হইলে, জ্বরত্যাগ কালে, অথবা উঠিতে বসিতে গেলে, হঠাৎ মূর্চ্ছিত হয় এবং প্রাণ ত্যাগ করে। ১০ম, ১১শ, ১২শ, উপসর্গের চিকিৎসা।

উপসর্গে স্নায়ু জনিত বিকারের যে অবস্থা আছে, তাহাই প্রযোগ করিবে।

কেবল ঔষধে মনুষ্য জীবন ধারণ করিতে পারে না। জ্বরের রোগী বলবান হইলে জল সাগু, মধ্যবিধ হইলে দুগ্ধ ভাত, দুর্ব্বল

ও অবসন্ন হইলে দুগ্ধ ও চিনির সহিত গরম চা, কাফি, সাগু, এরারুট প্রভৃতি খাইতে দিবে।

প্লীনাইটিস্ অর্থাৎ প্লীহা।

প্লীহা উদরের বাম পার্শ্বে পঞ্জরের নিম্ন ভাগে স্বাভাবিক অবস্থায় অবস্থান করিতেছে। যখন বিবৃদ্ধ ও ভারী এবং বেদনা যুক্ত বোধ হয়, তখন তাহাকে প্লীনাইটিস্, অর্থাৎ প্রদাহযুক্ত প্লীহা কহে। প্লীহার কারণ, জ্বরকালে শৈত্য সেবন, কুভক্ষ্য ভক্ষণ, মেলেরিয়া ইত্যাদি। প্লীহার ফল, রক্তের লাল কণা ক্ষয়, ক্ষুধা মান্দ্য, অজীর্ণ, উদরাময়, রক্তামাশয়, শোথ, উদরী ইত্যাদি পীড়ায় আক্রান্ত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়। চিকিৎসা দ্বিবিধ। বাহ্যিক ও আভ্যন্তরিক।

বাহ্যিক যথা—

রোগীর বয়ঃক্রম ও বয়স বিবেচনা করিয়া প্রতি সপ্তাহে দুইবার করিয়া জোঁক দিবে।

প্রতি দিন ৪ চারিবার টিংচার অভ্ আইওডিন্ পেণ্ট অর্থাৎ পালকে করে লাগাইবে।

অথবা প্রতি দিন ৪ চারিবার আইওডাইন আয়েণ্টমেণ্ট মর্দ্দন করিবে।

অল্প বেদনা থাকিলে মষ্টার্ড প্লাষ্টর, অর্থাৎ সর্ষপের পটি লাগান যায়। (অর্দ্ধ ঘণ্টা রাখিবে)।

অধিক বৃহৎ হইলে ব্লিষ্টারিং ফ্লুইড্ অর্থাৎ ফোস্কাদায়ক আরক লাগান যায়।

এতদ্দেশীয়েরা গুল বসায় তাহাতেও উপকার আইসে।

আভ্যন্তরিক যথা—ইন্ফিউজন অভ্ চিরেতা ২০ আং, সলফেট্ অভ্ আইরণ ২০ গ্রেণ, কার্বার্ব পাউডার ৪০ গ্রেণ।

ইন্ফিউজন অভ্ চিরেতা ১৯।।০ আং,ষ্টিল ড্রাপ ।।০ আং,কার্বার্ব পাউডার ৪০ গ্রেণ।

ইন্ফিউজন অভ্ চিরেতা ২০ আং, কলম্ব পাউডার ৪ ড্রাম কার্বার্ব পাউডার ৫০ গ্রেণ, সল্ফেট অভ্ আইরণ ২০ গ্রেণ।

সলিউসন অভ্ কুইনাইন ২ আং,সলফিউরিক ইথর ।।০ আং,সলফেট অভ্ আইরণ ২০ গ্রেণ, জল ১৭।।০ আউন্স।

ইন্ফিউজন অভ্ চিরেতা ১৯।।০ আং, কলম্ব পাউডার ৪ ড্রাম কার্বার্ব পাউডার ৪০ গ্রেণ, ষ্টিল ড্রপ ৪ ড্রাম।

সির্কা ৫ আং, রসুনের রস ৫ আং, জল ১০ আউন্স।

টিং-ষ্টিল ।।০ আং,টিঞ্চার জিঞ্জার ।।০ আং,টিং-কার্বার্ব ।।০ আং টিংকলম্ব ।।০ এসেন্স অভ্ পিপারমেণ্ট ।।০, আউন্স। চিরেতার জল ১৭।।০ আং।

টিঞ্চার জিঞ্জার ।।০ আং, ডাইলিউটেড্ মিউরিএটিক এসিড্ ।।০ আং,ষ্টিল ড্রপ ।।০ আং,ইন্ফিউজন অভ্ চিরেতা ১৮।। আউন্স।

ব্রোমাইড্ অভ্ পটাসিয়ম ১ ড্রাম, জল ২০ আং,মাত্রা ১ আং, দিবসে ৩ বার।

উপরোক্ত প্রত্যেক মিক্শ্চারে চিরেতার পরিবর্ত্তে কুইনাইন মিকশ্চার দেওয়া যাইতে পারে। প্রত্যেক মিকশ্চারের মাত্রা ১ আং দিবসে ২। ৩। ৪। বার পর্য্যন্ত দেওয়া যায়। প্রতি সপ্তাহে জোলাপ দিবে। উত্তম খাদ্য দিবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে। বায়ু পরিবর্ত্তন করাইবে। প্লীহা রোগীকে মার্করী অর্থাৎ পারদঘটিত কোন ঔষধ দিলে, বিপদ ঘটে। উদরাময়, রক্তামাশয়, প্রভৃতি পীড়া সকল

উপসর্গরূপে উপস্থিত হইলে, তাহাদের পৃথক্ ভাবে চিকিৎসা কর্ত্তব্য। নতুবা অপকার হইতে পারে।

হিপেটাইটিস্ যকৃৎ প্রদাহ।

উদরের দক্ষিণ ভাগে পঞ্জরের নিম্নে যকৃৎ অবস্থিতি করিতেছে, ইহাতে প্রদাহ হইলে উক্ত স্থান বেদনা ও ভারী বোধ হয়, এবং যকৃৎ যে পরিমাণ বৃদ্ধি হয়, পঞ্জরের নিম্নে হস্ত পরীক্ষায় জ্ঞাত হওয়া যায়, রোগী দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে পারে; কাশী থাকে, জ্বর ও থাকিতে পারে। উষ্ণতা শীতলতা অল্প বিশ্রামশীল, ও বিশ্রাম শীল জ্বর, দক্ষিণ কক্ষে আঘাত প্রাপ্ত ইত্যাদি কারণে যকৃতে প্রদাহ হয়।

পরিণাম ত্রিবিধ যথা। ১ ম, রেজোলিউসন্, সহজ শান্তি। ২ য়, এবসেস স্ফোটক। ৩ য় ক্রনিকপুরাতন হওন।

সহজ শান্তি যথা। কালমেল ৫ গ্রেণ, কমপাউণ্ড জ্যালাপ ১ ড্রাম, ক্রিম অভ্ টারটার ১ড্রাম, এই কয়েক দ্রব্য একত্র করিয়া জোলাপ দিবে। আর দক্ষিণ কক্ষোপরি, হট ওয়াটর ফোমেণ্ট, অর্থাৎ গরম জলের সেক দিবে। মষ্টার্ড প্লাষ্টর অর্থাৎ সর্ষপের পটি দিবে। লিচ অর্থাৎ জোঁক লাগাইবে। কপিং, পোল্টিস ব্লিষ্টার, ইত্যাদি যথাক্রমে বিবেচনা মতে দেওয়া যাইতে পারে। উপরোক্ত উপায়ে যদি আরোগ্য না হয়, তবে ক্যালমেল পীল, যথা, ক্যালমেল পীল ৪০ গ্রেণ,ওপিয়ম ২।। গ্রেণ, একত্রে ১০টী বটিকা হইবে মাত্রা ১টী ৪।৪ ঘণ্টায় খাইতে দিবে, ২।৩ দিবস খাইলেই মুখ আইসে অর্থাৎ দন্তমূল

ঈষৎ স্ফীত ও বেদনাযুক্ত হয়, এবং অল্প২ লাল পড়িতে থাকে। এইকালে উক্ত বটিকা নিবারণ করিয়া। এলাম গার্গল, অর্থাৎ ফটকিরির কুল্লী দিবে যথা। এলাম ২ ড্রাম জল ২০ আউন্স এইরূপে আরোগ্য হইলেই সহজ শান্তি বলা যায়,। ক্যালমেলের পরিবর্ত্তে ব্লুপিল, গ্রামর্শ পীল, গ্রে পাউডর দেওয়া যাইতে পারে,। বায়ু পরিবর্ত্তন একটী মহোদুপায় জানিবে।

স্ফোটক, যদি সহজ শান্তি না হইয়া যকৃতে পুযোৎপত্তি (সপিউ রেসন) হয়, তবে অতি সাবধানে চিকিৎসা করিবে। পঞ্জরের সহিত স্ফোটকের যোগ হইলে উত্তম, যেহেতু অস্ত্র চিকিৎসায় আরোগ্য হইতে পারে, আভ্যন্তরিক যন্ত্রের সহিত যোগ হইলে কঠিন হয়। হেক্‌টিক ফিবার অর্থাৎ আভিঘাতিক জ্বরের দ্বারা যকৃতে পুযোৎপত্তি এবং পঞ্জরের কোন অংশের সহিত তাহার সংযোগ হইয়াছে তাহা নিশ্চয় হইলে সুনিপুন চিকিৎসক তাহাতে ট্রোকার কেনিউলার অস্ত্র দ্বারা পুয বাহির করিয়া ক্ষতের যথা বিহিত চিকিৎসা করিবেন, ষ্টিমিউলেন্ট অর্থাৎ উত্তেজক, টনিক অর্থাৎ বলকারক, এনোডাইন অর্থাৎ বেদনানিবারক। যথা, এমোনিয়া, কুইনাইন, আফিং পোর্ট, সেরী ইত্যাদি ঔষধ সেবন করাইবে। উত্তম খাদ্য দিবে। পরিষ্কার বস্ত্র এবং ফ্লানেলের জামা ব্যবহার করিতে দিবে। এই রূপে আরোগ্য পাইলে উত্তম, নতুবা বায়ু পরিবর্ত্তন করাইবে।

পুরাতন যকৃৎ প্রদাহ। যদি যকৃতে পুঁযোৎপত্তি না হইয়া প্রদাহ ক্রমে মৃদু ও বহুকাল স্থায়ী হয়, তবে সর্ব্বদা পিত্তনিঃসারক ও বিরেচক প্রদান করত কোষ্ঠ পরিষ্কার করিবে। যথা, রুবার্ব্ব পাউডর ১০ গ্রেন, কম্‌পাউণ্ড জ্যালাপ ২০ গ্রেণ, ক্যালমেল ৫ গ্রেণ, একত্রে মিশ্রিত করিয়া রাত্রে শয়নকালে খাইতে দিবে, সপ্তাহে ২।৩ দিন দেওয়া যায। বাহ্য চিকিৎসা। গরম জলের সেক সর্ষপের

পাটি, পুল্টীস, টিংচার অভ্ আইওডাইন্ আইওডাইন অয়েণ্টমেণ্ট মর্দ্দন, জলৌকা পাতন, ব্লিষ্টার, সামান্যভাবে যথানুক্রমে দেওয়া যায়।

১। একষ্ট্রাকৃট অভ্ ট্যারাক্সেকম্ ১০ গ্রেণ মাত্রায় দিবসে তিন-বার খাওয়ান যাইতে পারে।

২। পেডোফলিয়ম্ পাউডার, ৮ গ্রেণ মাত্রায় দিবসে তিনবার খাওয়ান যাইতে পারে।

৩। আইওডাইড্ অভ্ পটাস্ ২ ড্রাম, চিরেতা ২০ আং, মাত্রা ১ আউন্স দিবসে তিনবার।

৪। ডাইলিউটেড্ নাইট্রোমিউরিএটিক এসিড্ ১ আং, ডিক্কসন অভ্ সিন্‌কোনা ১৯ আং, মাত্রা ১ আউন্স।

যকৃতের প্রদাহকালে যদি প্লীহাতে প্রদাহ থাকে, তবে পারদ-ঘটিত ঔষধ অবিধেয়, আর অন্যান্য রোগ থাকিলে তাহার পৃথক চিকিৎসা কর্ত্তব্য, পথ্যাদি পূর্ব্ববৎ।

জন্‌ডিস্ অর্থাৎ পাণ্ডুরোগ।

চক্ষু ও নখ এবং প্রস্রাব হরিদ্রাবর্ণ প্রভৃতি কয়েকটী লক্ষণ দৃষ্টে এই রোগ নিশ্চয় করা যায়। এই রোগ যত পুরাতন হয়, ততই সর্ব্বশরীর হরিদ্রাবর্ণ হইতে থাকে। এমন কি ব্লিষ্টার দিলে তাহাতে যে জল নির্গত হয়, তাহাও হরিদ্রাবর্ণ হইয়া থাকে। শীতলতা উষ্ণতা সুরাসেবন, অন্ত্রে কঠিন মল, ম্যালেরিয়া ইত্যাদি কারণে এই রোগের উৎপত্তি হইয়া থাকে, কারণানুসারে চিকিৎসা কর্ত্তব্য। প্রদাহ অনুমিত হইলে যকৃৎ প্রদেশে গরম জলের সেক প্রভৃতি যকৃতের বাহ্যচিকিৎসার ন্যায় কর্ত্তব্য, যে কারণেই হউক নিম্নলিখিত

জোলাপ দেওয়া যায়, (গ্রেপাউডব ৫ গ্রেণ, কম্পাউণ্ড জোলাপ পাউডব ১ ড্রাম, ক্রিম অভ্ টাটার ১ ড্রাম,) তৎপরে গ্রেপাউডাব ৫ গ্রেণ, কার্বোনেট্ অভ্ সোডা ১০ গ্রেণ, একত্রে একবাবে এইরূপ দিবসে তিনবাব দিবে, বেঞ্জিন্ অভ্ পেড়ো ২০ গ্রেণ, রুবার্ব্ব পাউডাব ৪ ড্রাম একত্রে মিশ্রিত কবিয়া ৪০টী বটিকা হইবে, মাত্রা ১টী দিবসে ৩। ৪টী দেওযা যাইতে পাবে।

ডাইলিউটেড্ নাইট্রোমিউরিএটিক এসিড্ ১ আং টিঞ্চাব অভ্ সিনকোনা ২ আং, পিপারমেণ্ট ওয়াটব ১৭ আং, মাত্রা, ১আং দিবসে ৩। ৪ বার দিবে, জ্বব সত্ত্বে এই সঙ্গে কুইনাইন দেওযা যায়। অন্যান্য বোগ থাকিলে তাহাব প্রত্যেক চিকিৎসা কবা কর্ত্তব্য, উত্তম খাদ্য দিবে বায়ু পবিবর্ত্তন কবাইবে এবং পবিষ্কাব্ পবিচ্ছন্ন বাখিবে।

এসাইটিস্ বা উদরী ড্রপসি বা শোথ।

উদব স্ফীত টিপিলে অঙ্গুলি পীড়িত চিহ্ন হয। উদবেব একপার্শ্বে হস্ত বাখিযা অন্য পার্শ্বে টোকা মাবিলে স্থাপিত হস্তে জল তরঙ্গবৎ বোধ হয়। হস্ত পদ, ও মুখ দুর্ব্বলতা বশত, ফুলিলে এবং স্ফীত স্থান টিপিলে অঙ্গুলি পীডিত চিহ্ন হয়। তাহাকে ইডিমা বা লোকেল ড্রপসি বলা যায়। আব যদি সর্ব্বাঙ্গেব সহিত উদবে জল সঞ্চাব হয়। তবে তাহাকে জেনাবেল্ এনাসাযকা বলা যায়।

প্লীহা যকৃৎ উদরবেষ্টক পর্দ্দা প্রভৃতিব প্রদাহ বশতঃ উক্ত পর্দ্দাব মধ্যে সিবম অর্থাৎ একপ্রকাব জলবৎ ক্লেদেব সঞ্চার হইয়া থাকে, তাহাতে উদরীরোগের সঞ্চার হয়। আর দুর্ব্বলাবস্থায় কঠিন পরিশ্রম প্রভৃতি কারণে বক্তেব গতি মন্দ হইয়া, অধ এবং উৰ্দ্ধ শাখায় জল সঞ্চাব হইযা থাকে, তাহাতে শোথ বোগেব সঞ্চার হয়। ফলে উভয়বিধ কাবণেই শোথ এবং উদবী এবং সার্ব্বাঙ্গিক শোথ হইতে পারে, যাহাই হউক হৃদপিণ্ড ও ফুসফুসের প্রতি দৃষ্টি বাখা

কর্ত্তব্য। কারণানুসারে চিকিৎসা করিবে, যদি দুর্ব্বলতা ও প্লীহা প্রভৃতি এই রোগের কারণ হয়। তবে অতি প্রাতে ১ আউন্স মাত্রায় হোয়াইড্ মিক্শ্চার দিবে। যথা—

কুইনাইন ২ ড্রাম, ডাইলিউটেড্ সলফিউরিক এসিড্ ৪ ড্রাম, সলফেট অভ্ আইরণ ২০ গ্রেণ, সলফেট অভ্ মেগনেসিয়া ৫ আং, জল ১৯॥০ আং, টনিক্মিক্শ্চার অর্থাৎ বলকারক পানীয় ১০। ২। ৬ ঘণ্টা এই তিন সময়ে ১ আং, মাত্রায় দেওয়া যায়। টনিক্মিক্শ্চার পৃথক্ বর্ণন করা অনাবশ্যক, যেহেতু প্লীহার চিকিৎসার যে ৯টী স্পিলিন্ মিক্শ্চার লেখা হইয়াছে, তাহার ৬ নং ৯ নং মিক্শ্চার ব্যতীত অপর কটীর নাম টনিক্মিক্শ্চার।

যদি প্রস্রাব অল্প ও আরক্ত বর্ণ হয়, তবে জীণ সরাপ ২॥০ আং, জল ১৭॥০ আং, মাত্রা ১ আং, ২। ২ ঘণ্টার অথবা টিঞ্চার অভ্ স্কুইল ৪ ড্রাম, জল ১৯॥০ আং, মাত্রা ১ আং, ২। ২ ঘণ্টান্তর দিবে।

কোষ্ঠ পরিষ্কার না থাকিলে, কংভল্যালাপ পাউডার ২০ গ্রেণ, জিঞ্জার পাউডার ১০ গ্রেণ, কার্ব্বোনেট অভ্ সোডা ১০ গ্রেণ, মিশ্রিত করিয়া শয়নকালে একবারে খাইতে দিবে। উত্তম খাদ্য দিবে, পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে। ফ্লানেলের কুর্ত্তী দিবে. বায়ু পরিবর্ত্তনেও বিশেষ উপকার হয় ইতি।

এণ্টোজোয়া অর্থাৎ ক্রিমি ব্যাধি।

মাথাব্যথা পেটব্যথা, গা ঘোরে মুখে জল উঠে। নাক চুল কানায়, নিদ্রাবস্থায় দন্তে দন্তে শব্দ হয়। এই সকল লক্ষণ দর্শনে ক্রিমিব্যাধি নিরূপিত হয়। ক্রিমি ৪ প্রকার, যথা—

এস্কেরিডিস সুত্র খণ্ডবৎ। ২ লাম্বিসাই পার্থিব কিঞ্চুলুকাবৎ।

ট্রাইকিউরিস বেগুনী রঙ্গের ৪ টিনিয়া অর্থাৎ ফিতার ন্যায় গাত্রমধ্যে গ্রন্থিবিশিষ্ট।

যেস্থানে অধিক ক্রিমি রোগ উৎপন্ন হয়, তথায় জল, বায়ু, স্থান, খাদ্য, ইত্যাদির অন্যতমে, যে ক্রিমি বীজ সংমিলিত থাকে তাহার আর সন্দেহ নাই। ক্রিমি উদরে অধিক পরিমাণে উৎপন্ন হইলে বা অধিক কাল থাকিলে, গুল্ম বায়ু, মৃগী, ধনুষ্টঙ্কার, আক্ষেপ, ফুস্‌ফুস্‌ হইতে রক্তস্রাব, অক্ষুধা, অতি ক্ষুধা, অজীর্ণ, উদরাময়, রক্তামাশয়, প্রভৃতি পীড়া সকল উৎপন্ন হইয়া থাকে। তিক্ত যে ক্রিমি নাশক, তাহা নিশ্চয় বলা যাইতে পারে।

ভেঁট পাতার রস, আনারসের পাতার কোমলাংশের রস, কেলিকদম্ব পাতার রস, প্রত্যেকের অর্দ্ধ ছটাক পরিমাণে একত্রে মিলাইয়া সেবন করাইলে ক্রিমি নষ্ট হয়।

লোহিতবর্ণ চিরেতা ১ আং পরিমাণে দিবসে তিনবার দেওয়া যায়।

ক্যাষ্টর অয়েল ১ আং টার্বিপিন্‌ তৈল ১ আং একত্রে খাইতে দিবে, তাহাতে ক্রিমি নষ্ট ও বিরেচন হয়।

স্যান্টনিন্‌ ৬ গ্রেণ, জল ১ আং একত্রে খাওয়াইয়া ২।৩ ঘণ্টা পরে, জোলাপ দিবে।

ইন্‌ফিউজন অভ্‌ কেসু অর্দ্ধ আং, খাওযাইয়া দুই ঘণ্টা পরে, জোলাপ দিবে।

ডালিম গাছের শিকড়ের রস অর্দ্ধ ছটাক পরিমাণে ২।৩ দিন খাইতে দেওয়া যায়। মস্তক ঘূর্ণন হইলে আর দিবে না।

ইন্‌ডাইজেশ্চন্‌, বা অজীর্ণ ব্যাধি।

ক্ষুধামান্দ্য, কখন হটাৎ অধিক ক্ষুধা, জিহ্বা অপরিষ্কার, কখন পেটে বেদনা, বমন, বুকজ্বালা, উদ্‌গার, ইত্যাদি লক্ষণ সকল প্রকাশ পায়।

অক্ষুধায় খাওন। চর্ব্বদ্রব্য বিনা চর্ব্বনে গিলিয়া খাওন। গুরুপাক

দ্রব্য অধিক পরিমাণে খাওন। সুরা সেবন, অন্ত্রে ক্রিমি, ইত্যাদি কারণে পাক রসের স্বল্পতা, বা আধিক্য হইলে, এই পীড়া হইয়া থাকে। কারণানুসারে চিকিৎসা করিবে। যথা।

গুরুপাক দ্রব্য উদরে থাকিলে। এসেন্স অভ্ পিপারমেণ্ট ১০ বিন্দু, জল বা চিরেতা ১ আং এক মাত্রা, এমন দিবসে ৩ বার।

টিঞ্চার অভ্ জিঞ্জার ৩০ বিন্দু, চিরেতা বা জল ১ আং এক মাত্রায় দিবে, দিবসে ৩ বার দেওয়া যায়।

এসিটিক এসিড্ ১ ড্রাম। জল বা চিরেতা ১ আং, ১ মাত্রায় দিবে, দিবসে ৩ বার দেওয়া যায়।

পিপারমেণ্ট অয়েল ৩ বিন্দু, জল বা চিরেতা ১ আং এক মাত্রায় দিবে, দিবসে ৩ বার দেওয়া যায়।

কলম্ব পাউডার ২০ গ্রেণ, জিঞ্জার পাউডার ২০ গ্রেণ, সিনামন ওয়াটর ১ আং, ক্যামোমাইল ওয়াটর ১ আং। টিঞ্চার অভ্ কার্ডে-মম ১ ড্রাম, টিঞ্চার অভ্ ল্যাভেণ্ডর ॥ ড্রাম, ক্যাম্ফর ১০ গ্রেণ, ইহাদের অন্যতম দ্বারা প্রতিকার লাভ হইতে পারে।

অন্ত্রে ক্রিমি থাকিলে, ক্রিমিনাশক ঔষধ প্রদান করিবে।

যদি অধিক পরিমাণে অম্ল কিম্বা পিত্ত অথবা উভয়ই উৎপন্ন হইয়া বেদনা প্রভৃতি যন্ত্রণাকারক হয়, তবে, এক প্রকার শূল বলা যায়। তাহার চিকিৎসা যথা।

বেদনানাশ হেতু উদর প্রদেশে সর্ষপের পটি দিবে। আর টিঞ্চার হেনবেন ৩০ বিন্দু ও টিংচার জিঞ্জার ৩০ বিন্দু, জল ১ আং খাইতে দিবে। ১। ১ ঘণ্টান্তর দেওয়া যায়।

যদবধি বেদনার শান্তি না হয়। আর প্রতি সপ্তাহে একটী জোলাপ দেওয়া কর্ত্তব্য।

কবার্ব্ব পাউডার ১ ড্রাম, কলম্ব পাউডার ২ ড্রাম, জিঞ্জার

পাউডার ১ ড্রাম, বিষমথ টজ নাইট্রেট ১ ড্রাম, কার্ব্বোনেট অভ সোডা ২ ড্রাম, পুপিযাড চাক ১ ড্রাম মোট ৮ আট ড্রাম, ইহাতে ২৪ টী পুরিযা হইবে। মাত্রা ১টী পুরিয়া দিবসে ৩টী দেওয়া যায়। পরে ২৪টী পুরিয়া করিযা ১টী মাত্রায দিবসে ২। ৩টী দিবে।

লঘুপাক দ্রব্য খাইতে দিবে। পরিস্কার পরিচ্ছন্ন রাখিবে। অশ্ব প্রভৃতি জন্তুর অগ্নি মান্দ হইযা শরীর শুষ্ক হইলে। গন্ধক ৪ আং ২ সোরা ১ আং, মুণ্টিচূর্ণ ৩ আং, মুসর্ব্বর ৩ আং এবণ্ড তৈল ॥ অদ্ধ ছটাক বার গুড় ২ আং, একত্রে আটটী গুলী হইবে দিবসে ১টী এমন ৩ দিন পরে ১ দিন দেওয়া যায়।

ডাইরিয়া। অর্থাৎ উদরাময়।

ক্ষুদ্রাস্ত্রদিগের মধ্যে, উত্তেজন হইযা যে পাতলা মল পুনঃ পুনঃ নির্গত হয়। তাহাকে উদরাময় বলা যায। কুভক্ষ্য ভক্ষণ, মন্দ জল পান, অন্ত্রে ক্রিমি, পিত্ত ও অম্ল রসের আধিক্য বাহ্যাসত্তা ইত্যাদি নানা কারণে উদরা ময় হইয়া থাকে। কারনানুসারে চিকিৎসা।

(ক্যাষ্টর অয়েল ১। ২ আং, এসেন্সপিপারমেণ্ট ১০ বিন্দু, লডেনম ৮ বিন্দু) ইহাদের দ্বারা জোলাপ দিবে। উদরের যেস্থানে বেদনা আছে, তথায় গরম জলের সেক দিবে। সর্ষপের পটি লাগান যায়। ইহাতেই অনেকে আরোগ্য হইয়া থাকে। যদি উপোরোক্ত ঔষধে প্রতিকার লাভ না হয়। তবে নিম্নের লিখিত ঔষধ সকল যথানুক্রমে প্রয়োগ করা যায।

কম্পাউণ্ড পাউডার অভ্ কাইনো ২০ গ্রেণ, কম্পাউণ্ড পাউডার অভ্ ক্যাটাকিউ ২০ গ্রেণ, কম্পাউণ্ড পাউডার অভ্ চাক ৩০ গ্রেণ, কম্পাউণ্ড পাউডার অভ্ চাক উইথ ওপিয়ম্ ২০ গ্রেণ, ডোবর্স পাউডার ১০ গ্রেণ। ইহাদের অন্যতম দিবসে ২।৩।৪।৫।৬ বার পর্য্যন্ত খাওয়ান যায়।

• ক্যাটাকিউ ২০ গ্রেণ, ওপিয়ম ১ গ্রেণ, এক মাত্রায় দিবে। দিবসে ৩।৪।৫।৬ বার পর্য্যন্ত দেওয়া যায়।

কাইনো পাউডার ১০ গ্রেণ, কার্ব্বোনেট অভ্ সোডা ১০ গ্রেণ, কম্পাউণ্ড অভ্ চাক উইথ ওপিয়ম ২০ গ্রেণ, ১ মাত্রায় দিবে। দিবসে ২।৩।৪।৫।৬ বার পর্য্যন্ত দেওয়া যায়।

টিঞ্চার অভ্ ক্যাটাকিউ ১ আং, টিঞ্চার অভ্ কাইনো ।।০ আং, লডেনম ।।০ আং, জল ১৮ আং,) মাত্রা ১ আং, দিবসে ৪। ৬ বার দেওয়া যায়।

টিঞ্চার অভ্ ক্যাটাকিউ ১ আং,লডেনম ।।০ আং,জল ১৮।।০ আং, মাত্রা ১ আং দিবসে ৩।৪।৫।৬ বার পর্য্যন্ত দিবে।

টিংক্যাটাকিউ ১ আং, টিঞ্চার অভ্ কাইনো ।।০ আং, লডেনম ।।০ আং, চক্ ।।০ আং, জল ১৮ আং,) মাত্রা ১ আং, দিবসে ৪।৬ বার দেওয়া যায়।

পৃপিয়ার্ড চক,৪ ড্রাম,টিং অভ্ ক্যাটাকিউ ২।।০ আং,টিং কাইনো ১।০ আং, লডেনম ৪ ড্রাম, এসেন্স অভ্ পিপারমেণ্ট ২ ড্রাম, জল ১৫।।০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩।৪।৫।৬ বার পর্য্যন্ত দেওয়া যায়।

লডেনম ৪ ড্রাম, কাইনো পাউডার ৪ ড্রাম, ক্যাটাকিউ পাউডার ৪ ড্রাম, চক্ ৪ ড্রাম, সিনামম ওয়াটর ১ আং, জল ১৮।।০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩।৪।৫।৬ বার পর্য্যন্ত দেওয়া যায়।

জিঞ্জার পাউডার ৪ ড্রাম, কলম্ব পাউডার ৪ ড্রাম, চক্ ৪ ড্রাম, লডেনম ৪ ড্রাম, পিপারমেণ্ট ওয়াটর ১ আং, জল ১৮।।০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪। ৫। ৬ বার পর্য্যন্ত দেওয়া যায়।

গ্যালিক এসিড্ এণ্ড ওপিয়ম পীল। গ্যালিক এসিড্ ৩০ গ্রেণ, ওপিয়ম ৬ গ্রেণ, একত্রে ৬ টী বটিকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩। ৬ টা পর্য্যন্ত।

সুগার অভ্ লেড্ এণ্ড ওপিয়ম পীল। (সুগার অভ্ লেড্ ৩০ গ্রেণ, ওপিয়ম ৬ গ্রেণ) ৬ টী বটিকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩। ৬ টা পর্য্যন্ত।

ব্লুপীল এণ্ড কলম্ব পীল। (ব্লুপীল ৬ গ্রেণ, ইপিক্যাক ৬ গ্রেণ, কলম্ব ১২ গ্রেণ), ৩টী বটিকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩ টী।

শ্রীফল-পোড়া, সিদ্ধ, মোরব্বা, পাকা, প্রত্যেকেই এই রোগে বিশেষ উপকারী।

রোগী নিতান্ত দুর্ব্বল হইলে, রম মিক্শ্চার্ দেওযা যায় যথা।

রম ৫ আং, কার্ব্বোনেট অভ্ এমোনিযা ২ ড্রাম, জল ১৫ আং, মাত্রা ১ আং, দিবসে ৪। ১২ বার পর্য্যন্ত।

দুগ্ধ অতি উৎকৃষ্ট উপায়, যাহাকে দুগ্ধ সেবন করাইলে পীড়া বৃদ্ধি হয়, তাহাকে চুনের জলের সঙ্গে সেবন করাইবে।

ডিসেণ্ট্রী, অর্থাৎ রক্তামাশয়।

স্থূলান্ত্রদিগের শ্লেষ্মিক ঝিল্লীতে প্রদাহ হইলে, ডিসেণ্ট্রী বলা যায়। পুনঃ পুনঃ বাহ্যে হয়, মলে রক্ত থাকে, অতিশয় কোথানি

ও পেট মোচড়ানী থাকে। এই রোগ পুরাতন হইলে সকল লক্ষণই হ্রাস পায়, কিন্তু অন্ত্রে ক্ষত হইয়া কখন কখন পচন হইয়া থাকে, তাহাতে মলে পূঁয ও পচামাংস দেখা যায়। যকৃতে পিত্ত প্রায় উৎপন্ন হয় না। একারণ যকৃতের এক প্রকার রসে কাল বর্ণের মল নির্গত হয়। শীতলতা, উষ্ণতা, শ্রমাধিক্য, ম্যালেরিয়া, কুভোজন, অজীর্ণ, ইত্যাদি কারণে, এই পীড়া উৎপন্ন হয়। রক্তামাশয় অধিক দিবস থাকিলে, কাহার যকৃৎ কাহার প্লীহাতে রোগ জন্মে, কাহার বা অস্থিচর্ম্মাবশেষ হইয়া মৃত্যু ঘটে।

ক্যাষ্টর অয়েল ১ আং, লডেনম ৮ বিন্দু, এসেন্স অভ্ পিপার-মেন্ট ১০ বিন্দু, ইহাদ্বারা জোলাপ দিবে।

ইপিক্যাক পাউডার ২০ গ্রেণ, লডেনম ৩০ বিন্দু, একত্রে খাইতে দিবে, এই রূপ দিবসে ৩ বার।

ডিসেন্ট্রীপীল—যথা,ইপিক্যাক পাউডার ১ ড্রাম,লডেনম ১ ড্রাম, চিনির পাক যথা, প্রয়োজন ২০টী বটিকা হইবে মাত্রা ১টী দিবসে ৩। ৪। ৫। ৬টী পর্য্যন্ত দেওয়া যায়।

জ্বর থাকিলে, ইপিক্যাক পাউডার ১৫ গ্রেণ, কুইনাইন ৯ গ্রেণ, ওপিয়ম ৩ গ্রেণ, একত্রে ৩টী বটিকা হইবে মাত্রা ১টী দিবসে ৩ বার খাইতে দিবে, যদি জ্বর না থাকে আর ম্যালেরিয়া এই পীড়ার কারণ হয়, তথাচ ৪ চতুর্থ উপায় মহৌষধ জানিবে।

ডাইরিয়ার নিমিত্ত যে সকল ব্যবস্থা হইয়াছে, পুরাতন ডিসে-ন্ট্রীতে সেই সকল ব্যবহার হয়।

অন্ত্রের ক্ষতস্থানে (সুক্ষ,) পচন হইতেছে জানিতে পারিলে, সলফেট অভ্ কপর এণ্ড ওপিয়ম পীল দিবে। যথা, (সলফেট অভ্ কপর ৪ গ্রেণ, ওপিয়ম ৪ গ্রেণ,) একত্রে ৪টী বটিকা হইবে, একদিনে ৪টী খাইবে।

কোথানী নিবাবণ করিতে এনোডাইন ইঞ্জেকসন দিবে। যথা অধিক জল সহ পিচকারী দিলে উক্তজল বাহির হইয়া যায়, একারণ (লডেনম ২ ড্রাম, শীতল জল ২ আং,) একত্রে পিচবাবী দিবে।

উদবের উপর বেদনা স্থলে গরম জলেব সেক, সর্ষপের পটি, জোঁক দেওয়া যায়।

দুগ্ধ, সাগু, এবাকট প্রভৃতি সুখাদ্য দিবে। যাহার দুগ্ধ সেবনে পীড়া বৃদ্ধি হয় তাহাকে চূনের জলেব সঙ্গে সেবন করাইবে, যেহেতু দুগ্ধ অতি মহৌষধ।

রোগ আবোগ্য হইলে পব এবোমেটীক সলফিউরিক এসিড্ ৫-২০ বিন্দু অথবা ডাইলিউটেড্ সলফিউবিক এসিড্ ১০-৩০ বিন্দু পর্য্যন্ত। চিবতার সঙ্গে দিবসে তিনবাব এইরূপ কিছুকাল খাইতে দিবে।

কলেরা অর্থাৎ ওলাউঠা।

কুমড়া পচানী জলের ন্যায ভেদ, বমন, হস্তপদে আক্ষেপ ও খীল ধবে, মূত্রাভাব, ঠোট নীলবর্ণ, চক্ষু আবক্তিম ও কোঠবে নিমগ্ন, অতি পিপাসা, শরীবে শীতল ঘর্ম্মের উৎপত্তি, নাড়ী অতি সুক্ষ্ম ইত্যাদি লক্ষণ দ্বাবা ওলাউঠাকে নিশ্চয় কবা যায়। ওলাউঠা ত্রিবিধ যথা, বিলিযস্ কলরা, বা পৈত্তিক ওলাউঠা। কলরা মব্বস বা প্রকৃত ওলাউঠা, ক্রনিক কলরা বা পুবাতন ওলাউঠা।

পৈত্তিক ওলাউঠাতে প্রথমে প্রস্রাব হয়, তাহা বক্তবর্ণ, কাহাব বা মধ্যে মধ্যে অতি অল্প পবিমাণে প্রস্রাব হয়, তাহা রক্তবর্ণ। নাড়ী সূক্ষ্ম ও বেগবতী, রোগীর জ্ঞান থাকে, অতি সাবধানে অনু-

সন্ধান করিলে জানা যায়, যে দিবস ও রাত্রের মধ্যে অতি অল্প পরিমাণে জ্বরভাব হয়। জিহ্বা শ্বেতবর্ণ, মুখের আস্বাদ তিক্ত বা বিস্বাদ।

প্রকৃত ওলাউঠাতে প্রস্রাব একদা থাকে না কাহার বা বমন ও হয় না। কেবল ১। ২। ৩। ৪ বার ভেদ হয়, তাহাতেই রোগী অজ্ঞান হইয়া যায়, ও আক্ষেপ প্রভৃতি প্রকাশ পায়।

পুরাতন ওলাউঠা অর্থাৎ ওলাউঠা রোগী ৫। ৬। ৭ দিন পর্য্যন্ত যদি শয্যাগত থাকে ও রোগের একদা শান্তি না হয়, তবে তাহাকে পুরাতন ওলাউঠা বলা যায়।

পচাচাউলের অন্ন, কুভক্ষ ভক্ষণ, উত্তাপ, যকৃতের উত্তেজন, ওলাউঠাকীটানু (কলরা ফ্লাই) ইত্যাদি কারণে ওলাউঠা রোগের উৎপত্তি হইতে পারে।

ওলাউঠার সাধারণ চিকিৎসা যথা।

উদরোপরি অর্থাৎ পাকাশয় প্রদেশে সর্ষপের পটি দিবে। এবং ১ ঘণ্টা রাখিবে, আবশ্যক হইলে পুনঃ পুনঃ দেওয়া যায়, ইহাতে বমন নিবারণ হয়।

ক্যাষ্টর অয়েল ১ আং, লডেনম ১০ বিন্দু, এসেন্স অভ্ পিপারমেণ্ট ১০ বিন্দু, অল্প গরম জলের সঙ্গে খাইওয়াইবে, বমন হইলে পুনর্বায় দিবে যদবধি ওলাউঠার বাহ্যের বর্ণ পরিবর্ত্তন না হয়।

বমন ও বিরেচন আরোগ্য হউক আর নাই হউক রোগী জল খাইতে চাহিলে, দুগ্ধ ও চিনির সহিত উষ্ণ চায়ের জল খাইতে দিবে।

শরীর শীতল হইতেছে এইরূপ অনুমিত হইলে, জিঞ্জার পাউডার অর্থাৎ শুণ্ঠি চূর্ণ মষ্টার্ড অর্থাৎ সর্ষপ চূর্ণ দ্বারা সর্ব্বশরীর মর্দ্দন করিবে। যদি কিছু না থাকে তবে কেবল হস্ত দ্বারা মর্দ্দন করিবে।

হস্ত, পদ, উদর, প্রভৃতি স্থানে স্প্যাজম অর্থাৎ খেচুনি হইলে গরম জল দ্বারা বোতল পূর্ণ করিয়া কাক দ্বারা তাহার মুখবদ্ধ করিবে। পরে সেই আক্ষিপ্ত স্থানে বোতল লাগাইবে।

হস্ত পদ অধিক শীতল হইতেছে এমন অনুভব হইলে বস্ত্র গরম করিয়া পুনঃ পুনঃ সেক দিবে।

অধিক বমন করায় কাহার কাহার মস্তিষ্কে রক্ত সঞ্চয় হয়, তাহাতে চক্ষু আরক্তিম ও প্রলাপ বাক্য থাকে, তাহাতে মস্তক মুণ্ডন করিয়া শীতল জল সেক দিবে।

ক্রমে নাড়ী ক্ষীণ হইতেছে এমন নিশ্চয় হইলে, ষ্টিমিউলেণ্ট এণ্ড এণ্টিস্প্যাজমোডিক মিকশ্চার সকল অর্থাৎ উত্তেজক এবং আক্ষেপ নাশক পানীয় সকল ব্যবহার হয়, যথা—

ষ্ট্রংলাইকর এমোনিয়া ২ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, জল ১৯৸০ আউন্স।

ক্যাম্ফর ১ ড্রাম, কার্ব্বোনেট অভ্ এমোনিয়া ২ ড্রাম, জল ২০ আউন্স।

কার্ব্বোনেট অভ্ এমোনিয়া, ২ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, সলফিউরিকইথর, ৪ ড্রাম, জল ১৯৷৷০ আউন্স।

কার্ব্বোনেট অভ্ এমোনিয়া ২ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, সলফিউরিক ইথর ৪ ড্রাম, ক্লোরোফরম ২ ড্রাম, জল ১৯।০ আং।

টিং অভ্ মস্ক ১ আং, টিং অভ্ ল্যাভেণ্ডার ১ আং, পিপারমেণ্ট অয়েল ১ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ১৭ আউন্স সাত ড্রাম।

টিং অভ্ এসাফেটিডা ১ আং, ক্যাম্ফর ১ ড্রাম, কার্ব্বোনেট অভ্ এমোনিয়া ১ ড্রাম, জল ১৯ আং, প্রত্যেক মিকশ্চারের মাত্রা ১ আং দুই তিন অন্তর হইতে ঘণ্টায় ৪ বার পর্য্যন্ত দিতে পারা যায়।

এভিন্ন, কলরাটিঞ্চার ২০ বিন্দু কলরাইলিক সার ২০ বিন্দু, কলোরোডাইন ২০ বিন্দু রম, ব্রাণ্ডি, প্রভৃতি ঘণ্টায় ৩। ৪ বার পর্য্যন্ত ব্যবহার হইয়া থাকে।

বমন ও বিরেচন বন্দ হইয়াছে, কিন্তু প্রস্রাব হয় নাই এমত স্থলে।

স্পিরিট অভ্ নাইটার ॥০ ড্রাম জল ১ আং, এক মাত্রার দিবে। ঘণ্টায় ২ বার দেওয়া যায়।

জিন ২ ড্রাম, জল ১ আং, এক মাত্রায় দিবে, ঘণ্টায় ২ বার পর্য্যন্ত দেওয়া যায়।

টারপিন তৈল ১০ বিন্দু, ক্যাম্ফর ১০ গ্রেণ, জল ১ আং, এক মাত্রায় দিবে, ঘণ্টায় ২ বার দেওয়া যাইতে পারে।

জিন ২ ড্রাম, স্পিরিট অভ্ নাইটার ॥০ ড্রাম, জল ১ আং, এক মাত্রায় দিবে, ঘণ্টায় ২ বার দেওয়া যায়।

সকল উপদ্রব নিবারণ হইয়াছে, কিন্তু বার ঘণ্টা পর্য্যন্ত কোষ্ঠ বদ্ধ আছে, এমন স্থলে তাহাকে পুনরায় বিরেচক বিধেয় যথা, ক্যাষ্টরঅয়ল ১ আং, পিপারমেণ্ট অয়েল ৩ বিন্দু, জল ১ আং, একবারে খাইতে দিবে, বমন হইলে ক্লিষ্টার (এনিমা) দেওয়া যায়।

রোগী বিনা ক্লেশে খাইতে পারে, এই পরিমাণে উষ্ণ চা, সাগু, এরারুট, দুগ্ধ ও চিনির সহিত খাইতে দিবে, বমন হইলে আমাশয় প্রদেশে সর্ষপের পটি দিয়া চা প্রভৃতি খাইতে দিবে, আমি, এমোনিয়া, প্রভৃতি উত্তেজক ঔষধ প্রয়োগ করিয়া যে পরিমাণে উপকার প্রাপ্ত হইয়াছি, উষ্ণ চা প্রভৃতি খাওয়াইয়া তাহার শত গুণে উপকার প্রাপ্ত হইয়াছি।

গৃহে, ডিসেন্‌ফিক্‌টিং পাউডার ছড়াইবে। রোগীর বিছানায় ক্যাম্ফর রাখিবে, ঘরে ধুনা জালিবে, গৃহ, এবং গৃহের পার্শ্বে কোন প্রকার ময়লা, ও কোলাহল না থাকে, এমন উপায় করিবে।

ওলাউঠা রোগীর বাহ্যে ও বমন প্রভৃতি যে সকল দ্রব্যের উপর পতিত হয় তাহা পরিত্যয্য হইলে জ্বালাইবে নতুবা মনুষ্যের অগম্য স্থানে তোলাজলে ধৌত করিবে।

কর্প্‌স্‌ অর্থাৎ কাসী সকল, ক্যাটার অর্থাৎ ঠাণ্ডী।

মস্তক বেদনা ও ভারী নাসিকা হইতে জল পড়ে বা শিকনী নির্গত হয়। এই রূপ হইলে উষ্ণ, চা অথবা কাফি, খাইতে দিবে, এবং পশমি কাপড় মস্তকে বাধিবে। যদি ঐ সঙ্গে কাসী ও জ্বর থাকে, তবে নিম্ন লিখিত ব্যবস্থানুসারে কার্য্য করিবে।

ক্যাষ্টর অয়েল ১ আং, কম্পাউণ্ড, জ্যালাপ ১ ড্রাম,। ইহাদের অন্যতম দ্বারা বিরেচন করাইবে।

উষ্ণ চা, উষ্ণ কাফি। গোল মরিচের চূর্ণ সহিত অল্প ব্রাণ্ডী দেওয়া যায়। জ্বর থাকিলে কুইনাইন দিবে।

কফ, মিকশ্চার সকল যথা।

ইপিক্যাক পাউডার ৪০ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, চিরেতা ২০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে।

ইপিক্যাক পাউডার ৪০ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, ক্যাম্ফর ১ ড্রাম, চিরেতা ২০ আং, মাত্রা ১ আং দিবসে ৩। ৪ বার দিবে।

ইপিক্যাক পাউডার ৪০ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, টিংচার অড্ক ইল ৪ ড্রাম, চিরেতা ১৯।।০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে।

ইপিক্যাক পাউডাব ৪০ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, টিংক্ক্ইল ৪ ড্রাম ষ্ট্রংলাইকুয়র এমোনিয়া ২ ড্রাম, চিবেতা ১৯।০ আং মাত্রা ১ আং দিবসে ৩। ৪ বার দিবে।

ইপিক্যাক পাউডাব ৪০ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, ক্যাম্ফর ১ ড্রাম, ষ্ট্রংলাইকুয়র এমোনিয়া ২ ড্রাম, চিবেতা ১৯৷৹০ আং, মাত্রা ১ আং দিবসে ৩। ৪ বাব পর্য্যন্ত দেওয়া যায়।

ইপিক্যাক পাউডাব ২০ গ্রেণ, মর্ফিয়া ১ গ্রেণ, টিংস্কুইল ৫ ড্রাম, ইপিকেক্ আনহাওয়াইন ৫ ড্রাম, ষ্ট্রংলইকুয়ব এমোনিয়া ২ ড্রাম, পেরে গবিক ইলিকসার ৪ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, চিরেতা ১৮ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বাব দিবে।

(এস্থমা। অর্থাৎ হাপানী কাসী)

হাপানী কাসী পালা কবে আসে বাত্র দুই প্রহর একটার সময় বৃদ্ধি পায়। হাপানী কাসীর সঙ্গে কখন কখন অন্যান্য কাসী সকল থাকে। যথা, ব্রঙ্কাইটিস্ ইত্যাদি।

হাপানী উঠিলে পরে ধুতুরার কচি পাতা শুষ্ক ৫ গ্রেণ, দোক্তা তামাকু ৩০ গ্রেণ, একত্রে চুরট প্রস্তুত করিয়া তাহার ধুম্র পাণ কবিতে দিবে। ইহাতে ফুস ফুসের আক্ষেপ নিবারণ হইয়া হাপানী আবোগ্য হয়।

সল্‌ফিউবিক ইথর ১ আং, ক্যাম্ফর ৩ ড্রাম, জল ১৮৸০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে।

সল্‌ফিউবিক ইথর ১ আং, ক্যাম্ফর ৩ ড্রাম, মর্ফিয়া ২ গ্রেণ, জল ১৯ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে।

সল্‌ফিউবিক ইথর ৪ ড্রাম, ক্যাম্ফর ৪ ড্রাম, লডেনম ৪ ড্রাম জল ১৯ আং, মাত্রা ১ আং দিবসে ৩। ৪ বার দিবে।

এসাফেটিডা অর্থাৎ হিং ১ ড্রাম, ১২ টী বটীকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩। ৪ বার দিবে।

ক্যাম্ফর ১ ড্রাম, এসাফেটিডা ১ ড্রাম, একত্রে ২৪ টী বটীকা হইবে, মাত্রা ২ টী দিবসে ৩। ৪ বার দিবে।

ক্যাম্ফর ১ ড্রাম, একষ্ট্রাকট অভ্‌ হাইওসায়ামস ১ ড্রাম, একত্রে ২৪ টী বটীকা হইবে মাত্রা ২ টী দিবসে ৩। ৪ বার দিবে।

হাপানীর পালা নিবারণ হইলে আর নাহয়, একারণ, সল্‌ফেট অভ্‌ জিঙ্ক ৫ গ্রেণ, মাত্রায় দিবসে তিন বার খাইতে দিবে। তাহাতে অনেকে একবারে আরোগ্য লাভ করিয়াছে।

বক্ষস্থলে বেদনা থাকিলে ব্লিষ্টার দিবে।

উত্তম খাদ্য দিবে বায়ু পরিবর্ত্তন করাইবে। ইতি।

(ব্রঙ্কাইটিস। অর্থাৎ ফুস ফুসীয় উপনালী প্রদাহ)

ফুস ফুসীয় উপনালীতে প্রদাহ হইলে ব্রঙ্কাইটিস কহাযায়। ইহাতে জ্বর থাকে, কাসী হয়, এবং ক্রমে অল্প অল্প গয়ার উঠিতে

উঠিতে শেষে অধিক পরিমাণে উঠিতে থাকে, আর ঐ গয়ার নানা বর্ণ বিশিষ্ট হয় ও জলে ভাষে।

বক্ষস্থলে বেদনার স্থানে কপিং করিবে, অথবা জোঁক দিবে।

জোলাপ দিবে, পরে বক্ষস্থলের উপরে ব্লিষ্টার দিবে।

ইপিক্যাক পাউডার ২০ গ্রেণ, অল্প জলের সঙ্গে খাইতে দিবে, তাহাতে বমন ইচ্ছা ও বমন হয়, ইহার উভয়েতেই মঙ্গল।

ক্যালমেল ১ ড্রাম, ওপিয়ম ২০ গ্রেণ, ২০ কুড়িটী বটিকা হইবে মাত্রা ১ টী ৪।৪ ঘন্টান্তর দিয়া অনেকে মুক আনাইতে বিধি দেন, ফলে, কঞ্জেশ্চন থাকিলে বিধেয়।

ক্রনিক ব্রঙ্কাটিস অর্থাৎ পুরাতন ফুস ফুসীয় উপনালী প্রদাহ।
রোগীর ৮।১০ দিবসের মধ্যে আরোগ্য বা মৃত্যু না হইয়া যদি রোগের লক্ষণ লাঘব হয়, তবে তাহাকে ক্রনিক ব্রঙ্কাইটিস কহে। চিকিৎসা পূর্ব্ববৎ কেবল অল্প পরিমাণে কর্ত্তব্য। আর ক্যাটারের সঙ্গে কফের চিকিৎসায় যে সকল মিকশ্চারের ব্যবস্থা দেওয়া হইয়াছে, তৎসমুদয় দেওয়া যাইতে পারে।

লঘুপাক ও তরল পদার্থ খাইতে দিবে, পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখিবে এবং বায়ু পরিবর্ত্তন করাইবে।

হিম্প টিসিস্ বা রক্ত কাস।

কাসীর সঙ্গে লাল বর্ণ রক্ত উঠে, ইহাতে গায়ে শীতল বায়ু লাগাইবে। বক্ষস্থলে শীতল জল সেক দিবে।

সুগার অভ্ লেড্ এণ্ড ওপিয়ম পীল যথা। সুগার অভ্ লেড্

১ ড্রাম, ওপিয়ম ২০ গ্রেণ, একত্রে ২০ টী বটীকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩ । ৪ টী দিতে পারা যায় ।

গ্যালিক এসিড্ এণ্ড ওপিয়ম পীল। যথা, গ্যালিক এসিড্ ১ ডাম, ওপিয়ম ২০ গ্রেণ, একত্রে ২০ টী বটীকা হইবে মাত্রা ১ টী দিবসে ৩। ৪ টী দিবে।

টারপিন অয়েল ৪ ড্রাম, ক্যাম্ফর ১ ড্রাম, জল ১১।।০ আং, মাত্রা ১ আং দিবসে ৩। ৪ বার দিবে।

বমন ইচ্ছা ও বমন থাকিলে। কার্ব্বোনেট অভ্ সোডা, ৪০ গ্রেণ, টারটারিক এসিড্ ৩০ গ্রেণ, পৃথক পৃথক পাত্রে২ দুই আং, জলে মিশ্রিত করিয়া হটাত একটি পাত্রের জল অন্যটির উপর ঢালিবে এবং ফেনয় মান অবস্থায় খাইতে দিবে।

বক্ষ স্থলের উপর ব্লিষ্টার দেওয়া যায়।

থাই সিস্ অর্থাৎ ক্ষয় কাস।

ক্ষুদ্র ফুসের মধ্যে প্রথমত ঘামাচি সদৃশ বিন্‌কুড়ী সকল উৎপন্ন হইয়া ক্রমে কএকটা একত্র হইয়া বাদামাকৃতি হয়, পরিশেষে, কয়েকটা একত্র হইয়া আর বৃহৎ হয়, এবং ভিতরে পুযোৎপত্তি হয়, এইরূপ হইলেই যথার্থ ক্ষয় কাস, রোগ বলা যায়, এবং আনুসঙ্গিক অন্যান্য অনেক লক্ষণ আছে। তাহাদিগকে তিন অবস্থায় বিভাগ করিয়া বর্ণন করা যায়। ১ম জ্বর, কাসী পার্শ্ব বেদনা, রক্ত যুক্ত গয়ার উঠে। ২য় অতিশয় দুর্ব্বলতা রোগী প্রায় এক পার্শ্বে ই শুনিয়া থাকে। রাত্রে ঘর্ম্মের উৎপত্তি, অঙ্গুলি সকল লম্বা, গয়ার দুর্গন্ধ

যুক্ত জলে ফেলিলে ডুবিয়া যায়। ৩য় প্রায় দিবসে দুইবার জ্বর হয়, অধিক পরিমাণে সবুজ ও হরিদ্রা বর্ণের গয়ার উঠে। অস্থি চর্ম্মাবশিষ্ট হইয়া পরিণাম শোথ ও উদরা ময় হইয়া পঞ্চত্ব পায়।

ষ্টেথিস্‌কোপ এগাজামিনেসন দ্বারা (১ম) ময়েষ্ট ড্রাই ক্যাকলিং। ২য় পেক্টরিলিকুই, মিট্যালিক টিঙ্কলিং,মিউকস্‌ রক্স্‌। ৩য়, ক্যাভার নস্‌, গাবগ্লিং, পেক্টরিলিকুই ইত্যাদি। চিকিৎসা যথা ; বায়ু পরিবর্ত্তন করাইবে। পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখিবে, বল কর খাদ্য দিবে।

কডলিভার অয়েল এই রোগের বিশেষ ঔষধ। প্রথমে ১ ড্রাম, খাইতে আরম্ভ করিয়া পরিণামে ২ আং, অথবা যে পর্য্যন্ত খাইয়া পরিপাক করিতে পারে, এইরূপ দিবসে ৩। ৪ বার দিবে।

কড্‌লিভার অয়েলের পরিবর্ত্তে নারিকেল তৈল ব্যবহারহইয়া থাকে। যদি কডলিভার অয়েল খাইলে বমি হয়, তবে অল্প গোলাপ জল, পিপারমেন্ট, গরম জল বা গরম দুগ্ধের সহিত মিলাইয়া খাইতে দিবে, যদি বিরেচন হয়। তবে লডেনমের সঙ্গে খাইতে দিবে।

কেহ কেহ বা কার্ব্বোনেট অভ্‌ আইরন ৫ গ্রেণ, মাত্রায় দিবসে তিন বার দেন।

কেহ কেহ বা আইও ডাইড অভ্‌ পটাসিয়ম ৫ গ্রেণ, মাত্রায় দিবসে তিন বার খাইতে দেন।

কিন্তু, কড্‌লিভার অয়েল ঐ সঙ্গে দিতে বলেন।

বেদনার স্থলে জলৌকা বসাইয়া পরে ব্লিষ্টার দিবে।

সপুঁজ উদরা ময় থাকিলে সলফেট্‌ অভ্‌ আইরন, ৩ গ্রেণ, মাত্রায় দিবসে ৩ বার দিবে।

ফুস ফুসের টিউবর্কলে, পুজোৎ পত্তি হইলে, বিয়ার, পোর্ট, আফিং খাইতে দিবে। বল কারবখাদ্য দিবে, ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে, এবং বায়ু পরিবর্ত্তন করাইবে। ইতি।

রিউমেটিজম, অর্থাৎ বাত।

বাতব্যাধি স্থানানুসারে নাম প্রাপ্ত হয় যথা।

১। মস্কিউলার রিউমেটিজম, মাংসপেশীতে বাত। ২য়। লম্বেগো-রিউমেটি জম, কটি দেশের উপরে বাত।

৩। স্যায়েটিকা রিউমেটিজম,। উরুসন্ধিতে বাত। ৪ আরথ্রেডি নিয়া গেঁটে বাত। ৫ গণরিয়েল রিউমেটিজম, ধাতুজনিত বাত। ৬। সিফিলিটিক রিউমেটিজম, গর্ম্মিজনিত বাত। এ ভিন্ন শারীরিক আভ্যন্তরিক যন্ত্রে বাতরোগ হইলে সেই যন্ত্রের প্রদাহের নাম প্রাপ্ত হয়। যান্ত্রিক প্রদাহ বাতব্যাধিজনিত হইলে চাপনে অধিক বেদনা বোধ হয়। এ ভিন্ন আর্থাইটিস্ নামে এই শ্রেণীর একটী পীড়া আছে, তাহার বিশেষ লক্ষণ, যথা। প্রায় মাঘ ফাল্গুন মাসে রাত্র দ্বিপ্রহর ২। ৩ টার সময় হঠাৎ এক পদের বৃদ্ধাঙ্গুলিতে অগ্নিদগ্ধ বৎ জ্বালা উপস্থিত হয়। প্রায় ২৪ ঘণ্টা ঐ জ্বালা থাকে ক্রমে সন্ধি স্থল সকল স্ফীত ও বেদনাযুক্ত হয়। বাত ব্যাধির সাধারণ চিকিৎসায় এই পীড়া আরোগ্য হয়। যে পদের বৃদ্ধাঙ্গুলিকে আশ্রয় করিয়া এই পীড়া আক্রমণ করে তাহার মৃত চর্ম্ম উঠিয়া যায়। চিকিৎসা যথা।

প্রবল বাতরোগে বেদনাস্থলে জলৌকা দ্বারা অথবা কপিং করিয়া রক্ত নির্গত করাইবে। গরম জলের দ্বারা অথবা পোস্তের ঢেড়ীর সহ সিদ্ধজলের দ্বারা সেক দিবে, অধিক প্রদাহিক লক্ষণ থাকিলে স্পিরিট ২ আং, জল ১৮ আং, একত্র করিয়া প্রদাহের স্থানে এক পর্দ্দা কাপড় দ্বারা আবৃত রাখিয়া ঐ জলে সর্ব্বদা ভিজা-ইবে। অল্প হইলে নিম্নলিখিত লিনিমেন্ট অর্থাৎ মর্দ্দন সকল ব্যবহার হয়। যথা।

কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেন্ট। কর্পূর ২॥০ আং, ল্যাভেণ্ডার তৈল ১ ড্রাম, ষ্ট্রংলাইকর এমোনিয়া ৫ আং, রেক্‌টি ফাইড্ স্পিরিট্ ১৫ আউন্স।

সোপ্ লিনিমেন্ট। কঠিন সাবান ২॥০ আং, কর্পূর ১।০ আং, জল ২ আং, অয়েল অভ্ রোজমেরি ৩ ড্রাম, রেক্‌টিফাইড স্পিরিট ১৮ আউন্স।

লিনিমেন্ট অভ্ টারপিনটাইন্ এণ্ড এসেটিক এসিড্। টারপিন তৈল ১ আং, সির্কা দ্রাবক ১ আং, কর্পূর ১ আউন্স।

লিনিমেন্ট অভ্ ওপিয়ম। যথা, লডেনম ২ আং, সাবান মর্দ্দন ২ আউন্স।

বেদনা ও ফুলা শেষ হইয়া অল্প ফুলা অবশিষ্ট থাকিলে টিংচার অভ্ আইওডাইন লাগান যায়।

(১) কম্পাউণ্ড জ্যালাপ পাউডার ১ ড্রাম, ক্রিম অভ্ টারটার ৪ ড্রাম, টারপিন তৈল ১ আং, ইহার অন্যতম দিবে।

(২) বাইকার্ব্বোনেট অভ্ পটাস ২ ড্রাম, জল ২০ আং, (৩) বাই কার্ব্বোনেট অভ্ পটাস ২ ড্রাম, মর্ফিয়া ২ গ্রেণ, জল ২০ আং (৪) টিংচার অভ্ স্কুইল ৪ ড্রাম, জল ১১৮০ আং (৫) লাইকুয়র আর্সি নি-কেলিস ২ ড্রাম, চিরেতা ১১৮০ আং (৬) টিংচার অভ্ বল্‌চিকম ৩

ড্রাম,চিরেতা ১৯ আং,৫ ড্রাম (৭) টিংচার অভ্ কল্‌চিকম, ৩ ড্রাম, টিংচার অভ্ গোয়েকম ৫ ড্রাম, চিরেতা ১৯ আং (৮) ডিককসন অভ্ হেমিডিসমস অর্থাৎ অনন্তমূলের ক্বাথ, প্রস্তুত করণ। অনন্তমূল ২৷৷০ আং, জল ১৷৷০ পাইট একত্রে সিদ্ধ করিবে, ১ পাইট থাকিতে ছাঁকিয়া লইবে, পরে ১ ড্রাম, আইওডাইড্ অভ্ পটাসিয়ম মিলাইবে (৯) কম্পাউণ্ড ডিকাক্‌সন অভ্ সালসা পেরিলা। প্রস্তুতকরণ যথা, সালসা পেরিলা ২৷৷০ আং, সাসা ফ্রাস ।০ আং, গোয়েকম্ কাষ্ঠ ।০ আং, যষ্ঠিমধু ।০ আং। মেজেরিয়ান ৬০ গ্রেণ, ১৷৷০ পাইট্ গরম জলে ১০ মিনিট সিদ্ধ করিবা ১ পাইট থাকিতে ছাঁকিয়া লইবে, পরে ১ ড্রাম, আইওডাইড্ অভ্ পটাসিয়ম মিলাইবে।

ডেভর্ষ পাউডার ১ ড্রাম ক্যালমেল ৪৮ গ্রেণ, ১২ টী বটিকা হইবে মাত্রা ১ টী ৪। ৪ ঘণ্টান্তর দিবে, অল্প মুখ আসিলে নিবারণ করিয়া ফটকিরির কুল্লী দিবে।

প্রত্যেক মিক্‌শ্চারের মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে, এবং ১ ম হইতে ১০ ম, ব্যবস্থা যথানুক্রমে ১ টী নিষ্ফল হইলে অপর টী প্রয়োগ করিবে।

টিংচার অভ্ একোনাইট্। বেদনা স্থানে লাগান যায়, ৫ হইতে ১০ বিন্দু পর্য্যন্ত খাওয়ান যায়। তাহাতে বাত ব্যাধির বিশেষ প্রতিকার হইয়া থাকে।

টিক ডলুরু অর্থাৎ শিরঃশূল।

ললাটীব স্নায়ুতে উত্তেজন হইলেই শিবঃশূল বলা যায়। কপালেব এক পার্শ্বে বা উভয় পার্শ্বে সুচি বেধনেব ন্যায় বেদনা পালা কবিয়া আইসে। কোষ্ঠ বদ্ধ, অজীর্ণ, পিত্তাধিক্য, দুর্ব্বলতা, শীতলতা, অধিক উত্তাপসেবন, শুক্র ক্ষয, ইত্যাদি কাবণে এই পীডা হইয়া থাকে।

স্থানিক চিকিৎসা যথা।—

উত্তাপ হইলে শৈত্য সেবন। শৈত্য হইলে উত্তাপ সেবন।

আফিং, একষ্ট্রাক্‌ট অভ্‌ বেলেডনা, ক্লোবোফরম, সলফিউবিক ইথব, টিঞ্চার অভ্‌ একোনাইট। ইহাদেব অন্যতম লাগাইলে, স্থানিক স্নায়ু নিদ্রিত হয়। প্রথম প্রকাবে উপকাব না আসিলে দ্বিতীয় প্রকাব ব্যবস্থা কবিবে।

মষ্টার্ড প্লাষ্টাব অর্থাৎ সর্ষপেব পটি, বিষ্টাব লাগাইয়া সুক্ষ্ম ত্বকের নিম্নে ১ গ্রেণ পর্য্যন্ত মর্ফিযা ছড়াইয়া দিলেও বিশেষ উপকাব হয়।

পুবাতন হইলে আইওডাইন অযেন্টমেন্ট, টিঞ্চাব অভ্‌ আইও-ডিন লাগান যায়।

নিউকস্‌ মিম্ব্রেনেব শুষ্কতা বশতঃ এই পীডা হইলে নাশিকা বন্ধ্রে ২। ৩ বিন্দু টাবপিন তৈল প্রদান করিলে অতি ত্বরায় শ্লৈষ্মিক ঝীল্লি আর্দ্র হইয়া আবোগ্য হয়।

নিশাদলের জলে অথবা সির্কাব জলে কাপড ভিজাইয়া স্থানিক প্রয়োগ কবিবে। ক্রোটন অয়েল লিনিমেন্ট মর্দ্দন কবিলে বিশেষ হয়।

সেবনীয় ঔষধ যথা ।—

হাইড্রোক্লোবেট্ অভ্ এমোনিয়া ৫—২০ গ্রেণ পর্য্যন্ত মাত্রায দিবসে ২। ৩ বার দিতে পারা যায়। তাহাতে উদবস্থ শ্লৈষ্মিক ঝীল্লি আর্দ্র হইযা, ললাটীয় শ্লৈষ্মিক ঝীল্লিকে আর্দ্র কবত আবোগ্য হয়।

উদরে অজীর্ণ থাকিলে বমন করাইবে, কোষ্টবদ্ধ ও পিত্তাধিক্য থাকিলে কম্পাউণ্ড জ্যালাপ পাউডাব ১ ড্রাম দিবে।

কুইনাইন মাত্রা ২০ গ্রেণ, দিবসে ২। ৩ বাব দেওয়া যায়। কর্ণে শব্দ বোধ হইলে আব দিবে না। তাহাতে অনেক আবোগ্য লাভ কবে।

ভেলেবিযেনেট্ অভ্ জিঙ্ক ৩ গ্রেণ মাত্রায দিবসে দুই তিন বাব খাইতে দিবে।

অধিক পবিমাণে শুক্রক্ষয়-জনিত পীড়া হইলে, কুইনাইন ১ ড্রাম, একষ্টাক্ট অভ্ জেন্সিয়ান ১ ড্রাম, কার্ব্বোনেট অভ্ আইবণ ২০ গ্রেণ, ২০ টী বটিকা কবিবে, মাত্রা ১ টী, দিবসে ৩ টী দিবে।

৩৬ গ্রেণ এক্ষ্ট্রাক্ট অভ্ কোনীয়াই, একষ্ট্রাক্ট অভ্ জেন্সিয়ান ২৪ গ্রেণ, ক্রোটন অয়েল ৩ বিন্দু, একত্রে ১২টী বটিকা হইবে। মাত্রা ১ টী দিবসে ১। ২। ৩ টী পর্য্যন্ত আবশ্যক মতে দেওয়া যায়। বায়ু পবিবর্ত্তন মহদুপায় জানিবে।

হিষ্টেরিয়া অর্থাৎ গুল্ম বায়ু।

(ইহাকে অনেকে ভূতও ডাইনে পাওযা বলিযা থাকে।)

বায়ু একটী গোলাব ন্যায় উদব হইতে উঠিয়া গলায় লাগিযা যায়। এই কালে বোগী আক্ষেপযুক্ত হইয়া অজ্ঞান হয়। কিন্তু সম্পূর্ণ অজ্ঞান হয় না। এই কালে বোগী হাঁসে, কাসে, কোপায,

চিৎকার করে, কখন প্রলাপ বকে। এই রূপ মধ্যে মধ্যে হয়, এই কালে হৃদপিণ্ড দ্রুতগতি এবং কাহার কাহার স্পর্শেন্দ্রিয়ের অতিশয় সতর্কতা হয়। এই পীড়া যুবতী স্ত্রীলোকদিগেরই অধিক হইয়া থাকে। মাসিক রক্তরুদ্ধ, সঙ্গমেচ্ছা, হটাৎ মানসিক উল্লাস, উদরে ক্রিমি ইত্যাদি কারণে এই পীড়া আক্রমণ করিয়া থাকে।

চিকিৎসা যথা।—

যদি ক্রিমি জন্য পীড়া হয়, তবে ক্রিমিনাশক ঔষধ, যথা।—

সেন্ট্‌নাইন্‌ ৫ গ্রেণ, খাওয়াইয়া ২ ঘন্টা পরে জ্যালাপ দিবে, অথবা টারপিন্‌ তৈল ১ আং, ক্যাষ্টর অয়েল ১ আং একত্রে খাওয়াইবে। ইত্যাদি।

রক্তরুদ্ধ হেতু পীড়া হইলে, সলফেট অভ্‌ আইরণ ৩ গ্রেণ, এলোজ ১০ গ্রেণ, এসাফেটীডা ৫ গ্রেণ, এক মাত্রায় দিবে, এইরূপ দিবসে তিনবার।

অবিবাহিতা ও উপযুক্ত হইলে বিবাহ দিবে, স্বামী দূরে থাকিলে তাহার নিকট পাঠাইবে।

শরীরে অধিক রক্ত হইলে বিরেচক উপবাস প্রভৃতিতে আরোগ্য পায়। ফলে মস্তিষ্কে রক্তসঞ্চয় হইয়া এপোপ্লেক্সী বা সংন্যাস রোগ হইবার সম্ভাবনা থাকিলে, মস্তকে শীতল জল সেক, গ্রীবাদেশে ব্লিষ্টার ও দুই রগে জোঁক দেওয়া যায়।

কোষ্ঠবদ্ধ থাকিলে কেবল জোলাপ দিলে, সারে।

মানসিক কারণে পীড়া হইলে, যথাসাধ্য প্রতিকার চেষ্টা করিবে।

ভেলেরিয়েনেট অভ্‌ আইরণ, ১—৩ গ্রেণ, মাত্রায় দিবসে ২। ৩ ৪ বার দেওয়া যায়, বিশেষ উপকারী।

ভেলেরিয়েনেট অভ্‌ জিঙ্ক ১—৩ গ্রেণ, মাত্রায় দিবসে ২। ৩। ৪ বার দেওয়া যায়, বিশেষ উপকারী।

আক্ষেপ কালে বস্ত্রাদি খুলিয়া দিয়া বাতাস দিবে। হঠাৎ শীতল জলের ঝাঁপটা মুখে মারিবে। ফলে সলফিউরিক ইথর, কর্পূর, হিং ইহাদের অন্যতম বা একত্রে মাত্রামত খাইতে দিলে স্প্যাজম অর্থাৎ আক্ষেপ দূর হয়।

কন্‌ভল্‌সন্‌, আক্ষেপ বা খেচুনি রোগ।

সর্ব্বশরীর ও অঙ্গ বিশেষে এই পীড়া হইতে পারে, সুস্থশরীরে হঠাৎ সার্ব্বাঙ্গিক আক্ষেপ উপস্থিত হইলে তাহাকে বঙ্গভাষায় বাতব্যাল বলে।

ক্রিমি জন্য এই পীড়া হইলে, ক্যাষ্টর অয়েল ১ আং, টারপিন তৈল ১ আং একত্রে খাওয়াইবে। অথবা স্যান্টনিন ৫ গ্রেণ দিয়া ২। ৩ ঘণ্টা পরে, জোলাপ দিবে।

কোষ্টবদ্ধ জন্য হইলে, ক্যাষ্টর অয়েল, ১—২ আং, কং জোলাপ পাউডার ১ ড্রাম, ক্রিম অভ্‌ টারটার ৪ ড্রাম, ইহার অন্যতম দিবে।

মস্তকেরপীড়া জন্য হইলে, মস্তকে শীতল জলসেক দিবে, দুই রগে জোঁক দিবে।

বালকের দন্ত উঠিবার সময় হইলে, জোলাপ দিয়া উষ্ণ জলে বসাইবে, দন্তমাঢী চিরিয়া দিবে। ইহাতে বিশেষ নাহইলে, গ্রেপাউডার ৩ গ্রেণ, মাত্রায় ৩। ৩ ঘণ্টায় দিবে।

প্রসবের পর রক্ত ভাঙ্গিয়া হইলে, পিয়রপারল কন্‌ভল্‌সন্‌ বলা যায়। তাহাতে সলফিউরিক ইথর ২০ বিন্দু, ক্যাম্ফর ৫ গ্রেণ, জল ১ আং, এক মাত্রায় দিবে। ঘণ্টায় ঘণ্টায় দেওয়া যায়।

কলরা অর্থাৎ ওলাউঠা রোগীর ভেদবমন জন্য স্নায়ু বিকার

হইয়া আক্ষেপ হইলে সলফিউরিক ইথর ২০ বিন্দু, ক্লোরোফরম ৮ বিন্দু, কর্পূর ১০ গ্রেণ, মৃগনাভী ১০ গ্রেণ, ইঁহাদের অন্যতম ঘণ্টায় ঘণ্টায় অথবা ঘণ্টায় ২। ৩ বার পর্য্যন্ত দেওয়া যায়।

এসাফেটীডা অর্থাৎ হিং ৫ গ্রেণ মাত্রায় দিবসে তিনবার খাইতে দিবে, ঔষধের গুণে ও দুর্গন্ধের ভয়ে অনেক আরোগ্য হয়।

এপিলেপ্‌সী অর্থাৎ মৃগী অথবা অপস্মার।

এই রোগের বিশেষ লক্ষণ এই যে, রোগী হঠাৎ অজ্ঞান হয়, হস্তে পদে আক্ষেপ হইতে থাকে, চক্ষের তারা প্রসারিত ও বিঘূর্ণিত হয়, হৃদপিণ্ড দ্রুতগতী হয়, এবং মুখে ফেনা উঠে, কতক্ষণ পরে রোগী ঘুমিয়া পড়ে, নিদ্রাভঙ্গ হইলে কিছুই স্মরণ থাকে না।

বালদিগের দন্ত উঠিবার কারণ এই পীড়া হইলে দন্তমাঢ়ী চিরিয়া দিবে।

উদরে গুটলী বা কোষ্ঠবদ্ধ থাকিলে জোলাপ দিবে, কং জোলাপ পাউডার ১ ড্রাম ইত্যাদি।

উদরে ক্রিমি থাকিলে স্যাণ্টানিন, টারপিন, ডালিমের সীকড়ের রস ইত্যাদি দিয়া পরে জোলাপ দিবে।

শুক্রক্ষয় প্রভৃতি নর্ব্বস ডিবিলিটি পীড়ার কারণ হইলে কুইনাইন ১ ড্রাম, কার্ব্বোনেট অফ্ আইরণ ১ ড্রাম, একষ্ট্রাক্ট অভ্ জেন্সীয়ান্ ১ ড্রাম, একত্রে ৩০ টী বটীকা হইবে, মাত্রা ১টী, দিবসে ৩টী।

রক্তবদ্ধ জন্য হইলে এলোজ ১ ড্রাম, সলফেট অভ্ আইরণ ২৪ গ্রেণ, কবার্ব্ব ১ ড্রাম, একত্রে ১২ টী বটীকা হইবে, মাত্রা ১ টী দিবসে ৩ টী।

মূত্রাশয়ে পাথুরী হইয়া হইলে লিথটমী অপারেশন করা কর্ত্তব্য।

মস্তকে আঘাত প্রাপ্তি হেতু হইলে মস্তকে শীতল জল ঢালিবে।

বাত প্রভৃতি আরোগ্য হইয়া হইলে তাহাদের পুনবায় আনয়ন করা কর্ত্তব্য।

রক্তস্রাব ইত্যাদি কারণে হইলে, পোর্টওয়াইন, কলম্ব, জেসিয়ান কুইনাইন, মাত্রামতে দিবে।

সলফেট অভ্ জিঙ্ক ৫ গ্রেণ, মাত্রায় দিবসে ৩ বার, এইরূপ কিছু-কাল খাওয়াইলে একবারে আরোগ্য হয়, অন্য কোন উপদ্রব ঘটিলে নিবারণ করিবে।

ব্রোমাইড্ অভ্ পটাসিয়ম ১২ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার প্রদানে অতিশয় উপকার লাভ হয়।

আক্রমণের সময় শীতল বায়ু ব্যজন করিবে, এপোপ্লেকসীর সম্ভাবনা বুঝলে মস্তক মুণ্ডন করিয়া শীতল জল ঢালিবে। গ্রীবাদেশে ব্লিষ্টার, দুইরগে জোঁক, জোলাপ ইত্যাদি বিধেয়।

প্যারালসিস্ অর্থাৎ পক্ষাঘাত।

ইহা ত্রিবিধ যথা, হেমিপ্লেজিয়া অর্থাৎ শরীরের দীর্ঘভাবে অর্দ্ধ অঙ্গে, প্যারাপ্লেজিয়া অর্থাৎ কটিদেশের ঊর্দ্ধ কিম্বা অধোভাগে অর্দ্ধাঙ্গে, পারপিয়েলিস অর্থাৎ কোন এক অঙ্গে। যে যে অঙ্গ এই পীড়ায় আক্রান্ত হয়, তাহার সঞ্চালন ও স্পর্শণ উভয় কার্য্য রহিত হইয়া যায় কাহার বা একটী কার্য্য থাকে। এই ব্যাধি সংন্যাস রোগের আক্র-মণের পর, কাহাকেও বা নিদ্রাবস্থাতেও আক্রমণ করিয়া থাকে। অনিয়মিত ও পরিমিতরূপে স্ত্রীসংসর্গকরণ, পুনঃ পুনঃ স্বপ্নদোষ, হস্তমৈথুন, শীতলতা, সীসধাতু ঘটিত কর্ম্ম করা, নেঁকো প্রভৃতি বিষাক্ত দ্রব্য সেবন ইত্যাদি। কারণানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য। যথা—

প্রদাহ জনিত পীড়া হইলে, জলৌকা, কপিং, হটওয়াটর ফোমেণ্ট, ব্লিষ্টার, দেওয়া যায়। ক্যালমেল পীল দিয়া মুক আনান যাইতে পারে। যথা, ক্যালমেল ১ ড্রাম, আফিং ২০ গ্রেণ, ২০ টী বটীকা হইবে, মাত্রা ১ টী, ৪।৪ ঘণ্টান্তর দিবে। আইওডাইড অভ্ পটাসিয়ম দ্বারা বিশেষ উপকার দর্শে। ক্ষুদ্র ক্ষুদ্র আক্ষেপ জন্মিলে পর অল্প অল্প আফিং দিবে, আক্ষেপ না থাকিলে নিষিদ্ধ।

ষ্ট্রিকনিন্ ১ গ্রেণ, জল ১৬ আং, এসিটীক এসিড্ ॥০ ড্রাম, একত্র মিলাইবে, মাত্রা ১ আং, দিবসে ৩ বার।

মৃগনাভী ১ ড্রাম, কর্পূর ১ ড্রাম, একত্রে ১২ টী পুরিয়া হইবে দিবসে ৩টী দিবে।

হিং ১ ড্রাম, কর্পূর ১ ড্রাম, একত্রে ১২ টী পুরিয়া হইবে, দিবসে ৩ টী দিবে।

ব্রাণ্ডী ও কর্পূর একত্রে মিলাইয়া পীড়িতাঙ্গে মর্দ্দন করিলে বিশেষ হয়।

স্পিরিট্ অভ্ টারপিন মর্দ্দন দ্বারা বিশেষ উপকার লাভ হইয়া থাকে।

ইলেক্‌ট্রীসিটিতে সর্ব্বাপেক্ষা বিশেষ উপকার দর্শে।

টেটেনস্ অর্থাৎ ধনুষ্টঙ্কার।

হস্ত পদাদি ছেচিয়া বা বিধিয়া গেলে যদি স্নায়ু প্রপীড়িত হয়, তাহাতে টেটেনস হইলে ট্রমেটিক, আর যখন কখন বিনাকারণেও হয়, অর্থাৎ তাহার কারণ নিশ্চয় করিতে পারা যায় না, তাহাকে ইডিয়োপেথিক কহে।

টিজমস্ লবটস্-চোয়াল ধবা। অপিস্থটোমস-পৃষ্ঠধনু। এম্প্রস্থ-টোমস-অগ্ ধনু। প্লুবোস্থটোমস-পার্শ্বধনু।

চিকিৎসা যথা।---

প্রথমেই জোলাপ দিবে, ক্রোটন অয়েল ৩ বিন্দু কিম্বা ব্রিষ্টাব সিবিঞ্জ অর্থাৎ গুহ্যদ্বাবে ফিচকাবী দিবে, যথা, টাবপিন ও] ক্যাষ্টব অয়েল। একষ্ট্রাক্ট অভ্ বেলেডোনা ১ গ্রেণ, একষ্ট্রাক্ট অভ্ হেনবেন ৫ গ্রেণ, ওপিয়ম ২ গ্রেণ, ক্লোবোফবম ১০ বিন্দু, সলফিউরিক ইথর ৩০ বিন্দু, ইহাদেব অন্যতম এক মাত্রায় এমন দিবসে ১২।২৪ বাব খাওযাইবে। একষ্ট্রাক্ট অভ্ ইণ্ডিয়ান হেম্প ২ গ্রেণ পর্য্যন্ত দিবসে ২।৩।৪ বাব দেওয়া যায়। তাহাতে আক্ষেপ দূব হইবে। কখন কখন ক্যালমেল ১ ড্রাম, ওপিয়ম ২০ গ্রেণ, ২০ টী বটিকা হইবে, মাত্রা ১ টী, ৪।৪ ঘণ্টান্তর দেওয়া যায়, তাহাতে অল্প মুক আসিলে আবোগ্য লাভ কবিয়া থাকে। বলকাবক তরল পদার্থ খাইতে দিবে, ফলে এই পীড়া অতি কঠিন, প্রায় বক্ষা পায় না।

এপোপ্লেক্সী, অর্থাৎ সংন্যাস।

শুয়িয়া আছে অথবা বসিয়া আছে, কিম্বা যাতায়াত করিতেছে, এমন কালে হটাৎ আক্রমণ কবে। তাহাতে বোগী অজ্ঞান হইয়া ধবাশায়ী হয়। অনেকে ধবাপতিত হইবাই পঞ্চত্ব প্রাপ্ত হয়। যদি জীবিত থাকে তবে মুখে লাল পড়ে। ষ্টার্ট বসব্রিদিং অর্থাৎ নাশা গর্জ্জন তুল্য এক প্রকাব শব্দ নাক ও মুখ হইতে নির্গত হয়। ইহাতে হৃদপিণ্ড পূর্ব্বভাবে থাকে, নাড়ী পুষ্ট ও মৃদু গতি, ঠোট নীল বর্ণ হয়। পীড়াব কাবণ যথা—অপরিমিত ও অনিয়মিত স্ত্রীসংসর্গ-কবণ, উষ্ণতা, শীতলতা, স্ত্রীলোকেব বজ রুদ্ধ, মাদক সেবন, পৈত্রিক

ইত্যাদি। সংন্যাস প্রায় আরোগ্য হয় না, যদি আরোগ্য হয়, তবে পক্ষাঘাত রোগে আক্রান্ত হইয়া থাকে। কারণানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য।

মাদক দ্রব্য উদরে থাকিলে বমন কারক ঔষধি, ও ষ্টমাক্‌পম্প দ্বারা বাহির করিবে।

স্ত্রীলোকের রক্ত বন্ধ হেতু হইলে টারপিন তৈল ও উষ্ণজল দ্বারা যোনিদেশে পিচকারী দিবে।

মস্তকে রক্ত সংস্থান হইলে, মস্তক মুণ্ডন করিবে, শীতল জল ঢালিবে, ঘাড়ে ব্লিষ্টার ও দুই রগে জোঁক দিবে। ক্রোটন অয়েল ৩ বিন্দু জিহ্বায় দিবে, তাহাতে জোলাপ হয়। ফলে এই চিকিৎসা সকল প্রকার সংন্যাস রোগে ব্যবহার হয়।

গরম চা, সাগু, এরারুট, দুগ্ধ ও চিনির সহিত সেবন করাইবে।

যদি আরোগ্য হয়, তবে ১০ গ্রেণ মাত্রায় কুইনাইন দিবসে ১ এক বার, এই রূপ দুই তিন দিবস প্রদান করিলে বিশেষ হয়।

মেনিয়া অর্থাৎ উন্মাদ।

ইহা ত্রিবিধ, যথা, ইডিয়ট অর্থাৎ অপকারী, মিল্যানকোলিয়া অর্থাৎ অনপকারী, মনোমেনিয়া অর্থাৎ অদ্ভুত চিন্তাকারী।

সাধারণ লক্ষণ, যথা।—

মস্তক উত্তপ্ত, চক্ষু গলা রক্তবর্ণ, কোষ্ঠবদ্ধ, নিদ্রাভাব।

কারণ যথা।—পৈত্রিক, মানসিক, বিকার, মাদক সেবন, অপরিমিত শুক্রক্ষয় ইত্যাদি।

অনেকের পালাক্রমে আইসে, কেহ বা কিছুকাল পীড়া ভোগ করিয়া আরোগ্য লাভ করে। কাহার বা যাবজ্জীবন থাকিতে পারে।

সাধারণ চিকিৎসা যথা।—

মস্তক মুণ্ডন করিয়া শীতল জল ঢালিবে। ঘাড়ে ব্লিষ্টার দিবে, শিরঃপীড়া থাকিলে দুই রগে জোঁক দিবে।

সহস্র ধাবার জলে স্নান করাইবে।

পার্গটীভ্ অর্থাৎ বিরেচক দিবে।

অধিক বলবান হইলে রক্ত মোক্ষণ করিবে, ও ক্যালমেল পীল দিয়া মুখ আনাইবে।

দুর্ব্বল হইলে, কুইনাইন, পোর্টওয়াইন, বিয়ার প্রভৃতি বলকারক, ঔষধ প্রদান করিবে।

নিদ্রাকারক ঔষধ ভক্ষণ করাইবে। যথা,কর্পূর ৫ গ্রেণ, একষ্ট্রাকট্ অভ্ হেন্‌বেন্ ৫ গ্রেণ, একত্রে মিলাইয়া একবারে রাত্রে দিবে। কিম্বা ১ গ্রেণ মাত্রায় মর্ফিয়া রাত্রে খাওয়াইবে।

সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও নির্জ্জনে রাখিবে, কোন প্রকার যন্ত্রণা দিবে না।

বুদ্ধির কোন কোন অংশ স্থির থাকিলে যদি কার্য্য বিশেষে সক্ষম হয়, তবে নিযুক্ত করিবে। যেমন পয়সা গুণা, চিত্র অঙ্কিত করা ইত্যাদি।

মিল্যানকোলিয়া অর্থাৎ অনপকারী পাগলদিগকে উষ্ণ জলের টবে বসাইলে বিশেষ হয়।

এযার ডিজিজ অর্থাৎ কর্ণের ব্যাধি ও টাইটিস অর্থাৎ কর্ণপ্রদাহ।

কর্ণের সকল প্রকার পীড়াতেই সাবধানে কর্ণগহ্বর দৃষ্টি করিবে,

ময়লা থাকিলে গরম জলের পিচকারী দ্বারা পবিষ্কার করিবে, কোন প্রকার পোকা অথবা আটুলী থাকিলে বাহির করিয়া দিবে। বেদনা থাকিলে—

রসুন ১ ড্রাম, আফিং ॥০ ড্রাম, সর্ষপের তৈল ১ আং, একত্রে উষ্ণ করিয়া তাহার দুই তিন বিন্দু দিবসে দুই তিনবার দিবে। যদি ইহাতে আরোগ্য না হয়, তবে কর্ণপশ্চাতে জোঁক এবং পর্গেটিভ্ অর্থাৎ বিরেচক দিবে। যদি তাহাতে ও আরোগ্য না হয়, তবে কর্ণপশ্চাতে ব্লিষ্টার দিবে।

কর্ণ হইতে পুঁষ পড়িতেছে ও বেদনা আছে, তাহার চিকিৎসা, যথা।—

লডেনম, ও গ্লিসরিন সমানাংশে মিলাইয়া কর্ণে দিবে। অধিক বেদনা থাকিলে কর্ণের পশ্চাতে জোঁক অথবা ব্লিষ্টার দিবে।

কেবল পুঁষ পড়ে, বিশেষ কোন বেদনা নাই, তাহার চিকিৎসা যথা।—

গরম জলের পিচকারী দিয়া, এলাম লোসেন, অর্থাৎ ফটকিরী ২ ড্রাম, জল ২০ আং, ইহার অল্প লিন্টকাপড়ে ভিজাইয়া কর্ণরন্ধ্রে দিবে। ইহাতে না সারিলে, সুগার অভ্ লেড ২ ড্রাম, জল ২০ আং, ইহাতে অল্প লিন্ট, অথবা তূলা বা সামান্য কাপড় ভিজাইয়া কর্ণবন্ধ্রে দিবে।

বহুকাল যাবৎ কর্ণে পুঁষ পড়িতেছে, বিশেষ কোন বেদনা নাই, তাহার চিকিৎসা যথা।—

লিউনার কষ্টিক ৫ গ্রেণ, জল ২ আং, অথবা নাইট্রিক এসিড্ ২ ড্রাম, জল ২০ আং, ইহার অন্যতম অল্প অল্প দিবে।

ডেফ্‌নেস অর্থাৎ বধিরতা, শ্লৈষ্মিক ঝিল্লীর শুষ্কতাবশতঃ হইলে কেবল গ্লিসরিন্ দিবে।

আইডিজ্জিজ অর্থাৎ চক্ষু প্রদাহ বা চক্ষু উঠা।

অফ্‌থালমিয়া অর্থাৎ চক্ষুপ্রদাহ বা চক্ষু উঠা।

প্রথম ক্যাটারেন্‌ অক্‌ থালমিয়া, চক্ষের কঞ্জংটাইভাতে ইন্‌-ফ্লামেশন, অর্থাৎ চক্ষের উপরের পর্দ্দাতে প্রদাহ হইলে উক্ত নাম দেওয়া যায়। যথা—

এই রোগে, চক্ষের করকরাণী, জল পড়ে, এবং রক্তবর্ণ হয়। অতিশয় বেদনা থাকিলে অল্প আফিং জলে গুলে তাহার ১। ২ বিন্দু অথবা ভাইনম ওপিয়ম ১। ২ বিন্দু চক্ষে দেওয়া যায়। আর জল পড়া নিবারণ করিতে য়্যালাম অর্থাৎ ফটকিরী ১ ড্রাম, সল্‌ফেট অভ্‌ জিঙ্ক ১ ড্রাম, জল ১২ আং, ইহার দুই তিন বিন্দু দিবসে ২। ৩ বার চক্ষে দেওয়া যায়। কোষ্ঠ পরিষ্কার হেতু সল্‌ফেট অভ্‌ ম্যাগ-নেসিয়া ৪ ড্রাম দিবে।

পীড়া পুরাতন (ক্রনিক অফ্‌থালমিয়া) হইলে, কুইনাইন, পোর্ট, প্রভৃতি খাইতে দিবে।

চক্ষে কোন চুল পড়িয়া ইরিটেসন্‌ করে কি না তল্লাস করিবে, থাকিলে উঠাইবে।

গণরিয়েল অফ্‌ থালমিয়া।—লিঙ্গ হইতে যেরূপ ধাতু নির্গত হয়, চক্ষু হইতে সেইরূপ নির্গত হইলে বলা যায়। ইহা অতি ভয়ানক যেহেতু ২৪ ঘণ্টার মধ্যে দৃষ্টি ঝাপসা হয় ও আর কিছু কাল পরে, অক্ষিতারকে ক্ষত পচন আরম্ভ হইয়া চক্ষু নষ্ট হয়। ইহাতে লিউনার কষ্টিক ১০ গ্রেণ, জল ১ আং, ইহার এক বিন্দু দিবে। এমন দিবসে ৩। ৪ বার। আর ঘণ্টায় ২। ৩ বার চক্ষে ফট্‌কিরীর জলে পিচকারী দিবে।

সল্‌ফেট অভ্‌ ম্যাগনেসিয়া দ্বারা জোলাপ দিবে। পরে কুই-

নাইন, বার্ক, পোর্ট প্রভৃতি খাইতে দিবে। এবং বলকারক পথ্য দিবে।

অলসারেসন্ অভ্ দি কর্ণিয়া, সুপিং অভ্ দি কর্ণিয়া, পেরালেন্ট অভ্থালমিয়া, প্রভৃতি যে কোন চক্ষুপীড়াতেই হউক, চক্ষু হইতে পুঁয নির্গত হইলে ও অক্ষিতারক নষ্ট হইবার সম্ভাবনা হইলে, গণবিয়েল অভ্ থালমিয়ার ন্যায় চিকিৎসা করিবে।

কর্ণিয়া ইটিস অর্থাৎ সামান্য কারণে অক্ষিতারকে প্রদাহ হইলে ক্যাটারেল অভ্ থালমিয়ার ন্যায় চিকিৎসা করা কর্ত্তব্য। প্রদাহ আরোগ্য হইলেও যদি অক্ষিতারকে শ্বেতবর্ণ ও অস্বচ্ছতা থাকে, তবে মিউরিয়েট্ অভ্ এমোনিয়া অর্থাৎ নিসাদল ৪০ গ্রেণ, এসিটেট্ অভ কপর ৪ গ্রেণ, লাইম ওয়াটর ৪ আং, ইহার দ্বারা ধৌত করিবে, তাহাতে বিশেষ হয়। তুলসীপাতার রস চক্ষে দিলেও সারে।

ক্যাটারেক্ট অর্থাৎ ছানি, ইহা কদাচ ঔষধের দ্বারা আরোগ্য হয় না। অস্ত্রচিকিৎসা আবশ্যক করে, এবং সুনিপুন চিকিৎসকের দ্বারা কর্ত্তব্য।

নিশান্ধতা নিবারণ করিতে তুলসীপাতার রস চক্ষে দিবে, দুর্ব্বল হইলে বলকারক ঔষধ খাইতে দিবে।

ফিমেল্ ডিজিজ, অর্থাৎ স্ত্রীলোকের বিশেষ ব্যাধি।

এমিনোরিয়া অর্থাৎ ঋতুশোনিতের রোধ বা হ্রাস। ডিস্মিনোরিয়া, অর্থাৎ যাতনাপ্রদ ঋতু। মিনোরিজিয়া অর্থাৎ অপরিমিত শোনিত নিঃসারক ঋতু। লিকোরিয়া, শ্বেতপ্রদর।

এমিনোরিয়া—বয়ঃপ্রাপ্ত স্ত্রীলোকের ঋতু না হইলে, বা ঋতু হইয়া পরে একবারে বন্ধ হইয়া গেলে, তাহাকে বলা যায়। একদা

ঋতু না হইলে, দেখিবে যদি স্ত্রীলোকের যোনিদ্বার অথবা জরায়ু দ্বার বন্ধ থাকে, তবে অস্ত্রদ্বারা তাহার পথ করিয়া দিবে। পরে প্রদাহ না হয় তাহার চিকিৎসা করিবে। ঋতু হইয়া বন্ধ হইয়া গেলে যদি রোগী বলবান হয় তবে দুর্ব্বল করিবার চেষ্টা পাইবে। যদি দুর্ব্বল হয় তবে বলকারক ঔষধ ও পথ্য দিবে।

ডিস্‌মিনোরিয়া—ঋতুকালে গর্ভাশয়ে অতিশয় যন্ত্রনা হইলে তাহাকে বলা যায়। স্নায়ু সম্বন্ধীয় হইলে, যোনিদ্বারে একষ্ট্রাকট্‌ অভ্‌ হাইওসায়ামস ৬ গ্রেণ, ক্যাম্ফর ১০ গ্রেণ, ওপিয়ম ৪ গ্রেণ, ইহার অন্যতম দিবে। ইহাদের দ্বারা বাহ্যে দ্বারে পিচকারীও দেওয়া যায়, আর ঋতুর বিরাম অবস্থায় বলকারক ঔষধ ও পথ্য দিবে। এবং ত্রিকাস্থির উপর ব্লিষ্টার দিবে। যোনিদ্বারে শীতল অথবা উষ্ণ জলের পিচকারী দিবে।

প্রদাহ যুক্ত হইলে, কটিতে কপিং করিবে, ও জরায়ু দ্বারে জলৌকা দেওয়া যায়, তাহাতে ত্বরায় উপকার দর্শে। বিরেচক ও বস্ত্র নিঃসারক ঔষধ দিবে। যথা, এলোজ অর্থাৎ মুসর্ব্বর ১০ গ্রেণ, কপার্ব্ব পাউডার অর্থাৎ রেওচিনি ৫ গ্রেণ, সল্‌ফেট্‌ অভ্‌ আইরণ অর্থাৎ হিরাকস ৩ গ্রেণ, একবারে খাওয়াইবে। ইহাতে উভয় বিধ কার্য্য সিদ্ধি হয়। জ্বরের পৃথক চিকিৎসা করিবে।

রোধক হইলে, যোনিদ্বারে একটী বুজী প্রবেশ করাইতে হয়, তাহাতে যদি ক্লেশ হয়, তবে অস্ত্র করিয়া উক্ত নালী বৃহৎ করত বুজী দেওয়া যায়, ও তাহাতে প্রদাহ হইলে আকিং শীতল জল-সেক প্রভৃতি প্রদাহনাশক ব্যবস্থা করিবে।

মিনোরিজিয়া—অধিক পরিমাণে ঋতুস্রাব হইলে তাহাকে বলা যায়। চিকিৎসা যথা। স্ত্রীলোক বলবান হইলে রক্তমোক্ষণ, ও কটি-দেশে কপিং করিবে। যোনিদ্বারে শীতল জল দ্বারা পিচকারী দিবে।

অন্য সুগার অব — — প্লম্বাই পীক্লষ ৭৫, সুগার অব মন্ধ ২ ড্রাম, আফিং ২০ গ্রেণ, ২০টী বটিকা করিবে, মাত্রা ১ টী, দিবসে ৩। ৪ টী। রোগীকে সর্ব্বদা চিৎ হইয়া কঠিন শয্যায় শয়ান রাখিবে। অথবা ডাইলিউটেড সলফিউরিক এসিড ৩০ বিন্দু, জল ১ আং, এক মাত্রায় দিবসে ৩। ৪ বার দিবে। তাহাতে অনেকে আরোগ্য লাভ করে।

লিকোরিয়া—অর্থাৎ শ্বেতপ্রদর। যোনিদ্বার হইতে সর্ব্বদা জলবৎ ক্লেদ নির্গত হয়। তাহাকে লিকোরিয়া শ্বেতপ্রদর বলা যায়। এতদ্ভিন্ন উক্ত ক্লেদের বর্ণানুসারে, রক্ত প্রদর, নীল প্রদর বলা গিয়া থাকে। ফটকিরীর জলে পিচকারী দিবে। আর ষ্টীলড্রপ্ ৪ ড্রাম, চিরেতা ১৯৷০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার দিবে। বলকারক পথ্য দিবে। পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখিবে। আর মানসিক সুস্থতা অর্থাৎ দুশ্চিন্তা নিবারণ করিবে। এতদ্ভিন্ন স্ত্রীলোকের অনেক বিশেষ পীড়া আছে। তাহা এই পুস্তকে বর্ণনার বিষয় নহে।

হেমরেজ অর্থাৎ রক্তস্রাব।

কোন স্থান কাটিয়া গেলে শীতল জলে উক্ত স্থান ধৌত করিয়া, ক্ষতের দুই মুখ সমান করিয়া ধরিয়া রেজিন্ প্লাষ্টর দ্বারা সুন্দর মতে আটিবে, তাহাতে রক্তস্রাব নিবারণ হয়। যদি কোন বৃহৎ নাড়ীবৎ শীরা কাটীয়া যায়, তবে অগ্রে তাহার মুখ রেসম বা সুতার দ্বারা বাধিয়া পরে পূর্ব্বোক্ত প্রক্রিয়া কর্ত্তব্য।

জোঁক লাগিয়া বা কপিং করিতে অথবা খোচা লাগিয়া কোন স্থানের শীরা বা নাড়ীতে ক্ষত করিলে সেই রক্ত শীঘ্র বন্ধ হয় না। ফট্‌কিরীর জল, সুগার অভ্ লেডের জল, কষ্টিক লোসন, নাইট্রিক-

এসিড দগ্ধ লৌহ শলাকা, যথাস্ত্র [illegible] প্রয়োগ করিবে তাহাতে অবশ্য রক্ত বন্ধ হইবে কিন্তু কর্তৃ [illegible] উপরে কিছু চাপিয়া বন্ধন দিবার সুবিধা থাকিলে ঔষধের আবশ্যক নাই।

এপিস ট্যাকসিস্ অর্থাৎ নাসিকা হইতে রক্তস্রাব।

সির্কা টারপিন তৈল ফট কিরীর জল ইহাদের অন্যতম নাসিকা রন্ধ্রে দিবে তাহাতে প্রতিকার হয়

দন্তমূল হইতে রক্তস্রাব হইলে মিশি অথবা মাজন দ্বারা দন্ত মর্দ্দন করিবে, ফট কিরীর জলে কুল্লী দিবে।

বমন দ্বারা যদি কাল রক্ত উঠে তবে (হিমেটিমিসিস) উদর হইতে উঠিতেছে আর যদি লাল রক্ত উঠে তবে (হিমপটিসিস) লংস অর্থাৎ ফুস ফুস হইতে উঠিতেছে, এমন নিশ্চয় করিতে হইবে। উভয়ের চিকিৎসা প্রায় একবিধি যথা, স্থানিক চিকিৎসা করিবে। শীতল জলসেক দিবে। শীতল জল পান করাইবে। সুগার অভ্ লেড এণ্ড ওপিয়ম পীল, মাত্রা ১টী দিবসে ৩। ৪ টী খাইতে দিবে টারপিন তৈল ৫ বিন্দু অল্প জলের সঙ্গে ঘন্টায় ঘন্টায় খাইতে দিবে।

যোনিদ্বার হইতে রক্তস্রাব হইলে সুগার অভ লেড এণ্ড ওপিয়ম পীল মাত্রা ১ টী দিবসে ৩। ৪ টী খাইতে দিবে। আর যোনি দ্বারে শীতল জল, ব্রাণ্ডী ফট কিরীর জল ইহাদের দ্বারা লিণ্ট ভিজাইয়া রাখিবে এবং ইহাদের দ্বারাও পিচকারী দেওয়া যাইতে পারে।

প্রস্রাব দ্বার হইতে রক্তস্রাব হইলে (হেমিচুরিয়া) সুগার অভ লেড এণ্ড ওপিয়ম পীল ইত্যাদি মাত্রা ১টী দিবসে ৩। ৪টী খাইতে দিবে। কটিদেশে উষ্ণ জলের সেক দিবে কখন কখন বালসাম অভ কোপেবা ২০ বিন্দু মাত্রায় দিবসে ৩। ৪ বার খাইতে দিবে, বিশেষ উপকার হয়।

এবশেষ অর্থাৎ স্ফোটক।

যে কোন স্থানে স্ফোটক হউক প্রথমে গোলমরিচ বাটিয়া (পুল্টীস,) গরম করে দিবসে ২। ৩ বার লাগাইবে, তাহাতে প্রায় বসিয়া যায়। যদি না বসে তবে চাউল, ময়দা, তিসী চুর্ণ, ইহাদের অন্যতমকে গরম জল ফুটাইয়া বদ্ধমবৎ করিবে, (পুল্টীস) পরে পুরুকাপড়ে পুরু করিয়া লাগাইয়া স্ফোটকোপরি দিয়া বন্ধন করিবে, এইরূপ ৪। ৪ ঘন্টান্তর করিলে বসিয়া যাইতেও পারে, কিন্তু প্রায় পাকিয়া যায়।

পাকিলে বিবেচনামতে চিরিয়া দিয়া পুনবায় পুল্টীস দিবে, তাহাতে আরোগ্য হইবেক। যদি অলসার অর্থাৎ ক্ষত হয়, তবে তাহার চিকিৎসা করিবে।

অলসারস্ অর্থাৎ ক্ষত সকল।

কটিং অলসার, অর্থাৎ কাটাক্ষত বেজিন প্লাষ্টর দিয়া আটিবে। টারপিন তৈল দিবে, অধিক ইন্ফ্লামেশন্ হইবার সম্ভব থাকিলে, স্পিরিট লোসন (১ এক আউন্স, স্পিরিট জল ৭ আং) দ্বারা ভিজাইয়া রাখিবে, কোল্ড ওয়াটর অর্থাৎ শীতল জলে ভিজাইয়া রাখিলেই প্রদাহ নিবারণ হয়। এইরূপ চিকিৎসায় অনেক ক্ষত এ্যডিসন্ অর্থাৎ সংযোগ হইয়া আরোগ্য হয়।

সুপরফেসিয়েল্ অলসার, অর্থাৎ কেবল চর্ম্মোপরি ক্ষত, সিম্পেল অয়েন্টমেন্ট, জিঙ্ক অয়েন্টমেন্ট, চক অয়েন্টমেন্ট, ইহাদের অন্যতম

দ্বারা পটি দিলে আরোগ্য হয়। সকল প্রকার ক্ষত দিবসে ৩। ৪ বার অতি উত্তমরূপে ধৌত করিবে।

হেল্‌থ অল্‌সার অর্থাৎ আরোগ্যোন্মুখ ক্ষত শীতল জলে লিণ্ট অথবা কাপড় ভিজাইয়া ক্ষতস্থানে লাগাইয়া তাহার উপর কলাপাত দিয়া তাহার উপরে ব্যাণ্ডেজ অর্থাৎ বন্ধন করিবে, অথবা সিম্পেল অয়েণ্টমেণ্ট, জিঙ্ক অয়েণ্টমেণ্ট, চক অয়েণ্টমেণ্ট, ইহাদের অন্যতম লাগাইবে।

সামান্য পুল্‌টীসের দ্বারাও অন্য ঔষধ ব্যতীত আরোগ্য হইতে পারে।

ইণ্ডোলেণ্ট অল্‌সার—এই ক্ষত হইতে জল পড়ে, মাংসাঙ্কুর হয় না। চারিধারের কিনারা অতিশয় মোটা হয়, বহু অয়েণ্টমেণ্ট দ্বারা পটি দিয়া চাপিয়া বাঁধিবে, তাহাতে আরোগ্য না হইলে, অস্ত্রের দ্বারা কিনারা পাতলা করিবার চেষ্টা করিবে, ক্ষতমধ্যে ব্লুষ্টম সলিউসন্, রেড অক্‌সাইড অভ্ মার্করী, ইহাদের অন্যতম লাগাইবে।

শ্লফিং অল্‌সার অর্থাৎ পচা ঘা, উষ্ণ জলে দিবসে ৪ চারিবার উত্তমরূপে ধৌত করিবে, পরে নাইট্রিক এসিড্ দ্বারা জ্বালাইবে, তাহার উপরে চার্কল পুল্‌টীস অর্থাৎ কয়লার পুল্‌টীস দিবে। অন্যান্য পুল্‌টীসের সঙ্গে কয়লার গুঁড়া এই পরিমাণে মিশ্রিত করিবে, যাহাতে কৃষ্ণবর্ণ হয়, এইরূপ কয়েক দিবস করিলে যখন দুর্গন্ধ ও পচামাংস কম হয়ে আসিবে, তখন ডাইলিউটেড্ নাইট্রিক এসিড্ নাইট্রিক এসিডের পরিবর্ত্তে দিবে, এইরূপে ক্ষত যখন লাল হয়ে আসিবে তখন হেল্‌থ অল্‌সারের চিকিৎসা করিবে।

অথবা গরম জলে ধৌত করিয়া কার্ব্বোনিক এসিড্ অয়েল (কার্ব্বোনিক এসিড্ ১ আং, মষ্টার্ড অর্থাৎ সর্ষপের তৈল ১৫ আং) দ্বারা লিণ্ট ভিজাইয়া ক্ষতোপরি পটি দিবে, তাহার উপর কলাপাতা

দিয়া ব্যাণ্ডেজ অর্থাৎ বন্ধন করিবে। এইরূপ দিবসে একবার অথবা দুই দিবসে একবার দিবে, বিবর্চনা হইলে দিবসে দুই তিনবার দে ও। খাইতে পারিবে, ক্ষত আরোগ্যোন্মুখ হইলে তাহার যথ চিত চিকিৎসা করিবে, আর রোগীকে বলকর ঔষধ ও প , হতে দিবে।

কেবিটেরন্ অল্সার যন্ত্রণা বা বেদনা অর্থাৎ জ্বালাযুক্ত ক্ষত, ওপিয়ম অর্থাৎ আফিং জলে মিলাইয়া, চন্দনবৎ হইলে ক্ষতোপরি লাগাইবে, তাহাতে যন্ত্রণা নিবারণ হইবে, আর ডোভর্ষ পাউডার ১০ গ্রেণ মাত্রায় ৪।৫ ঘণ্টান্তর খাইতে দিবে, এবং ক্ষতের অবস্থানুসারে অন্যান্য চিকিৎসা করিবে, কখন কষ্টিকের দ্বারা ক্ষত জ্বালাইয়া পরে শীতল জলে লিণ্টকাপড ভিজাইয়া পটি দিলে বিশেষ হয়।

প্রাউডফ্লেশ অল্সার, অর্থাৎ মাংসাঙ্কুরবৃদ্ধিজনক ক্ষত, কষ্টিক অথবা তুতিয়া অল্প অল্প লাগাইবে, অথবা সিসের পাত, ক্ষতে যে ঔষধের পটি দিবে তাহার উপর দিয়া ব্যাণ্ডেজ অর্থাৎ বান্ধিবে।

ফ্যাজাডনিক অল্সার অর্থাৎ ঘুবঘুরে ঘা, নাইট্রিক এসিড জ্বালাইবে ও ব্লুস্টোন সলিউসন্ অর্থাৎ তুতের জলে লিণ্ট অথবা কাপড ভিজাইয়া পটি দিবে পরে কলাপাতা দিয়া বান্ধিবে। ইহা সংক্রামক রোগ, অন্যান্য রোগী হইতে সম্পূর্ণ স্বতন্ত্র রাখিবে। আরোগ্য হইলে বস্ত্রাদি জ্বালাইয়া দিবে ইত্যাদি।

ল্যাঙ্গুইড্ অল্সার অর্থাৎ দুর্বল ঘা, ক্ষত হইতে জল পড়ে, এবং মাংসাঙ্কুর সকল পাণ্ডুবর্ণ হয়, তাহাতে নাইট্রিক এসিড সলিউসন্, ব্লুষ্টোন সলিউসন্, রেড্ অক সাইড্ অভ্ মার্করী, ইহাদের অন্যতম লাগাইবে, উত্তম পথ্য দিবে।

সাইনস অল্সার অর্থাৎ নালী ঘা, সুবিধা হইলে নালীটি চিরিয়া

দিবে। নতুবা পিচকারী দ্বারা কষ্টিক সলিউসন, ব্লুষ্টোন সলিউসন্ ডাইল্যুইট্ক [illegible] ইহাদের অন্যতম লাগাইবে।

ইন্‌ফ্লামেটরী প্রদাহযুক্ত ক্ষত, ক্ষতের চারিপার্শ্বে [illegible] লাগান যায়। আর বেদনা নাশের নিমিত্ত আফিং স্থানিক ও আভ্যন্তরিক ব্যবস্থা করিবে, রাত্রে ব্লুপীল দিয়া প্রাতে জোলাপ দিবে।

[illegible] অলসার গণ্ডমালা ক্ষত, চারিধারে টিংচার অভ্ আইডিন দিবে। ক্ষতে সল্ফিং অলসারের ঔষধ প্রয়োগ করিবে, খাইতে বং আইওডাইড্ অভ্ পটাসিয়মনিং মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার খাইতে দিবে। (আইওডাইড অভ্ পটাসিয়ম ১ ড্রাম সলফেট অভ্ আইরণ ২০ গ্রেণ, চিরেতা ২০ আং)।

কার্ব্বোঙ্কল অর্থাৎ বোলতাচাকি স্ফোটক বা ক্ষত।

ইহাতে বিন্দু বিন্দু ছিদ্র দৃষ্ট হয়, পাকেনা কিন্তু ক্রমে পচিতে থাকে। ইহার চিকিৎসা ; যথা, ক্রুসিয়েল অর্থাৎ (+) চেরার ন্যায়, বা বজ্রাকৃতিরূপে চিরিয়া দিবে। পরে ক্ষতমধ্যে নাইট্রীক এসিড অথবা কষ্টিক দ্বারা জ্বালাইবে, পরে পুলটীস দিবে, অথবা কার্ব্বোনিক এসিড্ অয়েল দ্বারা ড্রেস করিবে। পরে ক্ষত আরোগ্যোন্মুখ হইলে তাহার উপযুক্ত চিকিৎসা করিবে, বলকারক ঔষধ ও পথ্য খাইতে দিবে।

ইহা ওষ্ঠে হইলে ওষ্ঠব্রণ, ঘাড়ে হইলে ঘাড়মাগুরা, পৃষ্ঠে হইলে পৃষ্ঠব্রণ, নাভিতে হইলে রাজগাড়, উরুতে হইলে উরুস্তম্ভ বলিয়া থাকে।

সিফিলিস্ অর্থাৎ উপদংশ বা গর্মী

(ইহা সংক্রোমক রোগ, স্পর্শ ব্যতীত হয় না)

ইহা চারি প্রকার, যথা—

টু শ্যাঙ্কার, যথার্থ গর্ম্মী। ক্ষত স্থান দেখিলে বোধ হয় যেন কাটিয়াবা এক টুকরা মাংস কাটিয়া লইয়াছে। ক্ষতের নিম্নে একটী ডাল বসান রয়েছে, টীপিলে এমন শক্ত বোধ হয়। লিঙ্গস্ফীত বেদনা যুক্ত ও লোহিত বর্ণ হয়, ইহার বিষ শরীরে প্রবিষ্ট হইলে গায়ে গর্ম্মী ফোটে। প্রথম অবস্থায় চিকিৎসাধীনে আসিলে নাই-ট্রীক এসিড, কষ্টিক, ইহাদের অন্যতম দ্বারা জ্বালাইবে। ফুলা এবং বেদনার নিমিত্ত শীতল জলপটি অথবা সাধারণ পুলটিস দিবে। কখন কখন অতিশয় ফুলিয়া ফাইমেসিস, এবং পেরাফাইমেসিস, অর্থাৎ মুদো, বিপর্য্যস্ত মুদো হয়। তাহা যদি ফুলা কমিলেও আরোগ্য না হয়, তবে তাহার যথোপযুক্ত অস্ত্রচিকিৎসা করিবে। ফলে তৈল দিয়া হস্তের দ্বারা খুলিতে চেষ্টা করা কর্ত্তব্য। ক্ষত পুরাতন হইলে ব্লাকওয়াস, (চুনের জল ২০ আং, ক্যালমেল ১ ড্রাম), ইয়েলওয়াস (চুনের জল ১০ আং, করোসিব সবলিমেট ১৮ গ্রেণ), ইহাদের অন্যতম দ্বারা পটি দিয়া উপরে কলাপাত দিয়া ব্যাণ্ডেজ দিবে, অর্থাৎ বাধিবে। আইওডাইড্ অভ্ পটাসিয়ম ১ ড্রাম, চিরেতা ২০ আং, আইওডাইড্ অভ্ পটাসিয়ম ১ ড্রাম, ডিকসন্ অভ্ হেমিডিসমাস ২০ আউন্স।

আইওডাইড্ অভ্ পটাসিয়ম ১ ড্রাম, কম্পাউণ্ড ডিক্কসন্ অভ্ সার্সাপেরিলা ২০ আং, করোসিব সবলিমেট ২ গ্রেণ, চিরেতা

২০ আং, ডলোডেন্স সলিউশন ১৫ আং, এসেন্স অভ্ পিপারমেন্ট ॥০ আং, চিরেতা ১৯ আং, প্রত্যেক মিকশ্চারের মাত্রা ১ আং, দিবসে ৩ বার আহারের পরে দিবে।

সেকাণ্ডারী সিফিলিস্ অর্থাৎ গায়ে গর্মী ফোটা।

—নাইট্রিক এসিডে জ্বালাইবে, আর উপরোক্ত ৫ টী মিকশ্চারের মধ্যে যেটী বিবেচনা হইবে, খাইতে দিবে।

সিম্পল শ্যাঙ্কর অর্থাৎ সামান্য গর্মী।

এই ক্ষত হইলে অধিক পুঁষ নির্গত হয়, টিপিলে শক্ত বোধ হয না, গায়ে ঘা ফোটেনা, কদাচিত বাঘি হয়। নাইট্রীক এসিড্ বা কষ্টিক দ্বারা জ্বালাইবে, ব্ল্যাকওয়াস অথবা ইয়েলওয়াস দ্বারা পটি দিবে। আইওডাইড্ অভ্ পটাসিয়ম ১ ড্রাম, চিরেতা ২০ আং, মাত্রা ১ আং, দিবসে তিন বার খাইতে দিবে। কিন্তু অগ্রে বিরেচক দেওয়া কর্ত্তব্য।

ফ্যাজাডনিক শ্যাঙ্কর। এই ক্ষত দেখিতে অসমান, অতিশয বেদনা-যুক্ত, প্রায় বাঘি হয় না। ক্ষতে আফিং দিয়া পটি দিবে, তদুপরি সাবারণ পুলটিস দিবে, ডোভর্ষ পাউডার ১০ গ্রেণ, মাত্রায ৪। ৪ ঘন্টান্তরে খাইতে দিবে, আর রোগী দুর্ব্বল হইলে ডাইলিউটেড্ নাইট্রোমিউরিএটিক্ এসিড্ ১ আং, টিঞ্চার অভ্ সিনকোনা ১ আং, চিরেতা ১৭ আং, মাত্রা ১ আং, দিবসে ৩ বার খাইতে দিবে।

শ্লফিং শ্যাঙ্কার অর্থাৎ পচন ক্ষত উপদংশ।

ইহার ক্ষত ক্ষয় পাইতে থাকে, ফোলে এবং অতিশয় বেদনা হয়। ক্রমে পচিতে থাকে, এবং অতিশয দুর্গন্ধ হয়। চিকিৎসা যথা।—

অগ্রে গরম জলে ধৌত করিয়া পরে নাইট্রিক এসিড ১ ড্রাম, জল ১৬ আং, ইহার দ্বারা ধৌত করিবে, পরে আফিঙ্গের দ্বারা পটি দিয়া তাহার উপর চারকোল পুলটীস অর্থাৎ কয়লার পুলটীস ৪। ৫ ঘন্টান্তরে দিবে, রাত্রিতে ১ গ্রেণ আফিং অথবা ১০ গ্রেণ ডোভার্স পাউডার, ইহার অন্যতম ৪। ৪ ঘন্টান্তর দিবে মধ্যে মধ্যে বিরেচক দিবে এবং কুইনাইন, কলম্ব, চিরেতা, জেন্সিয়ান, পোর্ট, সেরি, এযুক্তি মাত্রামতে খাইতে দিবে। সকল প্রকার গর্ম্মিতে পথ্য, যথা।—দুগ্ধ, ঘৃত, ময়দা, চা, আলু অড়র, মুগ, উত্তম চাউলের অন্ন খাইতে দিবে। নিষেধ, যথা অম্বল, শাক, লাউ, কলাই ডাইল ইত্যাদি।

বিউবো অর্থাৎ বাঘি।

গর্ম্মী জন্য প্রায় হয়, এভিন্ন অন্যান্য কারণেও হইতে পারে। প্রথমে শীতল জলের পটি দিবে চারিধারে জোঁক লাগাইবে। টিংচার অভ্ আইওডাইন লাগান যায়। একান্ত পাকিবে বোধ হইলে, সাধারণ পুলটীস দিবে। পাকিলে লম্বাভাবে চিরিয়া দিবে, সাবধানে চেরা চাই, যেন কোন শীরা বা নাড়ী না কাটে, পরে ক্ষত স্থানের যথাবিহিত চিকিৎসা করিবে।

গণবিষা অর্থাৎ ধাতুসহ মেহ।

যাহার ধাতু আছে তাহার সহিত রমণ করিলে হয়, পুরুষের কার্ডি অর্থাৎ লিঙ্গোচ্ছাস নিবারণ করিতে—

শীতল জল, মার্ব্বল প্রস্তর, লৌহ, প্রভৃতি শীতল গুণসম্পন্ন দ্রব্য লিঙ্গোপরি রাখিবে।

অতিশয় বেদনা প্রযুক্ত রাত্রে নিদ্রা না হইলে রাত্রে ডোভর্স পাউডার ১০ গ্রেণ খাইতে দিবে।

স্ত্রী হউক আর পুরুষই হউক, কিউবেব পাউডার অর্থাৎ কাবাব চিনি চর্ণ ২০ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার জলের সঙ্গে খাইতে দিবে।

কিউবেব [illegible] ার ২০ গ্রেণ, ব্যালসম অভ্ কোপেরা ২০ বিন্দু, জল ১ আং, একবারে খাইতে দিবে, দিবসে তিনবার।

কিউবেব পাউডার ২০ গ্রেণ, ব্যালসম অভ কোপেবা ২০ বিন্দু, নাইট্রিক ইথর ২০ বিন্দু, জল ১ আং, একবারে খাইতে দিবে, এইরূপ দিবসে তিনবার।

টীং হেনবেন ২ ড্রাম, ব্যালসম অভ্ কোপেবা ১ আং, নাইট্রিক ইথব ১ আং, লাইকর পটাস ২ ড্রাম, গমরাবাবিক ১ আং, কিউবেব পাউডাব ১ আং, জল ১৭॥০ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বাব দেওয়া যায়।

তোকমা চারি আনা ওজনে এক পোয়া জলে রাত্রে ভিজাইয়া প্রাতে দুগ্ধ ও চিনি সহ একবারে খাইতে দিবে।

কোনমতে গরম দ্রব্য খাইতে দিবে না। গরম জলে স্নানে উপকার আছে।

সিরিঞ্জ অর্থাৎ পিচকারী দিবার বিষয়।

অতিশয় জ্বালা থাকিলে গ্লিসারিন দ্বারা পিচকারী দিবে।

বেদনা থাকিলে আফিঙের জলে পিচকারী দিবে।

পুঁয নিবারণ হেতু, ফটকিরী ২ ড্রাম, জল ২০ আং, সুগার অভ্ লেড্ ২ ড্রাম, জল ২০ আং, তুঁতে ২ ড্রাম, জল ২০ আং, সলফেট অভ্ জিঙ্ক, ২ ড্রাম, জল ২০ আং, ইহাদের অন্যতম দ্বারা পিচকারী দিলে পুঁয নিবারণ হইবে। লিঙ্গমধ্যে ষ্ট্রিকচার হইয়া প্রস্রাব আটক করিলে ক্যাথিটার অথবা বুজি ব্যবহার করিবে, তাহা না পাইলে সরু কচুর ডাটা দ্বারা উক্ত কার্য্য সম্পাদন করা যায়।

২। (ইঃ) স্পার্ম্যাটোরিয়া অর্থাৎ শুক্রমেহ। ইহাতে প্রায় শুক্রদোষ (পলিউসন্) হয়। ক্রমে শরীর নিতান্ত দুর্ব্বল হইয়া পড়ে, দণ্ডায়মান হইলে মস্তক ঘূর্ণায়মান হইয়া চতুর্দ্দিক শূন্য বোধ হয়, এবং হস্তপদাদি ঈষৎ কম্পমান হইতে থাকে, ক্ষণকাল পরে সুস্থ হয়। ইহাতে সলিউসন অভ্ ষ্ট্রিক্নিয়া ১ ড্রাম, ডাইলিউটেড ফস্ফরিক এসিড ২ ড্রাম কম্পাউণ্ড টিঙ্কার অভ্ জ্যানসিয়ান ৬০ আং, এসেন্স অভ্ পিপারমেণ্ট ১ ড্রাম, বোজওয়াটাব ১০ আং, একত্রে ১২ আউন্স হইবে, মাত্রা ১ আং দিবসে দুইবাব খাইতে দিবে। ঈশ্বর উপাসনা দ্বাবা চিত্ত দমন কবিতে উপদেশ দিবে। উত্তম পুষ্টিকর খাদ্য দিবে, পবিষ্কাব পবিচ্ছন্ন বাখিবে। সন্ধ্যাব পব বাহিরে বসিয়া নির্ম্মল স্নিগ্ধবায়ু সেবনে যখন শবীব শীতল ও নিদ্রাবেশ হইবে তখন শয়ন কবিতে বিধি দিবে।

স্কীন ডিজিজ অর্থাৎ চর্ম্মবোগ।

স্কেবিচ্ অর্থাৎ পাচডা।

ইহাতে প্রথমে সাবান দ্বাবা অতি উত্তমরূপে ধৌত কবিবে, সকল মামডী উঠাইয়া দিবে, পবে শুষ্কবস্ত্রে মুঞ্ছন কবিয়া ঔষধ লেপন কবিবে। যথা, গন্ধক ১ আং, সর্ষপেব তৈল ২ আং, গন্ধক ১ আং, তুতে ১ আং, চুন ১ আং, সর্ষপেব তৈল ৩ আং, কষ্টিক ১০ গ্রেণ, জল ১ আং, ক্যালমেল ১ ড্রাম, চুনেব জল ২০ আং; ইহাদেব যথানুক্রমে লাগাইবে, অর্থাৎ ১ম টী নিষ্ফল হইলে ২য় টী। ইহাব আভ্যন্তবিক প্রয়োগ যথা, গন্ধক ১ ড্রাম, কার্ব্বোনেট্ অভ্ সোডা ১ ড্রাম, একত্রে মিশ্রিত কবিয়া ৬টী পুরিয়া হইবে, মাত্রা ১ টী দিবসে ২ টী অথবা ৩টী দিবে।

গন্ধক ১ আং, ক্রিম অভ টারটার ১ আং, রাবগুড় ২ আং, শুঠিচূর্ণ ৪ ড্রাম, জল ১০ আং, মাত্রা ১ আং, দিবসে তিনবার।

সামান্য চুলকনা হইলে, প্রতিদিন সাবান দিয়া শরীর উত্তমরূপে ধৌত করিবে, প্রথমে একটী জোলাপ দিয়া ক্রিম অভ টারটার ১ ড্রাম মাত্রায় দিবসে ৩ বার খাইতে দিবে।

ক্লোয়্যাজমা (ছুলী)—প্রতিদিন উত্তমরূপে সাবান দ্বারা ধৌত করিয়া কর্‌সিব সব্‌লিমেট্‌ সলিউসন্‌ বসকর্পূর ৮ গ্রেণ, জল ১ আং, মিশ্রিত করিয়া ইহার অল্প অল্প লাগাইবে।

রিংওয়ারম অর্থাৎ দক্র উত্তমরূপে সাবান দ্বারা ধৌত করিয়া করসিব সব্‌লিমেট্‌ সলিউসন্‌।

ডাইলিউটেড নাইট্রিক এসিড, ডাইলিউটেড সলফিউরিক এসিড, কষ্টিকলোসেন, ইহাদের অন্যতম দ্বারা ধৌত করিলে জ্বলে, কিন্তু ক্রমে আরোগ্য হয়।

নাইট্রিক এসিড দ্বারা দগ্ধ করিলে বা ব্লিষ্টার দিলে অতিশয় ক্লেশ হয়, কিন্তু অলসার অর্থাৎ ঘা হয়, একবারে আরোগ্য হয়।

রিংওয়ারম অয়েণ্টমেণ্ট নানাপ্রকার আছে, তন্মধ্যে একটী লেখা গেল। যথা, গন্ধক ১ আং, হিঙ্গুল ১ আং, সোহাগা ১ আং, তুঁতিয়া ১ আং, টারপিন ১ আং, ঘৃত ৫ আং, মোট ১০ আং, ইহার অল্প অল্প লাগাইলে আরোগ্য হয়।

টাক রোগ, মস্তকের যে স্থানের চুল উঠিতে থাকে, এবং সেই স্থানে অতিশয় মসৃণ ও স্পর্শ শক্তির হ্রাস বোধ হয়। তাহার চিকিৎসা যথা।—

পুনঃ পুনঃ মস্তক মুণ্ডন করিবে, তাহাতে যদি চুল না হয়, তবে নিম্নলিখিত ঔষধ দিবে। (স্পিরিট অভ রোজমেরি ৩ আং, ষ্ট্রংলাইকর এমোনিয়া ১ আং, বাদাম তৈল ১ আং, একোয়ামেলিস

[illegible] আং) একত্র মিশাইবে, ইহার অল্প অল্প দিবসে ৬। ৭ বার টাক-স্থানে মর্দ্দন করিবে। অথ. টিঞ্চার অভ. কোস্থরাইডিস, স্পিরিট অভ রোজমেরি সমানাংশে মিশাইয়া টাক স্থানে মর্দ্দন করিবে।

ইরিথিমা অর্থাৎ আমবাত [illegible] প্রথমে জোলাপ দিবে, [illegible] যান্ত্রিক কোন পীড়া থাকে তবে তাহার পৃথক চিকি[illegible]

ইরিসিপেলাস ইনফ্লামেশন, বর্ষাকালে সামান্য [illegible] হইতে পারে। [illegible] স্থানে কষ্টিকেল বেশ লাগাইবে, [illegible] অভ আইরণ লোশেন (সেস্কেট অভ আইরণ ১ ড্রাম, জল [illegible]) ইহার দ্বারা কাপড় ভিজাইয়া লাগাইবে। আইওডাইড অভ পটাশ সিরপ মিকশ্চার খাইতে দিবে, রোগী দুর্ব্বল হইলে এই টনিক [illegible] স্থানে ফোস্কা হইয়া ঘা হয়। তাহাতে সিম্পেল [illegible] মেন্ট লাগাইবে। ইহা সংক্রামক পীড়া অতএব অতি সাবধানে পৃথক স্থানে রাখিবে এবং তাহাকে স্পর্শ করিয়া হস্তাদি ধৌত করণানন্তর অন্য রোগীকে স্পর্শ করিবে।

লিপ্রসি অর্থাৎ কুষ্ঠ বা মহাব্যাধি। ইহা চর্ম্মরোগ মধ্যে গণ্য নহে। ইহার চিকিৎসা সাধারণে অবগত হইলে, বিশেষ উপকার হইতে পারে, এই বিবেচনায় চিকিৎসা লেখা গেল। সেবনীয় ঔষধ যথা—

ডলভ্যান্স সলিউসন ৷০ আং, অইল অভ চাল মুগুরি ৷০ আং, কম্পাউণ্ড ডিককসন অভ সারসাপেরিলা ১৯ আং, মাত্রা ১ আং, দিবসে ৩। ৪ বার খাইতে দিবে। ক্ষতে কার্ব্বনিক এসিড অয়েল (কার্ব্বনিক এসিড ১ আং, মষ্টার্ড অয়েল ১৫ আং) দ্বারা ড্রেস করিবে।

যেখানে কটাবর্ণ চক্রাকার চিহ্ন হইয়াছে সেই খানে ঘৃত সিন্দুর লাগাইবে।

চাল মুগুরি তৈল সর্ব্ব শরীরে মর্দ্দন করিবে। নিমবিচির তৈল সর্ব্ব শরীরে মর্দ্দন করা যায়।

নিরামিষ, ঘৃত সৈন্ধব খাইবে, স্ত্রীসঙ্গম নিষিদ্ধ। নিত্য নিম্ব পত্র খাইবে।

নিত্য বেল (শ্রীফল) খাইতে পারিলে বিশেষ ফল লাভ হয়।

এগজ্যান্থিমেট অর্থাৎ বসন্ত-সম্বন্ধীয়।

মীজল্স অর্থাৎ হাম, চিকেন পক্স অর্থাৎ পানীবসন্ত, স্মলপক্স অর্থাৎ বসন্ত, এই ৩ টী পীড়াই সংক্রামক অর্থাৎ ছোয়াচিয়া রোগ, ইহাদিগকে অতি সাবধানে রাখিবে, ইহাদিগকে স্পর্শ করিয়া স্নান না করিলে অন্য রোগী স্পর্শ করিবে না, ইহাদের বস্ত্র কাহাকে দিবে না, অগ্নিতে জ্বালানই উত্তম ব্যবস্থা।

হাম—ইহা জীবনের মধ্যে প্রায় একবার হইয়া থাকে। সর্ব্ব শরীরে রক্তবর্ণ, পাঁচড়ার ন্যায় নির্গত হইয়া পরে কতকটা একত্রে হইয়া অর্দ্ধ চক্রাকৃতি হয়, প্রায় সাত আট দিবসে মুখ নির্গত হয়, জ্বর ও শিরঃপীড়া থাকে। মৃদু বিরেচক দিবে, কোষ্ঠ পরিষ্কার রাখিবে, এবং সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে, অধিক গরম করিলে হাম অদৃশ্য হইয়া যায়, অধিক শীতল করিলে বিপদ হয়, অতএব সাবধানে চিকিৎসা করিবে। উদরাময়, জ্বর, কাসী, যান্ত্রিক প্রদাহ হইয়া উপসর্গভাবে থাকিলে তাহাদের পৃথক চিকিৎসা করিবে।

পানীবসন্ত—ইহা জীবনের মধ্যে ২। ৩ বার হইয়া থাকে, স্বচ্ছ ও পরিষ্কার ফুস্কুড়ী সকল হটাৎ উৎপন্ন হয়, এবং ১ ম দিবস হইতে ৩ য দিবস পর্য্যন্ত যত বাহির হইবার হয়, পরে ক্রমে ৯। ১০ ম দিবসে মামড়ী উঠিয়া যায়। ইহাতে বিশেষ ভয় নাই, কোষ্ঠ খোলসা এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে।

বসন্ত—ভেকসীনেসন অর্থাৎ গোবীজে টীকা দেওন উত্তম ব্যবস্থা, ইহাতে প্রাণ হানি হয় না, আর এতদ্দেশের প্রচলিত রীতিতে টীকা দিলে প্রাণ সংশয় হইয়া থাকে। ইচ্ছা বসন্ত জীবনের মধ্যে প্রায় একবার হইয়া থাকে, অতিশয় জ্বরভাব মাথা ভারী ও বেদনা, চক্ষু আরক্তিম, এবং কটিদেশে বেদনা থাকে, তিন দিবসে বসন্ত রক্তবর্ণ ক্ষুদ্রাকারে বাহির হইয়া ক্রমে বড় মটর অপেক্ষাও বড় হয়, পাচ দিবসে বসন্তে পুঁযাবস্ত হইয়া ১১। ১২ দিবসে সুপক্ক হয়। পরে আপনা আপনি পুঁয শোষণ হইয়া যায়।

পুঁয বাহির করা উচিত নয়, ছাড়া বসন্ত মঙ্গল দায়ক, লেপা বসন্ত

। চিকিৎসা (সল্‌ফেট অভ্‌ মেগনেসিয়া ১ আং, টার্টার ২ গ্রেণ, মর্ফিয়া ২ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটর ২০ আং,) মাত্রা দিবসে ৪। ৬ বার দিবে, ইহাতে কোষ্টখোলসা ও ঘর্ম নিদ্রা হয়, লঘু আহার দিবে, পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখিবে াকে রাখিবে। সান্নিক প্রদাহ, উদরাময়, রক্তামাশয়, উপসর্গ হইলে, যথাবিধি চিকিৎসা করিবে।

রোগী দুর্ব্বল হইলে, । ইংলাইকর এমোনিয়া ২ ড্রাম, সল্‌ফিউরিক ইথর ৬ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ১৯ আং, ডিকক্‌সন্‌ অভ্‌ বার্ক আং, টিংচর্‌ক্লম্ব ১ আং, কুইনাইন ১ ড্রাম), ইহাদের অন্যতম বিবেচনা মতে দিবে, মাত্রা ১ আং, দিবসে ৪। ১২ বার পর্যন্ত দেওয়া যায়। আবশ্যক হইলে ঘন্টায় ৩। ৪ বার দিতে পারা যায়। রোগীর অবস্থাভেদে ব্যবস্থা করিবে।

বোল্‌তা, ভিমরুল, মৌমাছি, কাষ্টপিপিলিকা, বিছা, মূষিক, সামান্য সর্প, ইহাদের দংশনে যে জ্বালা উৎপন্ন হয় এবং ফোলে, (ইরিসিফেলস্‌ ইনফ্লামেসন্‌) তাহাতে কর্দ্দমবৎ চুন দ্বারা ক্ষত ও ক্ষত-পার্শ্বস্থ স্থান উত্তমরূপে লেপন করিলে, অতি ত্বরায় জ্বালা ও ফুলা, এবং বিষ নষ্ট হয়। যদি ফুলা থাকে তবে। লিউনার কষ্টিক ০ গ্রেণ জল ১ আং, ইহা তুলি করিয়া লাগাইবে। তদুপরি পুল্‌টিস দেওয়া যায়।

এই প্রদাহ সংক্রামক পীড়ামধ্যে গণ্য, অতএব প্রদাহ স্থান স্পর্শ করিয়া হস্ত ধৌতানন্তর অন্য রোগী স্পর্শ করিবে।

শৃগাল ও কুক্কুর প্রভৃতি দংশন করিলে, তৎক্ষণাৎ ক্ষতস্থানে, নাইট্রিক এসিড্‌, সলফিউরিক এসিড্‌, কষ্টিক, অগ্নি, ইহাদের অন্যতম দ্বারা দগ্ধ করিবে। ক্ষতের চারি পার্শ্বে চুন অথবা কষ্টিকলোসন্‌ লাগাইবে। যাহাতে প্রস্রাব বৃদ্ধি পায়, এমন ঔষধ দিবে, যেহেতু এই সকল বিষ কিড্‌নী অর্থাৎ মুত্রোৎপাদক যন্ত্রের ক্রিয়া ব্যতিক্রম বে। একারণ ক্যান্থারাইডিস্‌ চূর্ণ ২০ গ্রেণ, গম (গঁদ) চূর্ণ ৪০ গ্রেণ, টী বটীকা হইবে, মাত্রা ১টী, দিবসে ২ টী দিবে।

যদি রোগী হাইড্রোফোবিয়া অর্থাৎ জলাতঙ্ক পীড়ায় আক্রান্ত হয় তবে মৃগনাভি ১০ গ্রেণ, কর্পূর ১ গ্রেণ, জল ২ আং, নক্সভমিকা